DIALOGUES

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.



DIALOGUES

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

FOR THE USE OF SCHOOLS.

SECOND EDITION.

ভূগোল এক জ্যোতিষ্

इंज्यारि विषय्नक कर्णाशकथन।

भावनावात उभकातार्थ ।

কলিকাতা কুলবুক সোসাইটীর দারা দিতীয় বার ছাপা হইলু



Calcutta:

PRINTED AT THE SCHOOL-BOOK SOCIETY'S PRESS, AND SOLD AT THE DEPOSITORY, CIRCULAR ROAD.

নির্ঘণ্ট ।

1	ভ	151	1
ð	7	7	ı

পৃথিবীর সংক্ষেপ বিবরণ। পৃথিবীর আকার ও পরিমাণা-দির বিবর্ণ পৃথিবীর জল স্লের বিবরণ – স্থলের বিবরণ — চারি থতের বিবরণ 30 আসিয়া দেশের বিবরণ 12 হিন্দুস্থানের বিবরণ 20 বঙ্গ দেশের বিবরণ 20

২ ভাগ।

কলিকাতা কোর্ট ভুক্ত জেলার বিষয় ৷

—মেদনীপরের বিবরণ

জেলা হাওয়ালী সহরের বিবরণ 20 চরিশ পরগণার বিবরণ 29 জেলা যশোহরের বিবরণ -Z.Jr –ছণলীর বিবরণ २३ –নদীয়ার বিবরণ ەر -বর্দ্ধমানের বিবরণ 30 –জঙ্গল মহলের বিবরণ -೨೨ জেলা কটকের বিবরণ

৩ ভাগ ।

ঢাকা ও মুশিদাবাদ কোর্ট ভুক্ত জেলার বিষয়।

নিজ ঢাকা জেলার বিবরণ ৩৭ ঢাকা জালালপুরের বিবরণ ৩৮ জেলা ময়মনসিংহর বিবরণ ৩১

- এইটের বিবরণ 80

-বাকরগঞ্জের বিবরণ 38

—ত্রিপরার বিবর্ণ 88

-চউগামের বিবরণ 80

মূরশিদাবাদ কোর্টের বিবরণ

নিজ মুরশিদাবাদের বিবরণ জেলা রাজসাহির বিবরণ 48

—রীরভূমির বিবরণ ¢.

-ভাগলপুরের বিবরণ 65 30

-প্রণিয়ার বিবরণ -দিনাজপুরের বিবরণ 89

-র**ঙ্গ**পুরের বিবরণ CC

হিন্দুখানের নদীর বিবরণ 05

—পর্বতের বিবরণ 60

৩৪ | — বাণিজ্যের বিবরণ ৬১

নির্ঘণ্ট।

৪ ভাগ।	क्षिया (मर्गंद्र विवद्गं - ५०६
পাচীন ইতিহাসের বিবরণ।	ক্লানিয়া ইত্যাদি দেশের
***	বিবর্ণ ১০৪
হিন্দু স্থানের প্রাচীন ই ডিহাস ৬৬	আফিকার বিবরণ - ১০৬
মহম্মদ সুলতানের আগমনের	बार्प्यातकात विवत्न - ১১১
विवत्रणे - ७१	-00
তৈম্র বেগের হিন্মুস্থানে	৬ ভাগ।
আগমনবিবরণ - ৬১	
আওর জেব বাদদাহের	জ্যেতিষের বিস্তারিত কথা।
विवत्न - १०	मूर्या ও जनमामित विवत्न ५२५
ভারত বর্ষে ইউরপ লোকের	ঋত্র বিষয় ১২৮
আগমন ৭২	ধুমকৈত্র বিষয় - ১২১
হিন্দু স্থানের উত্তর পূর্ব দেশের	রাশিচক্রের বিষয় - ১৩১
विवद्रं ११	তারার বিষয় ১৩১
হিন্দুখানের পশ্চিম দেশের	গৃহণের বিষয় - ১৩২
বিবরণ ৮১	চন্দ্রের বিষয় ১৩৩
আসিয়ার উপদ্বীপের বিবরণ ৮৫	জোয়ার ভাটার বিষয় - ১৩৪
	বিদ্যুৎ ও বজুপাতের
	विवत्रन ১৩৫
৫ ভাগ।	উল্ফাপতনাদির বিবর্ণ - ১৩৮
ইউরপ ওআফুকা ওআমে-	মেঘধন্কের বিবরণ - ১৪১
	युनीवायुत्र विवत्न - ১৪१
রিকা পৃথিবার এই তিন	স্ফিকতার আশ্রহ্য গুণের
ভাগের বৃত্তান্ত ৷	विवर्तन >80
ইউরপের বিবরণ - ৮৯.	চুম্বক পাতর আর কোমা-
_	শের বিবরণ - ১৪৭
रे॰नछ (मर्म्य विवयन - २०	जीशांकार्यात जित्रत्व - १८५
THE PERSON SAN	1 55 TP(TAT VITA TAX X A)



ভূগোল এবং জ্যোতিষ ইত্যাদি বিষয়ক

কথোপকথন।

~⊕\$\$

১ পুথম ভাগ ৷



३ भारत ।

পৃথিবীর আকার এবং পরিমাণের বিবরণ।

নিত্যানন্দ প্রমানন্দকে সম্বোধন করিয়া বলিতেছেন, ও ছে ভাই প্রমানন্দ, এই পৃথিবীর বিবরণ তোমার ঠাই কিছু স্থানিতে বাস্তু করি, যদি বলিতে পার, তবে অনুগৃহ করিয়া ক্রমেথ আমাকে বুঝাইয়া দেও। ইহার মধ্যে আগে এই জিজ্ঞাসা করি, যে পৃথিবীর আকার কেমন?

পরমানদ বনিতেছেন, তবে শুন, পৃথিবীর আকার গোল, কিন্তু সর্বতোভাবে গোল নয়, ফলতঃ উত্তর দক্ষিণাংশ কিঞ্ছিৎ চাপা আছে, তাহার একটা দ্যীন্ত স্থল বাতাবি লেবু; যেমন তাহার বোঁটার নিকট ও নীচে কিঞ্ছিৎ নিমু থাকে, পৃথিবীর আকার ও তেমনি জানিবা।

নিত্যানন্দ। তাল, পৃথিবীর আকার যে গোল ইহার পুমাণ কি? পরমানন্দ। বলি শুন, তিন.শত বংসর গত হইল, স্নেন দেশহইতে মাগেল্লান নামে এক সাহেব জাহাজ খুলিয়া ক্রমে পূর্ব মুখেই চলিয়া গিয়াছিলেন, এই রূপে চলিতে২ ১১২৪ এগার শত চরিশ দিনে ঐ জাহাজ পৃথিবী শ্বেষ্টন করিয়া পাররি স্বদেশে আসিয়াছিল। তাহার পর ইংরাজ লোকেরা ও অনাং ইউরপীয় অনেকে, কেছ বা পূর্ব মুখে কেছ বা পশ্চিম মুখে, অনবরত জাহাজ চালাইয়া পৃথিবীকে বেল্কন করিয়া আসিতেছে। আর ৬০ ষাইট বংসর হইল মহাখাতালার কাপ্তেন কুক্সাহেব দুই তিন বার পৃথিবীমণ্ডল বেন্ধন করিয়াছিলেন। এইক্লণে পৃথিবীমণ্ডল ঘুরিয়া আসা এমন সুগম হইন্যাছে, যে বাণিজ্যের জাহাজ ১ মাসের মধ্যে পৃথিবীফণ এক বার বেন্ধন করিয়া আসিতেছে। অতএব পৃথিবী যদি গোল না হইত, তবে জাহাজ না ফিরাইলে লোকেরা কোন পুকারে হদেশে আসিতে পারিত না।

ছিতীয় প্রমাণ, সমুজের মধ্যে অতিদূরহইতে যথন কোন জা-হাজ নিকট আইদে তথন লোকেরা প্রথমে জাহাজের সর্বিয়ব দেখিতে না পাইয়া কেবল মাস্তুলের আগা দেখিতে পায়, তাহার পর যত নিকটে আদিতে থাকে ততই ক্রমেং ভাহাজের তলা পর্যান্ত দেখিতে পায়; এবং জাহাজের লোকের।ও যথুন তীর-হইতে অতিদূরে থাকে, তথান প্রথমে কেবল তীরের উচ্চ ভূমি দেখিতে পায়, ক্রমেতে যত নিকটকর্ত্তী হইতে থাকে তত্তই গাছ পালা ও ঘর দার এবং মৃত্তিকা পর্যান্ত সমস্ত দেখিতে পায়। আর যেমন সমুদ্রকে গোল দেখা যায়, পৃথিবীকে তেমন গোল দেখা যায় না; তাহার কারণ এই, যে পৃথিবীর উপরে গাছ পালা পার্ত ইত্যাদি অনেক ব্যবধান আছে, এই সকল গোল দর্শনের পুতিবল্বক, ঐ পুতিবন্ধক না থাকিলে পৃথিপীর আকৃতি যে গোল ইহা অনায়ানে দেখা যাইত। ইহার সাক্ষী দেখ; উত্তর অঞ্লে তাতার নামে এক দেশ আছে, তাহাতে গাছ পালা পর্বতাদি নাই, দেখানে অভিদূরে এক বাক্তিকে অন্য ব্যক্তির দেখিতে হইলে পুথমে তাহার মন্তক দেখিতে পায়, পশ্চাৎ যত

নিকটবর্ত্তী হইতে থাকে ক্রমেথ ততই স্কন্ধ বুক এবং পা পর্যান্ত দেখিতে পায়; এই অনুভবেও জানা যায়, যে পৃথিবী গোল।

তৃতীয়, পৃথিবী যে গোল ইহার আরও একটা প্রমাণ দেই, শ্বন।
গতি বিশেংষতে পৃথিবী যথন চক্র সূর্য্যের মধ্যখানে অবছিতি
করে, তথন পৃথিবীর ছায়া গোলাকারে চক্রে লাগে, তাহাতে
চক্রগুহণ হয়; বিবেচনা করিয়া দেখ, পৃথিবীর আকার যদি গোল
না হইত, তবে ঐ ছায়া গোলভাবে পড়িত না। আর পর্যত
ইত্যাদিকে উচ্চ দেখিয়া এবং জল জদাদিকে নীত দেখিয়া যদি
কেহ কহে, যে পৃথিবী গোল নহে, তাহার উত্তর এই, বাতাবী
লেবুর গায়েতে কিঞ্জিং উচ্চ নীচ থাকিলেও যেমন তাহাকে গোল
বলে, তেমনি পৃথিবীতে পর্বতাদি থাকিলেও গোল বলিতে হয়;
ইহার প্রমাণ এই। দেখ, পৃথিবীতে যত পর্যত অতে তাহার মধ্যে
হিমালয়হইতে কোন পর্যত উচ্চ নহে, ঐ হিমালয়ের উচ্চতার
পরিমাণ ও পাঁচ কোশ, কিন্তু পৃথিবীর বিস্তার ৭০০০ সাত সহসু
কোশ, তদপেক্রায় ঐ পর্যত ১৪০০ চৌদ শত গুণ ছোট।

চতুর্থ, এতদেশীয় প্রধানং জ্যোতির্ন্ন বুক্সসিদ্ধান্ত ও সূর্যাসিদ্ধান্ত ও সিদ্ধান্তশিরোমনি এই সকল গুদ্ধে কহিয়াছেন, যে পৃথিবী কদম পৃষ্ণোর মত গোলাক্তি; এ কথা ইউরপীয় জ্যোতিরে-তাদের গুদ্ধের কথার সঙ্গেও মিলে, এবং প্রতাক্ষ প্রমাণ সিদ্ধও বটে, যে হেতুক এ সকল গুদ্ধ পাঠেতে জ্যোতির্ন্তোরা গুহণ ইত্যাদি দ্বির করিয়া আকাশে যাহাং হইবে, তাহা আগে পঞ্জিরাতে লিথিয়া প্রতাক্ষে ফল প্রকাশ করেন; অভএব বুঝা যায়, যে পৃথিবীর আকার গোল বিনা অন্য প্রকার নয়।

নিত্যানদ। ও হে, সে এমনিই বটে, তাহা বিলক্ষণ বুঝিলাম, এইক্ষণে জিজ্ঞাসা করি, যে পৃথিবীর পরিমাণ কত? পরমানদ। ভাল, তাহাও বলি শ্বন, পৃথিবীর বেস্টন ২১৮৭৫ কোশ, ও তাহার বিষ্কার ৭০০০ কোশ। কোন গোলাকার বস্তুর বিষ্কার যত বড় হয় তাহার তিন গুণের কিঞ্চিৎ অপিক তাহার বেস্টন অর্থাৎ বেড় হয়; সেই প্রমাণে ভূগোলের বিষ্কার ৭০০০ কোশ হইলে ভাহার বেড় ত্রিগুণ হইতে কিছু অধিক ২১৮৭৫ কোশ পরিমাণ করা গিয়াছে। পূর্বে লেখা গিয়াছে, যে গৃথিনী গোল বটে, কিন্তু উত্তর দক্ষিণাশো কিছু চাপা আছে, কেননা উত্তরাংশ অবধি দক্ষিণাশা পর্যান্ত যে বিষ্কার তদপেক্ষায় পূর্বাণ্শ্যবিধি পশ্চিমাণ্শ পর্যান্ত যে বিষ্কার সে ২০ ক্রোশ বড়, যে হেতৃক্ উত্তর দক্ষিণের বিষ্কার ৬৮৭৫ কোশ, পূর্ব পশ্চিমের বিষ্কার ৬৮৯৮ কোশ। ইউরপীয় রাজারা ইহার পরিমাণ জানিবার নিমিতেরণনার ফল মিলাইতে বড়ং বিজ্ঞ লোককে অনাং পুদেশের পণ্ডিতদের কাছে পাচাইয়ছিলেন, ভাহারা ঐক্য হইয়া গণিয়া এই ফল বির করিয়াছেন।

নিত্যাননা । ও হে ভাই, জগতের আকার ও পরিমাণের বিষয় যে বলিলা ভাহা শ্বনিয়া তুট্ট হইলাম, এব° সে সকল সপুমাণ বটে ভাহাও জানিলাম। ভালং ইহাতে ভোমার আর কোন কথা আছে কি না?

পরমানদ। না হে, ইহাতে আর এমন অধিক কথা কিছু
নাই, কেবল এই মাত্র একটি কথা। আছে, যে ঈশ্বরের কি প্রকার
অসীম গুণ তাহা যেন মনে করি, কেন না যাহাতে অনায়াসে শুতু
ভেদ ও দিবা রাত্রি ভেদ হইতেছে, তিনি যে এপ্রকার পৃথিবীকে
গোলাকার ক্রিয়া শ্নো রাথিয়াছেন, এমন কি আর কাহারও
বৃদ্ধিতে উপস্থিত হয়।

কাদের পড়ুয়াদের পাঠ পড়া সমাপ্ত হইলে কি প্রকারে অর্থ জিজ্ঞাস। করিতে হয় তাহার এক দৃষ্টান্ত।

জিজ্ঞাসা। এই যে পাঠ পড়া গেল এ কোন বিষয় ?

•উ॰। পৃথিবীর আকার ও পরিমাণের বিষয়।

জি°। পৃথিবীর আকার কেমন?

উ০। তাহার আকার গোল।

জি॰। ভাল পৃথিবী যে গোল ইহার প্রমাণ কি?

উ॰। প্রমাণ এই, যে নাবিকেরা এক মুখে জাহাজ চালাইয়া পৃথিবী বেইন করিয়া আদিতেছে।

জি॰। অন্য প্রমাণ কিছু বলিতে পার

উ । হা, তাহার আর এক প্রমাণ এই, যে যথন জাহাজ আনিতে থাকে তথন প্রথমে দূরংইতে তাহার সকল অবয়ব দেখা না গিয়া আগে মাস্তলের আগা মাত্র দেখা যায়; ক্রমেতে যত চলিয়া আসিতে থাকে ততই সকল অবয়ব দেখা যায়।

জি'। তৃতীয় প্রমাণ কিছু দিতে পার?

উ॰। ত্তীয় প্রমাণ এই, যে পৃথিবীর ছায়া যথন চত্রে লাগে তথ্ন ঐ ছায়ার আকার গোল দেখা যায়।

জি°। পৃথিবীর গোলাকারের চতুর্থ আর কোন প্রমাণ আছে !

উ । হাঁ, তাহাও বলি ওন। চতুর্থ মাণ এই, যে জ্যোতি-বেঁত্তারা লিখেন যে পৃথিবীর আকার গোল, এব ঐ গোলাকার ধরিয়া গণনাক্রমে তাঁহারা গুহণ ইত্যাদি যে লিখেন সে তেমনি ঘটে।

२ शार्छ।

शृथिवीत जल इलात विवत्न।

নিত্যানদ। তুমি যে উপদেশ দিতেছ তাহা যথার্থ মানিলাম, এখন এই পৃথিবী জল স্থলময় ইহা প্রত্যক্ষ দেখিতেছি, অতএব এ দুইয়ের কিছু বিশেষ বিবরণ তোমার চাঁই ভানতে বাঞ্চা করি।

পরমানদ। তবে শ্বন ভাই, সৃষ্টিকর্ত্তার বুদ্ধির প্রভাবে হলের ভাগ অপেক্ষা জলের ভাগ অধিক; ফলতঃ পৃথিবীর হুল জল ভাগ করিতে গেলে, দুই ভাগ জল, আর এক ভাগ হুল পাওয়া যায়। ইহার মধ্যে পুথমে জলের বিশেষ বিবরণ বলি শুন। জলাশয় সকলের এই সকল বিশেষং নাম আছে; মহাসাগর, সাগর, উপ-সাগর, অথাত, জদ, মোহানা, নদা, ইত্যাদি।

নিত্যানন্দ। ভাল ভাই, মহাসাগর কাহাকে বলে ভাহা বল দেখি।
পরমানন্দ। যে সাগরেতে পৃথিবী মণ্ডল বেন্ডিত আছে তাহাকে মহাসাগর বলে। ঐ মহাসাগর তিনটা আছে, ইংরাজী ভাষাতে ক্রমে তিনের নাম, আটুাণ্টিক ও পাসিফিক ও হিন্দী বলে।
আটুাণ্টিক মহাসাগর হিন্দুছানের পশ্চিম দিকে, তাহার পরিসর ৩০০০ কোশ। পাসিফিক মহাসাগর হিন্দুছানের পূর্ব দিকে,
সে অনাং মহাসাগর অপেক্ষায় এমনি বড়, যে সে প্রায় পৃথিবী
মণ্ডলের অর্জেক ভাগ যুড়িয়া আছে। হিন্দী অর্থাৎ ভারত বর্ষীর
মহাসাগর সে ভারতবর্ষের দক্ষিণাংশ আছে, কিন্তু আর দুই
মহাসাগর অপেক্ষায় এ মহাসাগর ছোট।

নিত্যার্মন । তেবে এইক্ষণে সাগরের বিবরণ বল স্থনি? পরমানন । বলি স্থন, মহাসাগরের সঙ্গে যাহার প্রবল প্রবাহ আছে ও যে প্রায় স্থলেতে ঘেরা তাছার নাম সাগর; ঐসাগর কিছু ছোট হইলে তাহাকে উপসাগর বলে; এতন্তির আরও অতি বছং যে দ্রন্দ সকল আছে তাহাকেও সাগর বলা যায়। আসিয়ার মধ্যে সেই প্রকার তিন সাগর আছে, ইণ্রাজী ভাষায় ঐ তিনের নাম এই২, কাল্লিয়েন্, এবং আরাল, ও বাইকাল। এই কাল্লিয়েন্ সাগর হিন্দুস্থানের উত্তর পশ্চিমাংশা আছে, সে লম্বায় ৩০০ কোশা, এবং চৌড়ায় কোন থানে ৮০ কোশের কম নয়, এবং ১৬০ কোশের অধিক নয়, তাহার সঙ্গে অনেক নদনদীর মিলন আছে। এই কাল্লিয়েন্ সাগরের পূর্বিকে ১০০ কোশান্তে আরাল সাগর, সে দীর্ঘেহ্ত কোশা, এবং চৌড়া ৬০ কোশা, ইহাতে অনেক নদী আসিয়া মিলিয়াছে। বাইকাল সাগর শিবির দেশে আছে, সে লম্বা ৩০০ কোশা, চৌড়া ৩২ কোশের অধিক নয়।

নিত্যানন। ভাল, এ সকল সমূত্রের জল কি প্রকার ?

পরমানন। সমুদ্রের জল এমনি লোগা, যে এক সের জল ছাল দিলে আধপোয়া লবণ পাওয়া যায়।

নিত্যানন্দ। ভাল ; একটা কথা জিজ্ঞাসা করি, সাগরের জল যে লোগা ইহাতে কি উপকার হয় ?

পরমানদ। ইহাতে অনেকং উপকার দর্শে, যদি সাগরের জল এমন লোণা না হইত তবে অন্ধ পুষুরিপীর জলের মত সকল জলই পচিয়া দুর্গন্ধ হইত, আর জলের যত মৎস্য তাহা অতি শীখু মরিয়া যাইত। আর লোণা জলে অধিক ভার সহে, অর্থাৎ লোণা জলেতে একথানি নৌকার ডালি সমান বোঝাই দিলে সেনৌকা স্বচ্ছদে চলি-তে পারে, কিন্তু মিচানি জলে তেমন করিয়া লইয়া যাইতে হইলে দশ হাত না যাইতেং অমনি হচাৎ ভূবিয়া পড়ে; কেননা মিচানি জল তরল এ জন্যে বড় ভারু সহিতে পারে না; ইহার এই একটা প্রতাক্ষ প্রমাণ বলি শুন, যে মিচানি জলে কোন একটা পক্ষির ডিম্ব ফেলিয়া দেশ, অমনি শীঘু ডুবিয়া যাইবে, আর সেই জলেতে থানিক লবণ মিশাইয়া সেই ডিম্ব ফেলিয়া দেখ, কথন ডুবিবে না, ডাসিবে।

নিত্যানন্দ। ভাল, পৃথিবী মণ্ডলের যে এত ভাগ জল ইহাতেইবা কি উপকার? তাহা আমাকে বুঝাইয়া দেও।

পরমানদ। ইহাতে উপকার এই, তাহারি কতক জল সূর্যা তেজে উর্দ্ধ আকৃষ্ট হইয়া মেঘের সৃষ্টি হয়, সেই মেঘ বায়ুতে চালন করিয়া নিয়া নানা স্থানে ফেলে, তাহাতে সর্ব দেশে বৃষ্টি হয়। আর যথন বাতাসে মেঘ উড়াইয়া লইয়া যায়, তথন পর্বত সকল উচ্চ এই জন্যে মেঘ গিয়া তাহাতে বদ্ধ হয়; সেই নিমিত্তে পর্বত বৃষ্টি অধিক হয়, ও শিশির অধিক পড়ে। সেই বৃষ্টির জলেতে পর্বতহতৈ নদী বাহির হয়, জনেতে নদী সকলের বৃদ্ধি হওয়াতে খাল সকল প্রিয়া উঠে, তাহাতে জীব সকলের উপকারের সীমা নাই। আরও দেখ, সাগরের উপর দিয়া যাতায়াত থাকাতে অশেষ বিশেষে সকল দেশের বৃত্তান্ত জানা যায়, ও তাহাতে নানা বাণিজ্য চলে। এ ব্লপ অনেক প্রকারে লোকদের অনেকং উপকার হয়।

নিত্যানন্দ। ও হে ভাই, তুমি যেপুকার বুকাইল। ইহাতে চরি-তার্থ হইলাম। আর পূর্বে যে আমার যথেষ্ট অবিবেচনা ছিল তাহাও মাতায় করিয়া মানিয়া লইলাম। আহা! ইশ্বরের বুদ্ধিতে আর মানুষের বৃদ্ধিতে যে কত তন্তর তাহাও এখন বুকিতে পারি-লাম। এখন জিজ্ঞানা করি, অখাত কাহাকে বলে?

পরমীনন্দ্র মহাসাগরহইতে নির্গত এবং প্রায় উপসাগরের সমান, আর তাহার মৃথ ও বড় ফলাও, এমন যে কোন প্রবল থাল বিষেশ তাহাকে অথাত বলে। ভারতবর্ষে যেই অথাত আছে তাহার মধ্যে বাঙ্গলার অথাত প্রধান, সে দক্ষিণ উত্তরে লহা সহসু ক্রোশ, এবং পূর্ব পশ্চিমে চৌড়া কোনথানে বার শত ক্রোশ। হিন্দী মহাসাগরের সঙ্গে তাহার সংযোগ আছে। ঐ অথাত দিয়া সকল জাহাজ কলিকাতায় যাতায়াত করে, আর যে সকল জাহাজ চীন দেশে যায় তাহারা ঐ অথাত ছাড়িয়া বাম দিকে পূর্ব মূথে যায়। ঐ অথাত হিন্দু শ্বানের দক্ষিণ পশ্চিম সীমা; তাহার উত্তরে বঙ্গ দেশ এবং পশ্চিমে মান্দরাজ, দক্ষিণ পশ্চিম কোণে লঙ্কা দ্বীপ; আর গঙ্গা, বুক্সপুত্র, গোদাবরী, কৃষ্বা, ও অনাই অনেক ক্ষুত্রন্দ আরিয়া ঐ অথাতে পড়ে।

निजानम्। जान, जत्व अहेक्रान कामत्र विषय यन, स्नि।

পরমানদ। যে জল চতুর্দিকে স্থলেতে হেরা এবং যাহার দঙ্গে সমুদ্রের যোগ না থাকে, তাহাকে জদ বলে; সে সরোবরের মত, কিন্তু মানুষের কাটা নয়। উত্তর আমেরিকাতে, বড়ং অনেক জদ আছে; তাহার মধ্যে সূপীরিয়র নামে প্রধান এক জদ আছে; তাহাকে একবার বেউন করিয়া আসিতে হইলে ১৪০০ কোশ যুরিয়া আসিতে হয়। এবং তাহার সঙ্গে আরও দুই জদ প্রায় সংলগ্ন আছে; সে দুই জদও সামান্য নয়, প্রায় ঐ সূপীরিয়র জদের সমান। তথাতে এই তিনটা ছাড়া আরও দুইটা জদ আছে; তাহার মধ্যে একের নাম অন্তেরিও, অন্যের নাম হরণ আছে; তাহার মধ্যে একের নাম অন্তেরিও, অন্যের নাম হরণ জার কুই জদের উত্তর অঞ্চলে ইংরাজের অধিকার, দক্ষিণ মারাকার অধিকার। জদ মানুষের পক্ষে বড় উপকারক; কারণ হিম প্রধানক দেশে জদে উপর দিয়া ধুমাকার যে বাল্প নির্নত হয় সে কিছু উন্ব, তাহার উপ্রভাতে হিমের কিছু কাস হয়, এবং গ্রীয়া প্রধানক দেশে তাহার উপর দিয়া যে বাল্প উচে তাহাতে মেহু জিয়া বৃষ্টি বর্ষণ করে, সেই বৃষ্টিতে যথেষ্ট শস্য জন্মে।

নিত্যানন্দ। মোহানা কাহাকে বলে ?

পরমানদ। পরিদরেতে কিছু থাট এবং যাহার ছারা এক
সাগর অন্য সাগরের সলে মিলে, তাহাকে মোহানা বলে। যে
মোহানার ব্যবধানেতে আশিয়া ও আমেরিকা তিরং হইয়া আছে
সে বড় আশ্র্যা; কেননা আশিয়া ও আমেরিকাতে দক্ষিণ অঞ্লে
১৭০০০ ক্রোশ অন্তর, আরবার ঐ মোহানার কোন থানে এমন
যে ঐ দৃই দেশেতে কেবল ৩৪ ক্রোশ অন্তরে; ইহার কারণ এই,
আমেরিকা দেশ পর্বহৃতিত আর আশিয়া দেশ পশ্চিমহইতে
ক্রমেতে উত্তরে বেঁকিয়া গিয়াছে। ই রাজী ১৭ ২৮ শালে দিনামার্ক দেশের বেরিং সাহেব প্রথমে ইহা জাত হইয়াছিলেন, কিন্তু
কাপ্তেন কুক্ সাহেব থাবে সেথানে না গিয়াছিলেন, তাবৎ
সেথানকার বিষয় কেহ কিছু দ্বির করিতে পারেন নাই; ৫০
বৎসর হইল ঐ কাপ্তেন কুক্ সাহেব অনেক অনুসন্ধান করিয়া
ঐ মোহানার স্বিশেষ তাবৎ বৃত্তান্ত অবগত হইয়া তাহার নাম
বেরিং মোহানা রাধিয়াছেন।

নিত্যানন্দ। তাল, মোহানার বৃত্তান্ত শুনিলাম, এইক্ষণে নদীর বিবরণ কিছুং প্রকাশ করিয়া বল।

পরমানদ। তবে তাহাও কিছু খন। যে সোতের জল কোনো দেশহুতে আসিয়া হদে কিয়া সমুদ্রে পড়ে, তাহার নাম নদী; আর যে জল ঐ নদীতে আসিয়া লয় পায় তাহাকে বলে উপনদী। আসিয়া দেশের মধ্যে এই সকল প্রধান নদী; চীন দেশে কিয়াঙ্গু ও হোয়ানহো; আর তাতার দেশে লীনা, ও যেনিসা, ও অব, এ সকল নদী গঙ্গা ও বৃদ্ধপুত্রহুইতে বড়। আমেরিকাতেও আর চারিট। প্রধান নদী আছে; সে কএকটাই প্রায় এক চাইহুইতে বাহির হুইয়াছে; এবং ঐ সকল নদীর মধ্যে কোন নদী এমন নাই যে ১৮০০ কোশ লয়া নয়; কিন্তু আমাজন নামে যে নদী সে সর্বাক্ষিপায় প্রধান, কেননা যেথানহুইতে বাহির হুইয়াছে সেথানহুইতে বাহির হুইয়াছে সেথানহুইতে বিয়া মহাসাগরে মিলিয়াছে, সে ২১০০ কোশ।

৩ পাঠ। পৃথিবীর স্থলের বিবরণ।

নিত্যানন্দ। ওছে ভাই, সাগর ইত্যাদি জলের বিবরণ কথা শ্রনি-য়া পরম তৃষ্ট হইলাম, এই ক্ষণে স্থলের বিষয় কিছু বল, শ্রনি।

পরমানন। তবে বলি শ্বন, তাহার বিশেষং নাম এইং, মহা-দ্বীপ, দ্বীপ, প্রায়দ্বীপ, ইত্যাদি।

নিতা।নন্দ। মহাছীপ কাহাকে বলে?

পরমানদ। যে ত্লেতে অনেকং দেশ থাকে, এবং মধ্যথানে
সমৃদু ব্যবধান না থাকে, তাহার নাম মহাদ্যাপ। এই পৃথিবী
মণ্ডলেতে দুই মহাদ্যাপ আছে; তাহার একের নাম প্রাতন মহাদ্যাপ, ও দিতায়ের নাম নৃতন মহাদ্যাপ; ইহার মধ্যে পুরাতন
মহাদ্যাপে ইউরপ ও আশিয়া ও আফুকা এই তিন থণ্ড আছে,
আর নৃতন মহাদ্যাপে কেবল আমেরিকা দেশ আছে।

নিত্যানন্দ। ভাল, ঐ যে দুইটা মহাছীপের বিবরণ বলিলেন, ইহার মধ্যে পুরাতন ও নৃত্ন এমন বিশেষ নাম কেন?

পরমানদ। ইহার কারণ শ্বন, ঐ প্রথম মহাদীপস্থ লোকলেরই পূর্বাপর পরস্কর জানা শুনা ছিল, এবং ব্যবসায় বানিজ্য
চলিত, অতএব সে দীপ পূরাতন হইয়াছে। আর দিতীয় মহাদীপের নাম যে নৃতন মহাদীপ, তাহার বীজ এই; ইংরাজী ১৪৯২
সালে জিনোআ দেশের কলম্বন নামে ইউরপীয় এক ব্যক্তি অনুমানদারা দ্বির করিয়া প্রথমে ঐ মহাদীপের সন্ধান প্রকাশ করিয়াছিলেন; কিন্তু ইহার পূর্বে সে দীপ কেহ দেখে নাই, এবং
জানিত না, সূত্রাণ তদ্দীপত্ব লোকদের সঙ্গে বানিজ্যাদিও ছিল
না, এই জন্যে ঐ দীপের নাম নৃতন মহাদীপ হইল।

নিত্যানন্দ। তবে দ্বীপ কাহাকে বলা যাইবে?

পরমানন্দ। পৃথিবীর যে স্থলভাগ চারিদিকে জলেতে বেফিড আছে, তাহার নাম দীপ; যেমন ই'লণ্ড ও লঙ্কা ইত্যাদি; এমত ছাড়া আর যে সকল ছোটং দ্বীপ আছে তাহাকে উপদ্বীপ বলে। জগত্সৃষ্টি সময়ে কতগুলি দ্বীপ ও উপদ্বীপের সৃষ্টি হইয়াছিল; কিন্ত তাহার পরও মহাদাগরেতে ভূমি কয়দারা অল্প এব° কাট ছারা অনেক উপদ্বাপের সৃষ্টি হইয়াছে; সেই যে কটি গুলি দেখি-তে অতি ক্ষুত্রথ কিন্তু তাহাদের শক্তির বিষয় আর কি বলিব? সমুদ্রের মধ্যে থাকিয়া জলের নীচে অবধি আরম্ভ করিয়া উপরে যতদূর পর্যান্ত জল পায় ততদূর পর্যান্ত পর্বতাকার উচ্চ টিবি করি-য়া তোলে, তাহার পর যথন আর উপরে জল না পায়, তথন ঐ টিবিকে বিস্তারিত করিতে থাকে। 🗳 কটি যে টিবি বানায় তাহার গড়ন চিক যেন ফুল বাণীচার ন্যায় লোকদের দৃষ্টি গোচর হয়; আর ক্রমেন্ডে পাতরের ন্যায় শক্ত হইয়া উচিতে থাকে, ভাছার নাম লোকে করাল বলে। ঐ চিবি জলের সঙ্গে সমান হইয়াউচিলে সমুদ্রচর পক্ষি সকল গিয়া তাহার উপরে বদে, এব[°] মলত্যাগ করে; সেই মলের সঙ্গে নানা জাতীয় ফলের বীজ পড়ে, সেই বীজেতে ঐ স্থানে নানা বিধ গাছ জন্মে; ঐ সকল গাছ বড় হইয়া আরবার তাহার অনেকং বাজ পড়িয়া ক্রমেতে যথেষ্ট গাছ পালা হইয়া উচে, এই রূপে গাছেতে ঐ দ্বীপ পরিপূর্ণ হইয়া উঠে। পাৰিফিক্ নামে মহাসমূদ মধ্যে যেং উপদীপ আছে, সে मकल श्राय थे कीटिंट निर्माण इहेग्राटि।

নিজানিদ্দ ওহে ভাই, তুমি যে কথা বলিলা ভাহা শ্বনিয়া বড় আশ্চর্যা বোধ হইল, আহা দীখরের কর্ম কিবা চমৎকার; দেধ নেথি, লক্ষ্ম মানুষের যে কর্ম করিবার শক্তি নাই, কডক গুলি কাটেতে সে কর্ম করে, এ কি আশ্চর্য্য ব্যাপার! ভাল,তবে আর এক টা কথা জিজ্ঞাসা করি, প্রায়দ্বীপ কাছাকে বলে?

পরমানন। যে দ্বীপ জলেতে প্রায় বেষ্টিত থাকে, কিন্তু মছাদ্বীপ কিন্তা দ্বীপের সঙ্গে কিঞ্চিৎ অংশে সংযুক্ত থাকে, তাহার
নাম প্রায়দ্বীপ। ভারতবর্ষের মধ্যে কেবল একটা বড় প্রায়দ্বীপ
আছে, তাহার নাম মালাকা প্রায়দ্বীপ; সেথানে মালাকা নামে
একটা প্রধান নগর আছে।

নিত্যানন্দ। ভাল ভাই, পৃথিবীর আরও যদি কোন ভাগের বিষয় থাকে, তবে অনুগৃহ পূর্বক তাহাও বিশেষ করিয়া বলিতে আজা হউক।

পরমানদ। আরও আছে, বলিতেছি, দ্বির হইয়া স্তন। মহাদ্বীপাদিহইতে বাহির হইয়া যে ভূমিগণ্ড সমুজাদির মধ্যে বহুদ্র পর্যান্ত
নিয়াছে, এবং ক্রমেং ক্রম পরিসর হইয়া আছে, ভাহার নাম অন্ত
রীপ। যেমন হিন্দু স্থানের দক্ষিণে কুমারিকা অন্তরীপ, যাহার নাম
কুমারিকা গণ্ড। পৃথিবীতে যত অন্তরীপ আছে, ভাহার মধ্যে বাঙ্গালার পশ্চিম আফুকা দেশে অতি পুসিদ্ধ একটা অন্তরীপ আছে,
ইপ্রান্ধী ভাষায় যাহাকে কেপ্বলে। এই যত জাহাজ আইসে দেথিতে পাত্ত, সে সকল ও অন্তরীপ ঘূচিয়া ইংগ্লণ্ডইতে বাঙ্গালার
আইসে। পূর্বে ইউরপীয় নাবিকেরা ও অন্তরীপের পথ জ্ঞাত না
হত্তয়াতে পারশ্ব ও আরুব সানার বাহিয়া আনমন করিয়া
আসিয়া, দেশস্থ লোকদের সঙ্গে বাণিজ্যাদি করিত; কিন্ত ৩৩০
বংসর হইল, প্রথমে পোর্কুনীশেরা ভাহার সন্ধান বাহির কুরিয়াছিল; তদনন্তর ভাবং ইউরপীয়েরাই জানিতে পাইনেন, এবং ঐ
পথ্যে ঘাভারাত করিতে লাগিলেন।

নিত্যানন্দ। এ গুলা ছাড়া আর ভূমিথণ্ড বিশেষ আছে?

পরমানন্দ। আছে, তাহার একটার বিবরণ বলি, শুন। জাঙ্গা-লের নাায় অল্ল পরিসর ভূথতের দুই দ্বীপের দুই মুড়া যদি সম্বৃক্ত থাকে, তবে সেই জাঙ্গালের ন্যায় ভূমিথগুকে ডমরুমধ্য বলে। যে মহাদ্বীপে ইউরপ ও আসিয়া দেশ আছে, সেই মহাধীপেতে আফুকা দেশও আছে, কিন্ত ইহাদের মধ্যথানে আফিকার মিলন করায়, এমন একটা ডমরুমধা আছে, এই হেতৃক ঐ তিন দেশকে এক মহাদাপে গণা যায়। যদি ঐ ডমরু-মধ্য না থাকিত, তবে আফি্কা ভিন্ন এক মহাদ্বীপ হইত; কারণ আফুিকার আর চারিণিক্সমূত্রে বেফিড আছে। ঐ ডমরুমধা কেবল পঞ্চাশ ক্রোশ পরিসর, এব' সে ইউরপ ও আফ্রিকার মধ্য-স্থিত সাগরহইতে আরব সাগরকে পৃথক্ করিয়। রাথিয়া-ছে; ঐ ডমরুমধ্যকে কাটিয়া ঐ দৃই সাগরকে একত করিবার জন্যে অনেকে চেষ্টা করিয়াছিল, এক মিসর দেশের এক রাজার আজাতে এক লক্ষ লোক আদিয়া ঐ স্থান কাটিতে আরম্ভ করিয়া কাটিতেং মরিয়া গিয়াছে। যদি ঐ ডমরুমধাটা কাটা যাইত, তবে অনেকের অতি সুগম হইড; বোধ হয় ওটা কাটা যায় না, কেননা দে বালুকাময় ভূমি; যত দূর কাটিয়া প্রস্তুত করে বাডাসে বালি উড়িয়া পুনর্বার অতিশীলু তত দ্র পূরিয়া উঠে।

8 शार्थ।

পৃথিবীর চারি খণ্ডের বিবরণ।

নিত্যানন্দ। ওহে ভাই পরমানন্দ, এইক্ষণে ভোমাকে এই জিজ্ঞাসা করি, যে পৃথিবীর কয় ভাগ আছে?

পরমানন্দ। পৃথিবীর চারি ভাগ আছে; ইণ্রাজী ভাষাতে ঐ সকল ভাগের নাম এইং, ১ ইউরপ, ২ আদিয়া, ৩ আফুকা, ৪ আমেরিকা। পূর্বে কহা গিয়াছে, যে প্রথম ভিন্টাতে এক মহা-দ্বীপ; আর চতুর্থ আমেরিকা সে স্বতন্ত্র এক মহাদ্বীপ।

নিত্যানন্দ। ভাল, ঐ প্রত্যেক ভাগেতে স্থান কি সমান?

পরমানদ। না, সমান হইবে কেন? ইতর বিশেষ আছে, তাহা বলি তান। ইউরপ যে এক ভাগ সে যোল আনার মধ্যে দুই আনা, আসিয়া পাঁচ আনা, আফুকা সাড়ে তিন আনা, আমেরিকা সাড়ে পাঁচ আনা। কিন্তু ইউরপ ও আসিয়াতে আফুকা ও আমেরিকা-হইতেতের গুণ লোক অধিক; ইহার বাজ এই, অনুমানে বুকা যায় যে আফুকা দেশ প্রায় বালুকাময় প্রযুক্ত তথাতে শস্য অল্প জন্মে; এ জন্যে লোকসংখ্যা কম। আর ইউরপ আসিয়া আফুকাহইতে আমেরিয়া এক সমুত্র পারে, এ জন্যে সহজে সেখানে লোকের যাইবার যোত্র ছিল না, সূত্রাং লোক অল্প।

নিত্যানন্দ। এখন জিজাসা করি, সমুদ্য ভাগে কত লোক আছে?
পরমানন্দ। অনুমান হয় পৃথিবীতে সমুদ্যে সাত অর্নুদ্ অর্থাৎ
সত্তর কোটি লোক আছে, তাহার বিশেষ এই; আশিয়াতে পঞ্চাশ
কোটি, আফ্রিকায় তিন কোটি, আমেরিকায় দুই কোটি, ইউরপে
পোনের কোটি; এই সংখ্যানুসারে সমুদ্যেতে পৃথিবীর মধ্যে সাত
অর্নুদ্ লোক আছে।

নিত্যানদ। তাল, এখন একটি কথা জিজাসা করি, মনুষ্যের জন্ম মৃত্যু সমান কি না? অর্থাৎ যত মরে ততই কি জন্ম?

পরমানদ। পরমেশবের ইচ্ছায় মন্যোর জন্ম মৃত্যু পুায় সমান; এ দেশেতে ইহার বড় একটা প্রমাণ পাওয়া যায় না; কিন্তু ইণ্লও দেশে রাজাজাতে লোকে বৎসরের মধ্যে কত লোক মরে ও কত বা জন্মে ইহার একথানা হিসাব রাথিয়া থাকে, এই জন্যে নিশ্চয় পাওয়া যায়; সেই দৃষ্টাতে জানা যায়, যে প্।থবীর লোকের জন্ম মৃত্যু প্রায় সমান; আর যত লোক এই প্থিবীর আছে, ইহার তিন গুণ অধিক হইলেও তাহাদিগের আহারাদি স্ক্রুণ্ডে পারে, এত সামগ্রী এই প্থিবীতে জন্মিতে পারে।

নিত্যানন্দ। ভাল, আর একটা কথা জিজাসা করি, স্ত্রীলোক ও পুরুষ এ দুই কি সমান জন্মে?

পরমানদ। ব্রীলোক অপেক্ষায় পুরুষ কিছু অধিক জয়ে, অর্থাৎ ব্রী পুরুষ সাধারণ ধরিতে গেলে ২৫ জনের মধ্যে এক জন পুরুষ বাড়া হয়, তথাপি এ জগতে ব্রীপুরুষ কায়েং সমান হইয়া উচে।

নিত্যানন্দ। ওছে ভাই, পৃথিবার থণ্ড২ ভাগ আর লোক সংখ্যার কথা শুনিয়া আপ্যায়িত হইলাম, এক্ষণে ঐ সকল লোক কোন২ মতে চলে, অনুগুত্ত করিয়া তাহা কিছু বল, দেখি শ্বনি।

পরমানদ। তবে অবধান কর; এই পৃথিবীতে প্রধান চারি মত আছে দে এই ২, ১ রিহুদী, ২ খ্রীফিয়ান, ৩ মৃদলমান, ৪ দেবপুজক। য়িহুদীরা বাইবেল শান্ত্রের আদি পুস্তক মানে। খ্রীফিয়ানেরা সমুদ্র বাইবেল শান্তকে মানে। মোছলমানেরা কোরাণ শান্ত
মানে। দেবপুজকেরা দেবতাকে পূজা করে। তাহাদের অনেক মত
আছে, প্রথম বৌদ্ধমত, সিংহলীয়েরা বৃদ্ধ নামে এক দেবতার পূজা

করে, ঐ বুদ্ধকে বুক্স দেশের লোকেরা গোদামা নামে ও চান দেশী-যেরা ফো নামে ও জাপান দেশীয়েরা শাথা নামে পূজা করে। দিতীয় হিন্দু দৈর মত, হিন্দু লোকেরা নানা দেব দেবীর পূজা করে। তৃতীয় চীন, ভোট, তিব্বত, প্রভৃতি দেশের কতক লোকেরা মহালামা নামে এক দেবতাকে পূজা করে। চতুর্থ চীনীয় কতক লোক কংফু।সয়স্কে মানে; আর নানা দেশের লোক নানা দেবতার উপাসনা করে।

নিত্যানন্দ। এই যে সকল মতের কথা কহিলা, ইহার মধ্যে কোন মতাবলম্বী কত লোক, তাহার বিশেষ বল, দেখি স্তানি ?

পরমানদ। য়িহুদী মতাবলম্বী ত্রিশ লক্ষ লোক। খ্রীষ্ট মতাবলম্বী উনিশ কোটি লোক। মুসলমান মতাবলম্বী ছয় কোটি লোক। বৌদ্ধ মতাবলম্বী পোনর কোটি বিশ লক্ষ। হিন্দু মতাবলা নয় কোটি লোক। কংফুসিয়স্ মতাবলম্বী তিন কোটি লোক। অন্যংদেব পূজ্ব মতাবলম্বী দশ কে।টি লোক।

৫ পार्छ १

আসিয়া দেশের বিবরণ।

নিত্যানন্দ। ওছে ভাই, আসিয়া দেশের বিশেষ বিধরণ কিছু ত্তনিতে বাঞ্চু করি, এইক্ষণে অনুগৃহ করিয়া বল, দেখি তুনি।

পরমানন। ভাল, তাহাও বলি শুন, পৃথিবীর ভূমি থণ্ডের মধ্যে আসিয়া থণ্ড বড়, সে লম্বে ছয় হাজার ছয়শত সত্তর ক্রোশ, পুড়ে চারি হাজার ছয় শত কুড়ি ক্রোশ। এই আসিয়াতে ন্যুনাধিক প্রায় পঞ্চাশ কোটি লোক অ;ছে।

নিত্যানন্দ। আসিয়া কোন্থ জাতির অধিকার?

পরমানন্দ। কৃসিয়ন ও ই°রাজ ও চীন, এই তিন দেশীয় লোকেতেই প্রায় আসিয়া দেশঅধিকার করিয়াছে; ইহার িশেষ, উত্তর অঞ্চলে কৃসিয়নের অধিকার; দক্ষিণ অঞ্চলে ই°রাজের অধিকার; পূর্ব অঞ্চলে চানের অধিকার; এই তিন প্রধান অধি-কার ছাড়া আরং যে সকল অধিকার আছে, তাহার মধ্যে তুরকী ও পারসী ও বর্মাদের অধিকার ভারী।

নিত্যানন। আদিয়ার সীমার চত্রসু বলিতে পার?

পরমানন্দ। বলিতে পারিব না কেন বল? তবে গুন। তাহার উত্তর দীমা হিম দমুদ্র; দক্ষিণ দীমা ভারত দমুদ্র; উত্তর পশ্চিম দীমা ইউরপের দীমানার লাগাও; দক্ষিণ পশ্চিম দীমা আফুকার দীমানার লাগাও; শূর্র দীমা পাদিফিক মহাদাগর; ঐ মহাদাগর আফিকা আর আমেরিকার মধাধান দিয়া ভাঙ্গিয়া বাহির হই য়াছে। হিন্দু স্থানের দক্ষিণ ভাগ অতিশয় উত্তপ্ত, কিন্তু ইহার যত উত্তরে যাওয়া যায়, ততই শীত বোধ ইইতে থাকে; আর হিমদাগরে বরফ পড়িয়া এমনি পর্বত প্রমাণ হইয়া জমিয়া থাকে, যে ঐ সাগরে জাহাজ যাইতে পারে না; কার্ণ, বাতাসে নিয়া বিদ্ধা যদি জাহাজকে বরফের পর্বতে ধাক্কা লাগায়, তবে তৎক্ষণাৎ জাহাজ ভাঙ্গিয়া চূর্ণ হইয়া যায়।

নিত্যানন। আসিয়ার অন্তঃপাতী কোনং দেশ?

পরমানন। তাহার মধ্যে অনেকং প্রধান দেশ আছে, তাহার বিবরণ এই; উত্তরে পূর্বহইতে পশ্চিম দীমা পর্যান্ত শিবির ও তাতার দেশ; তাহার পশ্চিম ভাগে তৃরুক ও আরব ও পারদী দেশ; তাহার পূর্ব ভাগে চীন; তাহার দক্ষিণ ভাগে হিন্দুর্বান ও আসাম ও বর্মা ও শ্যাম ইত্যাদি প্রধানং দেশ। এ সকল ছাড়া আদিয়ার মধ্যে আরো অনেকং দ্বীপ আছে।

ও পাঠ।

হিন্দুস্থানের বিবরণ।

নিত্যানন্দ। ভাল, তবে এইক্লনে আসিয়ার অন্তঃপাতি যেং দেশে হিন্দু লোকের বসতি, অর্থাৎ হিন্দুখান, আগে তাহার বৃত্তান্ত কিছুং শুনিতে আকান্ধা আছে।

পরমানন্দ। ভাল, তাহা বলি, শ্তন। হিন্দুৠনের ধণ্ড হইয়াছে षूरे, पिक्कण हिन्दू हान, ও উত্তর हिन्दू हान। पिक्कण हिन्दू हात्नत উত্তর সীমা यनि बर्मना ननी कल्लना कता याय, তবে তাহার পূর্ব পশ্চিম দক্ষিণ ভাগে সমুদ্র, এবং দক্ষিণ ভাগের অন্তর্সামায় ক্মারী অন্তরীপ; তাহারি নিকটে লক্ষা, কিনা সি•হল দ্বীপ। হিন্দু-द्यारबद উত্তর পশ্চিম ভাগে निक् नही, वे निक् नहोत्र পশ্চিমে বলো-চনস্থান, ও তাহার পশ্চিমাণশে পারসী দেখ। হিন্দুর্থনের উত্তর ও উত্তর পূর্ব ভাগে হিমালয় নামে প্রদিদ্ধ পর্বত শুণী; ঐ পর্বত শুেণী অল্ল বক্র ভাবে কাশ্মীর দেশহইতে রেকান পর্যান্ত দক্ষিণ পূর্ব ভাগে চলিয়া গিয়াছে। হিন্দুছানের পূর্বভাগে বুক্স দেশ; বাঙ্গা-লা আর বৃক্ষ দেশের মধ্যে মণিপুর, ও হিডিম্ব, এবং আরো নানা জাতীয় পর্বতীয় লোক আছে; তাহাদেরও হিন্দুর ন্যায় ব্যব-হার। এই সকল সামানার মধো এই সকল দেশ আছে। দক্ষিণে উড়িস্যা, ও তৈলঙ্গ, ও অবিড়, ও মহীসর, ও শ্বণোর, ও হয়দরা-वाम्, ७ পूगुगुप्तीय, ७ नागभूबोय, ७ महाबाकु मन्। উত্তরে বঙ্গ, ও মগধ, ও কাশী, ও বন্দেলথণ্ড, ও বছেলথণ্ড, ও মিথিলা,ও কোশ-লা, ও মণুরা, ও হরিয়াণা, ও দোয়াব, ও রোহেলথগু, ও জয়পুর, ও বিকানিয়ার, ও যোধপুর, ও দৌলত রাও সিদ্ধিয়া, ও যশোবন্ত-तां (शानकारत्त्र (मर्ग, ও शक्षात, अ मानवा, अ मूनंजान, अ तिक्र,

ও ওজরাট দেশ। হিন্দুস্থান দীর্ঘেতে কুমারী অন্তরীপ অবধি কাশীর পর্যান্ত সতর শত চৌহত্তর কোশ; এবং প্রন্তে, শীহট অবধি সিন্ধু দেশের করাচী বন্দর পর্যান্ত যোল শত কোশ।

নিত্যানন্দ। হিন্দুখানেতে লোক কত গুলি হইবে?

পরমানদ। অনুমান দশ কোটি লোকের কম হইবে না। তাহার মধ্যে জৈন ও শিথ এই দুই জাতিকে যদি হিন্দুর মধ্যে গণা যায়, তবে হিন্দু বার আনা, আর মুদলমান তিন আনা, এবং পাহাড়িয়া ইত্যাদি এক আনা।

নিত্যানন। হিন্দুস্থানের কোন দেশে লোক অধিক, তাহা আমা-কে বলুন্?

পরমানন্দ। এই হিন্দুস্থানের মধ্যে দুবে বাঙ্গালা স্থানানুসারে লোকেতে পরিপূর্ণ; কারণ, হিন্দুস্থানে যত জমী ও যত লোক আছে, তাহা হিসাব করিলে, ভাগহারে প্রত্যেক লোকের পুতি জমী পোনের বিঘা পড়ে; কিন্তু দুবে বাঙ্গালাতে এক কোটি পঁটিশ লক্ষ লোক আছে, আর জমী আছে এগার কোটি বিঘার অধিক, এই জমীতেও লোকেতে ভাগহারে হিসাব ধরিলে প্রত্যেক লোকের প্রতি জমী নয় বিঘার অধিক পড়ে না; এই নিদর্শনে বলা যায় বাঙ্গালা লোকেতে সমূর্ণ। বঙ্গ দেশের মধ্যে বর্জমান জেলায় লোক অধিক, কেননা সেথানে কৃত্বি লক্ষ লোক আছে, এবং ভূমি ঘাইট লক্ষ বিঘা; লোকেতেও জমীতে ভাগহার করিতে হইলে, প্রত্যেক লোকের প্রতি পড়তা হয় ভূমি তিন বিঘা; এই নিদর্শনে বলা যায় বর্জমান লোক অধিক।

নিত্যীনন্দ। হিন্দুস্থানের ভাষা কত প্রকার ?

পরমানন। ভারতবর্ষের মূল ভাষা সংস্কৃত, আরু, মূল অক্ষর দেবনাগর; ঐ মূল ভাষা আর মূল অক্ষরহইতে নানা ভাষা ও নানা প্রকার অক্ষর জনিয়াছে। পরে আট শত বৎসর হইল ম্দল-মানেরা এ দেশ অধিকার করিয়াছিল, সেই অবধি এ দেশে ফারসী ভাষার আর ফারদী অক্সরের চলন হইয়াছে; এবং বাঙ্গালা ও হিন্দা ভাষার মধ্যেও ফারসার অনেক কথা চলন হইয়াছে। ভারতবর্ষের নানা দেশে নানা প্রকার ভাষা, ও নানা প্রকার অক্ষ-রের চলন আছে, তাহার বিশেষ এই; বাঙ্গালা, আসাম, মিথিলা, কোশলা, ভটনের, ভোদপুর, কোঙ্কন, কাখারি, উত্কল, তৈলঙ্ক, কর্ণাট, বঁদেলথণ্ড, ছরিয়াণা, কান্যকুরু, জয়নগর, ইত্যাদি কম বেশ প্রায় চল্লিশ প্রকার ভাষা চলিতেছে; আর বাঙ্গালা, মণিপুর, বুদ্ধা, শ্যাম, ভোট, মৈথিল, শিথ, কাশ্মীর, মূলতান, তৈলঙ্গ, উড়ে, তামল, এইং নামে প্রায় কৃড়ি প্রকার অক্ষর দেবনাগরহইতে বাহির इहेग्राष्ट्र।

१शार्थ।

বন্ধ দেশের বিবরণ।

নিত্যানন। বঙ্গ দেশের সীমা কত দূর পর্যান্ত ?

পরমানন্। তাহার উত্তর দীমা নেপাল ও ভোটের অধিকার পর্য্যন্ত, দক্ষিণ দীমা বাঙ্গালার অথাত, পূর্ব দীমা আদাম ও বুজ্ঞার রাজার অধিকারের শেষ, পশ্চিম দীমা বেহারও উড়িদ্যা। মেদিনী-পূর ও কটক, এই দুই জেলা যদি বঙ্গ দেশের মধ্যে ধরা যায়, তবে বঙ্গ দেশ উত্তর দক্ষিণে লম্বা ৩০০ ক্রোশ হয়, আর পূর্ব পশ্চিমে ওসার ২৬০ক্রোশ হয়। ইহার প্রাচীন নাম গৌড়।

নিত্যানন্দ। এই বন্ধ দেশের মধ্যে প্রধান কোনং নগর আছে?
পরমানন্দ। প্রথমে কলিকাতা, দ্বিতীয় ঢাকা, এই ঢাকা কলিকাতার উত্তর পূর্রাণশে এক শত বিশ ক্রোশ অন্তরে, ঐথানেতে
পূর্বে সুবে বাঙ্গালার রাজধানী ছিল; তৃতীয় মুরশিদাবাদ, সেও
কলিকাতাহইতে উত্তর এক শত আশী ক্রোশ অন্তরে।

নিত্যানন্দ। বাঙ্গালাতে লোক আছে কত?

পরমানন্দ। বজ দেশের মধ্যে লোক গণা গিয়াছে তিন কোটি, তাহার মধ্যে হিন্দু তের আনা, আর মুসলমান তিন আনা; কিন্তু অন্যং দেশ অপেক্ষা করিয়া পূর্ব দেশে মুসলমান অধিক।

निजानन । जान, এই দেশেতে প্রধান । नेनी कि ?

পরমানন। বন্ধ দেশেতে প্রধান নদা গঙ্গা, বৃহ্যপুত্র, পদ্মা, কুশী, দামোদর, এই সকল ছাড়া আংরো অনেকং ক্ষত্র নদা আছে

নিত্যানক। এই বঙ্গ দেশে কোনং সামগ্য জয়ে?

পরমানন। বঙ্গ দেশেতে প্রধান দামগা জয়ে চাউল, চিনি, লবণ, রেসম, ভামাক্, তুলা, নীল, আফিম, দোরা, নানাতরো কাপড়; এই সকল সামগ্রী কিনিয়া নিয়া গিয়া সওদাগর লোকে নানা স্থানে সওদাগরী করে।

নিত্যানন্দ। এই বাঙ্গালাতে প্রধান বিচারস্থান কয়টা আছে? অর্থাৎ যেথানেং প্রধান জজ্থাকেন এমন চাঁই কয়টা?

পরমানন্দ। সে আছে তিনটা, কলিকাতা, ঢাকা, মুরশিদাবাদ; এই তিন স্থানেতে তিনটা প্রধান আদালত, অর্থাৎ কোর্ট আদালত আছে; ইহার মধ্যে কলিকাতা কোর্টের নীচে ৯ জেলা; ঢাকার নীচে ৭ জেলা, মুরশিদাবাদের অন্তর্গত ৭ জেলা।

নিত্যানন্দ। কলিকাতার যে নয় জেলা, সে গুলার নাম বল, দেখি?

পরমানন। কলিকাতার আশপাশের পাঁচ থানা নিয়া ছাওয়ালী সহর নামে এক জেলা; দ্বিতীয়, চ্রিশ পরগণা এক জেলা;
তৃতীয়, যশোহর এক জেলা; চতুর্থ, হুগলী এক জেলা; পঞ্চম,
নদীয়া এক জেলা; ষষ্ঠ, বদ্ধমান এক জেলা; সপ্তম, জঙ্গলমহল এক
জেলা; অইটম, মেদনীপুর এক জেলা; নবম, কটক এক জেলা;
কিন্তু মেদনীপুর ও কটক পূর্ব্বে উড়িসার অন্তঃপাতী ছিল।

দিতীয় ভাগ।

३ भार्छ।

क्ष्मा श्ख्यांनी मह्द्रित विवत्र।

নিত্যানন্দ। জেলা হাওয়ালী সহরের অন্তঃপাতী কত থানা আর কোনং গাম?

পরমানন। এই জেলায় চিতপুর, মাধিকতলা, ডাজহাট, নওয়াজারা, শালিকা,এই পাঁচ থানা আছে, আর ইহার সীমানায় কলিকাডার চারিনিক্ ঘেরা আছে। এক শত বৎসরের পূর্বে এই কলিকান্তা
এক ছোট নগর ছিলঃ পরে জ্বেম সওদাগরির বৃদ্ধি আর রাজধারী
হওয়াতে অতি বলবৎ হইয়াছে। ইণ্রাজী ১৮০২ শালে কলিকাতার
চারিপাশে জেলা হাওয়ালী সহরে ৫৭২২৫ ঘর, ২৮৬১২৫ লোক
গণা গিয়াছিল, আর নিজ কলিকাতায় ৬০০০০ ছয় নক্ষ লোক
গণা গিয়াছিল, এই সমুদায়ে প্রায় নয় লক্ষ লোক।

নিত্যানদ। রাজ্যের প্রধান বিচারস্থান কোথা?

পরমানদ। কলিকাতান্থ ও ইউরপীয় লোকদের প্রধান বিচার-দ্বান কলিকা চার সূপ্রীম কোর্ট; সেথানে চিফ্যন্তিস, অর্ধাৎ প্রধান বিচারকর্ত্তা এক জন, আর অন্য বিচারকর্ত্তা দুই জন; এঁহারা প্রিযুক্ত ইম্লণ্ডের মহারাজার আজাতে ঐ.পদ পাইয়া থাকেন।

নিত্যানন্দ। লোকদের বিন্যাপ্রদানের জন্যে কলিকাতায় কয়-টা সম্বায় আছে ?

পরমানন। তবে শ্বন, আশিয়াটিক সোসাইটি, হিন্দু কালেজ, দুশবুক সোসাইটি, ও দুল সোসাইটি ইত্যাদি সমুধায় আছে। কুলবুক সোসাইটির কর্তারা পুষ্তকদারা ও ক্লুল সোসাইটির কর্তারা পাঠশালাদারা এ দেশের ছোট বড় সকল জাতীয় লোকের জ্ঞানোদয়ের চেষ্টা করিতেছেন।

নিত্যানন্দ। কলিকাতায় কত প্রকার লোকের কত বাণিজ্য কর্ম চলিত আছে?

পরমানদ। ইহার বিশেষ কর বলা যাইবে; করক্টা বলি छন। ইণ্লণ্ড, ও আমেরিকা, বস্থাই, চান, ইত্যাদি দেশহইতে আমদানী আদিয়া কলিকাতায় বাণিজা হইতেছে; গত দশ বৎসর হইল একবার গণিত হইয়াছিল, যে এক বৎসরেতে এক কোটি একাশী লক্ষ টাকার জাহাজী আমদানী হইয়াছিল, আর চারি কোটি ছেয়ন্তর লক্ষ টাকার রপ্তানী হইয়াছিল; এতভিন্ন এক কোটি চারি লক্ষ টাকার পশ্চিমে আমদানী রপ্তানী হইয়াছিল; পর্রসমেত দে সনে সাত কোটি একঘটি লক্ষ টাকার আমদানী রপ্তানী হইয়াছিল; পর্রসমেত দে সনে সাত কোটি একঘটি লক্ষ টাকার আমদানী রপ্তানী হইয়াছিল। আর সম্পুতি এই কলিকাতার স্থানেং অতি সুদ্দরং রাশ্ব। ও পুদ্ধরিণী হইতেছে, এবং দিনেং ঐ সহর বর্ষিত হইয়া অত্যন্ত সূঞ্জী হইতেছে।

২ পাঠ। চরিশ পরগণার বিবরণ।

নিত্যানন্দ। চরিশ পরগণার সীমা কোন পর্যান্ত?

পরমানন্দ। এই জেলার উত্তর দীমা নদায়া জেলা; দক্ষিণ দীমা
দুদ্দরবন দিয়া দমুদ্র পর্যান্ত; পশ্চিম দীমা ভাগারিখী নদা; পূর্ব দীমা
যশোহরের দীমার লাগা পশ্চিম। ভাগারিখা ও রায়মঙ্গল নদা বিনা
জেলার দক্ষিণাংশে অনেক খাল আছে; ঐ দকল খাল দুদ্রবন
হইয়া সমুদ্রে মিলিয়াছে। ইহা ছাড়া সহর কলিকাভার নিকটে
কাটিগঙ্গা নামে আরও এক খাল আছে; যে খাল দিয়া কলিকাতাংইতৈ ঢাকায় গমনাগমন বড় সহজ; আর নানাবিধ আলানী
ক.ঠ, ও চুণ, ও ঢাকাই কাপড়, ইতাদি এই খাল দিয়া এ অঞ্চলে
অংশিয়া অনেক বাণিজা হয়।

নিড নিন্দা এ জেলা লম্বা চৌড়ায় কড কোশ ?

পরমানন। তবে বলি শুন; উত্তর দক্ষিণে দীর্ছে ১০০ ক্রোশ, এবং পূর্ব পশ্চিমে পুস্থ ৬০ ক্রোশ।

নিতানন। এ জেলায় লোক কত হইবে ?

পরমানদ। অনুমান হয় ন্যাধিক বার লক্ষ লোক হইবে; তাহার বার আনা হিন্দু, চারি আনা মুসলমান; এবং এই জেলাতে অনেক সাহেব লোকের বসতি আছে; ইহার জজ্ কালেক্টরের কাছারী আলীপুরে।

নিত্যানন্দ। এ জেলার মধ্যে বাবসায়ের প্রধান সামগ্রী কি ?

পরমানদ। ব্যবসায়ের সামগার মধ্যে এ জেলার যথেই তর-কারী আর নীল জয়ে; এব॰ জেলার সামা সমুদ্র ছেঁসা, এই পুযুক্ত অনেক লবণ জয়ে; আর জেলার মধ্যে বরাহ্নগর, নবাব-গঞ্জ, বিষ্ণুপুর, কলাগাছী, এ সকল পুধান বাণিজ্য স্থান।

० भारे।

क्ष्या यटगारुदात्र विवत्र ।

নিত্যানন। যশোহর জেলার দীমা কত দ্র?

পরমানদ। ইহার উত্তর সামা পদ্মাবতী নদী, যে নদী গঙ্গা-হইতে বাহির হইয়া পূর্ব অঞ্চলে গিয়াছে, এই জনো সাহেব লোকে তাহাকেও গঙ্গা বলেন; দক্ষিণ সামা সমুদ্র, পশ্চিম সীমা নদীয়া ও চার্শ পরগণা জেলার সীমা লাগা পূর্ব; পূর্ব সীমা ঢাকা জালালপূর ও বাকরগঞ্জ।

নিত্যানন্দ। এই জেলাতে প্রধান নগর কোনটা?

পরমানন্দ। জেলার মধ্যে ভূষণা, মহম্মদপুর, নলডাঙ্গা, মূড়লী, মূজানগার, গোপালগঞ্জ, খুলনিয়া, এই সকল প্রধানহ নগার আছে, এ সকলই প্রায় যন্দোহরের উত্তরাংশে। এই জেলার দক্ষিণাংশ সুন্দরবন, সেথানকার ভূমি সমুদ্রের থালেতে সর্বাই সরস, আর অনেক ভূমি বনেতেই ব্যাপ্ত, কেবল মলঙ্গা লোকেরাই সেথানে থাকিতে পারে। তথাতে যদি চাদি লোকের বসতি হইয়া কৃষিকর্ম চলিতে পারিত, তবে ঐ ভূমিতে সকল শস্যই জন্মিত; কেননা তথাকার ভূমি বড় উর্বা।

নিত্যানন্দ। সেথানে কোনং বস্তু জন্মে ?

পরমানন্দ। এই জেলাতে ধান্য, নীল, নারিকেল, পাটী, কাপড়, আর গব্য, এই সকল সামগ্রী বড় উৎকৃষ্ট জন্মে।

নিত্যানন। এ জেলাতে কিং প্রধান নদী আছে?

পরমানন। এই জেলাতে ভৈরব, চিত্রা, নবগঙ্গা, কুমার, মধু-মতী, ইহারাই প্রধান।

নিত্যানন। এই জেলাতে কত লোক?

পরমানদ। ইংরাজী ১৮০০ শালে প্রীযুক্ত বড় সাহৈবের আজা-তে এই জেলায় বার লক্ষ লোক গণা গিয়াছিল; তাহার মধ্যে নয় আনা মুস্পমান, সাত আনা হিন্দু।

८ भारे।

জেলা হুগলীর বিবরণ।

নিত্যানন্দ। এই ক্ষণে তোমাকে জিজ্ঞাসা করি, ছণালী জেলার বিবরণ বল দেখি?

शत्रभानम्। उत्य क्षनः इननी किनात उत्तर नीमा किना वर्षमान, তাহার পূর্ব সীমা গঙ্গা, তাহার দক্ষিণও পশ্চিম সীমা জেলা মেদিনী-পুরের সীমার লাগাও। সহর হুগলী গঙ্গার নিজ পশ্চিম ধারে; এবং তাহারি ক্রমশঃ দক্ষিণ ঐ নদীর নিজ পশ্চিম তীরেং চন্দন-নগর, এব্রামপূর, এই দুই সহর ইংরাজ ভিন্ন আর দুই প্রকার ইউরপীয় লোকদের অধিকার, অর্থাৎ ফরাসিদদের চন্দননগর, এবং দিনামারদের জ্রিরামপুর সহর আছে। এই দৃই সহর ছাড়া জেলা হুগলীর মধ্যে চুঁচড়া, চন্দ্রকোণা, উলুবাড়িয়া, ক্ষীরপাই, ইত্যাদি প্রধান২ নগর আছে। আর এই বঙ্গ দেশে যথন মূসলমানের অধিকার ছিল, তথান পোর্তুগীয়, ইংরাজ, ফরাসীস, দিনামার, ওলেদাত ইত্যাদি অনেক জাতি বাণিত্য জন্যে হুগলী সহরে কুটা করিয়াছিল। প্রায় দুই শত বৎসর হইল এক বার পোর্ভুগী लाकामत्र माझ नवावि लाकामत्र विद्वाध श्हेगा अक युद्ध উপদ্বিত হইয়াছিল; তাহাতে পোর্ণীশেরা পরাজিত হইয়া আপনাদের অনেক জাহাজ ইত্যাদি ত্যাগ করিয়া কেবল তিন ধানা জাহাজে আপনাদের পুণে বইয়া কতক লোক পলায়ন করিয়াছিল, আর শতং লোক পলাইতে না পারিয়া শতু হস্তে পত্র ভয়ে ধনেতে পরিপূর্ণ এক জাহাজে চড়িয়া তাহার মধ্যে বারুদের গাদায় আন্তন দিয়া আপনারা ধনে প্রাণে নই ইইয়াছিল।

নিত্যানন্দ। এই জেলায় লোভ কত গুলি হইবে?

পরমানদ। এখানে প্রায় ১২ লক্ষ লোক আছে; তাহার তিন ভাগ হিন্দু, এক ভাগ মুদলমান।

নিত্যানন্দ। এ জেলায় কোনং সামগ্ৰী ভাল জন্মে!

পরমানক। প্রতি বংসর এই জেলায় বন্যার জল উঠে, এই জন্যে ধানা, চিনি, নীলাদি যথেষ্ট জন্মে; আর এ জেলাতে জ্ঞিন্তুত কোষ্ণানী বাহাদুরের অনেকং থয়রাতী পাঠশালা আছে।

৫ भारे।

জেলা নদীয়ার বিবরণ ৷

নিত্যানন্দ । ওহে ভাই পরমানন্দ, নদীয়া জেলার সীমার চিকানা কত দ্র বল দেখি?

পরমানন্দ। এই জেলার উত্তর সীমা জেলা রাজসাহীর সীমার লাগাও, দ ক্লিণ সীমা ২৪ পরগণার সীমার লাগাও, পূর্ব সীমা জেলা যশোহরের সীমার লাগাও, পশ্চিম সীমা ভাগারিথা নদা।

निजानमः। এ জেमः एउ ममूमग्र करु लोक खाँए ?

পরমানন । এই জেলাতে লোক প্রায় চৌদ লক্ষ আছে; তাহার তিন ভাগ হিন্দু, দিকি মুসলমান।

নিত্যানন। এই জেলাতে কোনং সামগ্ৰী জন্ম।

পরমানন। এই জেলার ভূমি বড় উচ্চ, এই জন্যে এ জেলায় গব্যা, কলাই, কোষ্টা, শন, তামাকু, নীল, চিনি, আউচ, লিপুল,উত্তম আমু, ইডাাদি সামগ্রী অনেক জন্মে; কিন্তু ধান্য কিছু অল্ল হয়। আর এই জেলাতে অনেকং গুণবান্ লোক আছে; শিল্প বিদ্যাদি পান্ত্রীয় বিদ্যা পর্যান্তের চর্চাতে এই জেলার প্রধান স্থানের লোক সকল প্রায় বিরত নহে।

নিত্যানন। ভাল, জেলার গগুগুাম সকলের নাম কি?

পরমানদ। এই জেলাতে প্রধান চারি সমাজ আছে, ১ নবছাপ, ২ শান্তিপুর, এ উলা, ৪ কুমারহট। এই চারি সমাজ ছাড়া
তন্তুল্য শিবনিবাস, কৃষ্ণনগর, সুথসাগর, রানাঘাট, চাকদহ, বজরাপুর ইত্যাদি অনেকং ভদুস্থান আছে। জেলার আদালতের কাছারী
মোণ কষ্ণনগরে। পূর্বে শ্ববে বাঙ্গালার রাজধানী নবছীপের নিকট
ছিল; কিন্ত ইণ্রাজী ১২০৪ শকে সাহ কুটবদ্দানের আমলে মুসলমানেরা বন্ধ দেশ জয় করিয়া গৌড় সহরে বন্ধ দেশের রাজধানী
উচাইয়া লইয়া গোল, তদবধি জমেতে নবছীপের জাস হইয়া
আসিতেছে। আর এই জেলাতে পলাশী নামে নগর, যেথানে ইণ্রাজী ১৭৫৮ শালে ইণ্রাজেরা নবাবকে যুদ্ধে পরাস্ত করিয়া বন্ধ
দেশ অধিকার করিয়াছিলেন।

ও পাঠ। জেলা বর্জমানের বিবরণ।

নিত্যানন্দ। জেলা বর্ত্তমানের সীমা কত দুর ?

পরমানদ। এই জেলার উত্তর সীমা অজয় নদ, দক্ষিণ সীমা মেদনীপুর ও ত্গানীর সীমা লাগাও, পূর্ব সীমা ভাগীরখা নদী, পশ্চিম সীমা জঙ্গনমহাল জেলার সীমার লাগা।

নিত্যানদ। সম্দয়েতে এই জেলায় লোক কত?

পরমানন্দ। এই জেলাতে জাগা লোক আছে; জনুমান হয় ১৪৫০০০ সাড়ে চৌদ্দ লক্ষের কম নয়; কিন্তু ভাহার মধ্যে ভের আনা হিন্দু, ভিন আনা মুসলমান।

নিত্যানদ। এথানকার ভূমি কেমন?

প্রমানন্দ। এথানকার ভূমির কথা আর জিজ্ঞানা কর কি, এমন ভূমি প্রায় কোনথানে নাই, ভূমি বড় উর্বা; এবং চানী প্রজানকল ও বহু শুমী, এই জন্যে এ জেলায় তুলা, রেসম, পান, ডামাকু, নীল, ও ধান্যাদি নানা শাস্য অপ্রযাপ্ত জন্মে।

ৰিত্যানন্দ। এ জেলার মধ্যে প্রধান কোনং নগর ?

পরমানদ। এ জেলার প্রধান নগর নিজ বর্ডমান, যেথানে বর্ত্তনান রাজার বাস। ঐ রাজধানীতে ন্যুনাধিক পঞ্চাল সহসু লোক আছে। আর এই জেলাতে কাঞ্চুনগর, কাটুরা, অধিকা, মানকুড়, মঙ্গলকোট, ইত্যাদি বড়ং গণ্ড গ্রাম সকল আছে, ইহার মধ্যে কোনং হানে প্রযুক্ত সাহেব লোকেরা পাটশালা করিয়া,বালক-দিগকে বিদ্যা প্রদান করিডেছেন।

নিত্যানর্ম। এই জেলার মধ্যে কোন্থ নদী আছে?

পরমানন। এই জেলার সীমায় প্রধান নদ নদী দামোদর, গঙ্গা, ও অজয়। এই দামোদরের দুই ধারা আছে, পূর্বে এক ধারা বার আনা ছিল, অনা ধারা চারি আনা ছিল; কিন্তু এইক্লণে প্রায় আশী বৎসর হইল তাহার বিপরীত হইয়াছে, অর্থাৎ ছোট ধারা বড় হইয়াছে, ও বড় ধারা ছোট হইয়াছে।

9 शार्थ।

জেলা জন্মল মহলের বিবরণ।

নিত্যানন্দ। জঙ্গল মহল জেলা কত দূর, আর লয়া চৌড়ায় কত কোশ?

পরমানদ। এই জেলার উত্তর সীমা বীরভূমির সীমার লাগাও, দক্ষিণ সীমা মেদিনীপুরের সীমার লাগাও, পূর্ব সীমা বর্দ্ধমান জেলার সীমার লাগাও, পশ্চিম সীমা রামগড় ও ছোট নাগপুরের সীমার লাগাও। এ জেলা পূর্ব পশ্চিমে লম্বা ১০ কোশ, উত্তর দক্ষিণে প্রন্থে ৬৫ কোশ।

নিত্যানন। এ জেলা পুরাতন কি নূতন?

পরমানদ। এ জেলা নূতন; পূর্বে ইহা স্বতন্ত্র জেলা ছিল না, ২০ বংসর হইল বীরভূমি ও মেদিনীপুর ও বর্দ্ধমান এই তিন জেলার মধ্যে কিঞ্ছিৎ হৈ ভালিয়া এই জল্পল মহল জেলা হইয়াছে। এ জেলা নূতন পত্তন হয়, তজ্জনো লোকসংখ্যা জানা যায় নাই।

নিজ্যানন্দ। এ জেলার প্রধান নগর কি ২ ?

পরমানন। এ জেলার প্রধান নগরের নাম বাঁক্ড়া। এই ক্ষণে বিচারকর্ত্তা জর্জ সাহেব সেই খানে আছেন; আর বন্দুয়ানদের কারাগার ও দেই থানে। আর বিষ্ণুপুরের রাজাদের যত অধিকার ছিল, সে দকলই এই জেলা ভুক্ত হইয়া গিয়াছে। বিষ্ণুপুরের রাজাদের রাজ্য অতি পূর্ব কালের। ঐ রাজারা ঐ পর্যান্ত নিষ্করে এক বংশে একাদি ক্রমে এগার শত বৎসর ঐ রাজ্য ভারা করিয়া আসিতেছিল, পরে কতক প্রীক্রীযুত কয়ানী বাহাদ্র ও প্রিযুক্ত বর্জনানের রাজ্য ক্রয় করিয়া লইয়াছেন।

নিত্যানন্দ। এ জেলাতে কোন ২ নরী প্রধান আছে? পরমানন্দ। দামোদর, অজয়, শালাই, দালকীশ্বর, কঁ।শাই, এ জেলাতে ইহার।ই প্রধান নদী।

নিজানন। আর একটা কথা জিজ্ঞাসা করি, কুলিকা চাহইতে কাশী পর্যান্ত যে একটা নূতন বাঁধা রাম্ভা গিয়াছে, সে কোন দিক্ দিয়া গিয়াছে?

भव्यानम् । ता वास्ता अहे अञ्चल प्रदालव छेशव निया नियाहि ।

৮ পাঠ। জেলা মেদিনী পুরের বিবরণ।

নিত্যানন্দ। এ জেলার সীমা কোন পর্যান্ত ?

পরমানদ। এই জেলার উত্তর সীমা জঙ্গল মহল ও বর্দ্ধনানের সীমার লাগাও, দক্ষিণ সীমা বালেশবের ও সমুদ্র নীমার লাগাও; পূর্ব সীমা ভাগীরগ্রী নদী, পশ্চিম সীমা ঐ ময়ুরভঞ্জ ও রাম-গড়ের সীমার লাগাও। অনুমান হয় এই মেদিনীপুর দীর্ঘে শান্ত্রীয় এক শৃত বিশ জোশ, পুষ্টে আশা জোশ। ইংরাজী ১৭৭- শকে এই জেলাতে অভিশয় আকাল হইয়া তথাকার প্রায় অর্দ্ধেক লোক মরিয়া গিয়াছিল, এব° ১৭৯১ শক্তে আরও একটা ক্ষুত্র আকাল হইয়াছিল, তাহার পর অবধি ক্রেতে এথানকার লোকের বৃদ্ধি হইতেছে।

নিত্যানদ। এই জেলার লোকসংখ্যা কত বলিতে পার?

পরমানন। তবে শুন ভাই। ২৩ বৎসর হইল, ইণরাজ বাহাদুর একবার থানাসুমারি করিয়াছিলেন, অর্থাৎ আপন অধি-কারের লোক গণিত করিয়াছিলেন; তাহাতে জানা গিয়াছে, যে এই জেলাতে প্রায় ১৫ লুক্ষ লোক আছে, সে তাবৎই প্রায় হিন্দু।

নিত্যানন্দ। এ জেলায় বাণিজ্যের কোন ২ বস্তু জন্মে?

পরমানন। এই জেলাতে চিনি, গুরাক, নীল, শানবন্ত্র, এই সকল সামগ্রা অতি উত্তম জন্মে। এথনিকার প্রধান নগর মেদিনীপুর, জলেশ্বর, পিপলী, নাগরগড়, তমলোক, থিজুরী। প্রথমে সাহেব লোকেরা আসিয়া ঐ পিপলীতে কেনা বেচা বাবহার করিতেন।



2 भारे।

कष्ठक रक्षनात विवत्र।

নিত্যানন। এ জেলার দীমা বত দূর নিয়া?

পরমানদ। ইহার উত্তর সীমা মেদিনীপুর ও ময়ূরতঞ্জের সীমার লাগাও; দক্ষিণ,সীমা গঞ্জাম দেশ; পূর্ব সীমা বাঙ্গালার মহা-থাল; পশ্চিম সীমা উড়িষাার অন্তর্গত কুড হ রাল্য। তাহার লম্বাই ১৪০ ক্রেনা; পুত্তে ৫৫ ক্রোশ। পূর্বকাল অব্ধি ইহার দৃই এও হইয়াছে, উত্তর এতের নাম বার্লেখর, দক্ষিণ থণ্ডের নাম জগ্যাথ।

নিত্যানন্দ। ইহাতে কত লোক আছে?

পরমানদ। অনুমান কটক জেলায় বার লক্ষ লোক আছে: তাহার দকল লোকই প্রায় হিন্দু। এই কটক অঞ্চল সমুদ্রের জলে প্লাবিত প্রযুক্ত লোকদের বড় পীড়া জন্মায়; এবং থাদ্যন্দ্রব্যেরও পূথ বড় নাই। আর এথানকার লোক দকল প্রায় দুংখী। এ দেশের দামগুরি মধ্যে চালু, ও লবণ, ও উত্তম অন্ত্র, ও প্রস্তুর, আর লোহার কড়াই।

নিজ্ঞানন্দ। এথানকার প্রধান নগর কি ২?

পরমানন। এই জেলাতে প্রধান নগর বালেশ্বর, ভদ্রক, কটক, জগরাথ প্রভৃতি। জেলার মধ্যস্থানে মহানদী আছে; এবং তাহার অনেকং সোঁতা অর্থাৎ অনেক ছোটং থাল আছে; তাহাতেই এ দেশে জলকষ্ট নাই।

ভুগোল এবং ক্সেতিষ্ ইত্যাদি বিষয়ক

কখোপকথন |

৩ ভাগ।

চাৰা কোট ভূক কেলার বিষয়।

नुध्य भारे।

निक जाका क्रमान विवन्न ।

'নিত্যানদ। ঢাকা কোটের অস্তঃপাতী কড কেনা?

পরমানদ। ঢাকা 'নগর, ঢাকা জালালপুর, মরমনসিংহ, শহিউ, বাকরগঞ্জ, ত্রিপুরা, চউগাম, এই সাত জেলা। ইহার মধ্যে ঢাকা নগরের চারিনিকে গামের সহিত নিজ ঢাকা জেলা। এই ঢাকা অঞ্চল বরেক্স ভূমির মধ্যে গণা যার।

নিত্যানদ। নিজ ঢাকা জেলার চত্দিকের সীমা কত দূর?

পরমানদ। সে বন্ধ বৈশের পূর্ব অকল। তাহার উত্তর সীমা মরমনসিংহের সীমার কাগাও; বক্ষিন বীমা বাকরণজ্ঞের সীমার লাগাও। পূর্ব সীমা বৃদ্ধপূজ্ঞ নামে প্রকান নদ, যে নহেতে জিপুরা আর চাকা ভিত্র হইয়া আছে; গাভিত্র সীমা চাকা জালাকপুরের সীমার লাগাও।

निकासम्। कनिक्डाइरेफ ग्रंका कर गृत !

শর্মানক। ভটবর্জে কনিকজীহইতে চাকা ৮০ কোশ অন্তরে, কিন্তু নৌকাপথে আইতে হুইলে নদীয় বঞ্চা পুলুক্ত ২০০ কোশের ন্যুন য়ন। ২১৯ বর্ষণয় হুইল ইপ্যাজী ১৬০৮ শতক নকাবি আমলে ঐ ঢাকা নগর বন্ধ দেশের প্রধান রাজধানী ছইয়া ১০০ বৎসর পর্যান্ত সমভাবে ছিল, এই জন্যে ঐ ঢাকাতে আর তাহারি চারিদিকের গুমিতে বিবেচনা করিয়া দেখা গিয়াছে, যে ন্যাধিক বার লক্ষ্ণ লোক, কিন্তু হিন্দু অল্প, মুসলমান অধিক। ঢাকায় রাজধানীর পূর্বে রাজমহলে ও ভাহার পরে মুরশিদাবাদে বাঙ্গালার প্রধান রাজধানী ছিল। এই জেলাতে ঢাকা ছাড়া আরও দুই প্রধান নগর আছে; তাহার নাম নারায়ণগঞ্জ ও ম্বণ্যাম; নারায়ণগঞ্জ ১৫ হাজার লোক আছে; তথাকার লবণ, ও শস্য, ও তামাক, এই সকল সামগ্যা লইয়া অনেক বানিজ্য কর্মা চলে। মুণ্গামে থাসা বস্ত্র জন্মে।

নিত্যানন্দ। এই জেলাতে কোনং প্রধান নদী আছে? পরমানন্দ। বুদ্ধ পুত্র, বুড়ীগঙ্গা, দলসরাই, লক্ষ্মী, এই সকল প্রধান নদী আছে।

২ পাঠ। ঢাকা জালাল পুরের বিবরণ।

विज्ञानम् । এ जिनाद नोमां कंज मृत भर्याह ?

পরমানদ। এই জেলার উত্তর সীমা রাজসাহী ও ময়মনসিংহের সীমার লারাও; দক্ষিণ সীমা বাকরগঞ্জের সীমার লাগাও;
পূর্ব সীমা ঢাকা জেলার সীমার লাগাও; পশ্চিম সীমা মলোহরের
সীমার লাগাও। ২৭ বংলর হইল ইংরাজী ১৮০০ শকে ঢাকা
জালালপুরের মধ্যে দক্ষিণ অঞ্চলের কডক ভাগ করিয়া বাকরগঞ্জ
নামে বুডন এক জেলা পারন করেন।
নিত্যানদ। ঢাকা জালালপুর জেলাতে লোক কড় ই

পরমানদ। এখন অনুমান হয়, যে ঢাকা কালালপুরে ৮ লক লোক আছে ; তাহার লাত আনা হিন্দু, নয় আনা মুললমান।

নিত্যানদ। এ জেলাতে কোনং বস্তু জন্মে ?

পরমানন। বর্ষাকালে প্রায় এই জেলা পদ্মা ইত্যাদি নদীর জলেতে প্লাবিত হয়, এই হেতৃক দেখানকার ভূমি বড় উর্বরা। অনাং দেশ অপেক্ষায় এখানে যথেষ্ট ধান্য জন্মে, এবং নাল, গুবাক, ও বাঙ্গানামে এক পুকার কার্পাস, ও ডিম্টা, খাসা, ইত্যাদি অনেক পুকার বন্ত্র জন্মে।

নিত্যানক। এ জেলার প্রধান নগরের নাম कि ।

পরমানদ। এ জেলার এক পুধান নগরের নাম ফরিদপুর, যেথানে জজ্ সাহেবের বাসস্থান ও কাছারী; এবং তথাতে এক জন কালেক্টর সাহেব থাকেন; আর জেলার মধ্যে দমরার নামে যে এক স্থান আছে সে কাপড়ের পুসিদ্ধ এক আড়ঙ্গ।

নিত্যানন্দ। এথানে কোনং নদী আছে?

পরমানন্দ। এই জেলার প্রধান নদী পদ্মাবতী, সে জেলার মধ্য-স্থানে আছে, তাহা ছাড়া অনেকং ক্ষুত্রং ও মাজারি নদী আছে!

न शार्थ ।

ে জেলা ময়মন রিণ্ডের বিবরণ।

নিতানন্দ । এ জেলার সীমা কোন পর্যান্ত 🎀 📑

পরমানন। ময়মনসিংহের উত্তর সীমারস্পুর জেলার সীমা ও গারো পরতের নীচ পর্যান্ত, দক্ষিণ সীমা চাকা কোনার সামার লাগাও; পূর্ব সীমা এছত জেলার সীমার লাগাও, পশ্চিম দীমা জেলা রাজসাহীর সীমার লগোও। নিত্যামন। এই জেলা নুড়ন কি পুরাজন; এবং ইহাতে লোক বা হত আছে?

পরমানদ। এ জেলা পূর্কার নহে, নৃত্র হইয়াছে; কেবল ২৮ বংশর হইল অনা জেলাহইতে থগুবোছা হইয়া এ জেলা নৃত্র পত্তর হয়; এই হেতুক লোকস্থাা নিশ্য় বলা যায় না; কিছ ২৬ বংশর হইল আনুসঙ্গিক জালা গিয়াছিল, যে এই জেলায় তের লক্ষ্ঠ বাটি হাজার লোক আছে। তাহার মধ্যে দশ আনা হিন্দু, ছয় আনা ম্ললমান।

নিত্যানন্দ। এ জেলার ভূমি কেমন, আর কিং কল্বে?

পরমানদ। বৃদ্ধপুত্র নবের অনেকং থালের জল উচিয়া জেলা মরমনসিংহের তাবৎ পুদেশকে বংসরং প্রায় জুবায়, এ কারণ এখানভার ভূমি বড় সভেজঃ, আর এই জেলাতে বৃক্টি ধানা ও সর্যা যথেষ্ট জন্মে।

নিত্যানদ। এ জেলায় প্রধান নগর কিং আছে?

পরমানন্দ। এ জেলার মধ্যে প্রধান নগর নসীরাবাদ, যেখানে জজ্ জালেক্টর সাহেবদের কাছারী। ৩২ বৎসর পূর্বে ঐ নসীরা-বাদ প্রায় বন ছিল, এইক্ষণে আদালতের হান হইয়া সুদার নগর হইয়াছে। এবং এই জেলাতে সেরাজগঞ্জ নামে আর একটা ও নগর আছে; সে প্রধান বাণিজ্ঞাহ্বান।

৪ পাঠ । শুহিউ জেলার বিবরণ।

নিত্যানন্দ। এই জেলার দীমী কেমন হয়। ? পরমানন্দ। জেলা এহডের উত্তর ও পূর্ব দীমাতে ও দক্ষিব পুর ভাগে অনেক পর্যত আছে । ই মকল পর্যতে কুকী, ও থাসী, ও গারো, ইত্যাদি পর্যতীয় অনেক প্রকার লোকের বাস; জেলার দক্ষিণ সীমা ত্রিপুরার সীমার লাগাও, পশ্চিম সীমা ময়মনসিংহের সীমার লাগাও।

় বিভাগৰন। এ জেলাতে লোক হত !

পরমানস। এ জেলাতে যথেষ্ট পর্ত আছে, তৎপ্রযুক্ত জেলার লয়া চৌড়ার অনুসারে অল্প লোক। ২৬ বৎসর হইল একবার গণন। করা গিয়াছিল, তাহাতে জানা গিয়াছে যে লোক ন্যুনাধিক পাঁচ লক্ষ হইবে; তাহার মধ্যে হিন্দু নয় আনা, মুসলমান সাত আনা।

निजानम्। अथाति कि १ जत्मः

পরমানদ। এই জেলার মধ্যে যে নিমু ভূমি আছে, তাহাতে অপরির্যাপ্ত ধানা জয়ে; আর পরতে ববেন্ট কার্পাস ও চিনি জয়ে; আর বন্ধ দেশমাত্রেতে যত পাকা এমারত হয় তাহাতে যত পাতরিয়া চূণের ধরত হয়, নে তাবৎ প্রায় জ্রিহটের আমদানী; আর অন্তর্গ, কমলালের, মুগাধৃতি, ইত্যাদি সামগু অতি উত্তম জয়ে। আর এই জেলাতে কোমানার হাতী ধেদার কর্ম আছে, অর্থাৎ পাহাত্রইতে হাতী নামিলে সেই হাতী ধরা পড়ে; এই কর্মের নিমিত্রে কতক ওলি লোক ক্যানীর নিয়ত চাকর আছে, তাহারী হাতী ধরে। এ জেলা অতি বতু শ্রা চৌড়া, ইহাতে বিস্তর পরগলা আছে; চৌলবৎসরের পূর্বে এধানকার রাজস্ব কৃতি আলার হইত, এইক্ষণে চীকার চলন হইয়াছে।

৫ भारे।

জেলা বাকরগঞ্জের বিবরণ।

নিত্যানন্দ ৷ এ জেলার দামার নির্ণয় কি প্রকার ?

পরমানক। বাকরণঞ্জের উত্তর দীমা ঢাকা জালালপুরের সীমার লাগাও; দক্ষিণ দীমা দমুজের তীর পর্যান্ত; পূর্র দীমা মেঘনা নদ, যাহাতে এ জেলা আর ত্রিপুরা পৃথক্ হইয়া আছে; পশ্চিম দীমা যশোহরের দীমার লাগাও। ২৭ বংশর হইল ঢাকা জালাপুরের দক্ষিণাংশ লইয়া এই জেলার পত্তন হইয়ছে। ইহার মধ্যে দক্ষিণ শাহাবাজপুর নামে এক উপদ্বীপ আছে; দেখানে লবণজন্মে। আর পূর্র কালে মঘেরা আদিয়া এ অঞ্চলে নানা প্রকার দৌরাত্ম্য করিয়া ঘাইত; এইক্ষণে ইপ্রাজের অধিকার হওয়াতে সে সকল নিবারণ হইয়াছে; ক্রমেতে সেধানকার লোক বৃদ্ধিও হইতেছে, আর নানা জ্বয়েও জন্মিতেছে।

নিত্যানন। তথাকার লোকসংখ্যা কড, এবং ভূমি ভাল কি মন্দ্ ?

পরমানদ। এই জেলায় যত লোক আছে তাহার দশ আনা হিন্দু, ছয় আনা মুদলমান। লোক ও ন্যুনাধিক বার লক্ষ হইবে। এই জেলা নিমু ভূমি, দেই, জন্যে বৎসরং ইহাতে জল উঠে; জত-এব এখানকার ভূমি বড় উর্বরা। এখানকার ভূমির এমনি ওও, যে বৎসরেতে দুই বার ধান্য জরো। কলিকাভাতে ও অন্যং হানে এখানকার যথেন্ট চাউলের আমদানি হয়।

নিজ্যানদ। এ জেলার প্রধান নগর कि?

নি। ভাল, আরব দেশ পারশী দেশের কোন দিকে?

প। সে দেশ পারশী দেশের দক্ষিণ গশ্চিম কোণে, ভাছারি পূর্ব ভাগে পারশীয় মহাথাল, এবং ফরাত নদী; তাহার পশ্চিম ও দক্ষিণ এই দুই দিকে সূফ নামে মহাথাল, অর্থাৎ আরব সমুড। এই আরব দেশ দীর্ঘেতে বারশত ক্রোশ পরিমাণ, প্রন্তে এক ২০জার কোশ পরিমাণ। এই দেশ তিন থণ্ড, তাহার মধ্যে এক থণ্ডের যে রাজ্য সে অতি পূর্বকালের। সেথানকার লোক সকল আবর্হামের পূত্র যে রিশমাএল, তাহারি বংশ, যে রিশমাএল বিষয়ে পূর্বে এই কথা লেথা গিয়াছিল, যে য়িশমাএলের হাত সকল লোকের বিপরীতে হইবে,এবং সকল লোকের হাত তাহার বিপরীতে হইবে, এই কথানুসারে আরবের লোক সকল অদ্যাপি কথন কোন লোকের অধীন **হয় নাই, কিন্তু পৃথক্**২ হইয়াছে। আর তাহাদের এই এক মুভাব আছে, যে দে দেশ দিয়া যদি অন্য দেশের লোক গমনাগমন করে, ভবে ভাহাদিগকে ধরিয়া কাপড় ইত্যাদি যাহাথ থাকে সে সকল কাড়িয়া লয়; ইহাতেই সে দেখের নাম সর্ত্র খ্যাত আছে। ঐ আর্ত্তের প্রধান নগর মহম্মদের জন্মস্থান মকুা, এবং ভাহারি करद्रश्वान प्रमीना, व्याद माना, ও जमा, ও प्रस्नां है, वह (मर्गंद লোকেরা মহ্মদের মতে চলে।

নি। এখন তুকুক দেশের বিবরণ কিছু বলিলে ভাল হয়।

প। স্করে বলি শ্বন; সে দেশ আদিয়া দেশের মধ্যে, কিন্তু অতাত্ত পশ্চিম। সে দেশের অন্তঃপাতী অনেক দেশ আছে; তথাপি সে সকল দেশেরই নাম ভুকুক এই একটা প্রদিদ্ধি আছে। তাহার পূর্ব নামা পারশী দেশ উত্তরে ককশন্ পর্বত, যে পর্বত ক্রিয়ার লামা, এবং এই দেশের সীমাকে বিভিন্ন করিয়া রাখিয়াছে। অনুমান হয়, যে ঐ ককশন্ পর্বত হিমালয় শুেণীর পশ্চিম নামা। ঐ তুরুক দেশ পশ্চিমেতে ভূমধান্ত নমুদ্রদারা ইউরপের সঙ্গে পৃথক্ আছে। ঐ তুরুকের পূর্ব নামাতে ভিনুস ও করাত নদা।

ति। भूई कारन अरे जूबक मिट्न कार्य कर्य करेश हिन?

প। এ দেশের পূর্বকার অনেক বড়ং কর্ম আছে। এই ৫৮২৭ পাঁচ হাজার আটি শত সাতাইশ বংশর হইল পুথমে সেই দেশে মাটার ধূলি লইয়। পরমেশ্বর মানুষের দৃষ্টি করিয়াছেন। দিতায়তঃ নৃথ, ও তাহার জ্রী, এবং বধ্র সহিত তাহার ভিন পুত্র ইহারা পরমেশ্বরের আজানুসারে আপনার গোষ্ঠী বাঁচাই-বার জন্যে এক জাহাজে চড়িয়া জলপ্লাবনের কালে রক্ষা পাইয়াছিল। তৃতীয়তঃ ৪২০০ বৎসর হইল যথন প্রমেশ্বর পাপদমন করিবার জনো লোকদের ভাষা ভিন্ন করিয়াছিলেন, ভখন সে দেশে তাবৎ লোকের পরিবার সকল ছত্র ভঙ্গ इर्या नाना (मर्भ (मर्भाइती रहेगा किन। ठेजूर्थ ७१० वनपत रहेन যথন লোক দকল দেবতার পূজা করিতে আরম্ভ করিল, তথৰ বুক্ত আবরাহাম নামে এক মনুষ্যকে জন্মস্থান ছাড়িয়া ঐ দেশের এक প্রদেশে অর্থাৎ কন্তান দেশে যাইতে আজা করিলেন; আর কহিয়া দিলেন, যে দেখানে গিরা আমার আরাধনা কর; আরো কহিলেন, যে ভোমার বংশের সম্ভান সম্ভতি সকলে আমা-- হইতে বর পাইবে, এই প্রতিজ্ঞা করিলাম। ঐ আবরাহাম মরিলে शत्र टाँहात द॰नं शत्रम्ता, व्यर्वाय विह्नोत्र रंगाक नरून, नाना यह-ना क्लान कतिरक्तर भिनव रार्टन वान कतिरक नातिन। गुरे मंठ वर-নর পর্যান্ত নেথানে যন্ত্রণা ভোগ করিলে পর মোনহকে পাচাইয়া পিয়া ঈশ্বর তাহাদিগকে সেথানহইতে বাহির করিলেন, এব° পুনরায় ঐ কনআন দেখেতে আনিয়া সংস্থাপিত করিলেন; এবং এবরীয় ভাষাতে আপনার ব্যবস্থা তাহাদিগকে জানাইয়া আচা-র্যাদের দারা ধর্ম পুস্তক প্রকাশ করিয়াছিলেন। ঐ হ্রানেতে নয় শত বৎসর থাকিলে পরে বাবেলের রাজার হাতে যুদ্ধেতে পরাজিত হইয়া তাহারা তাঁহার দেশেতে গিয়া পড়িল, অর্থাৎ তিনি তাহাদিগকে কএম করিয়া আপনার দেশে লইয়া গিয়াছিলেন। তাহার সভরি বৎসর পরে ঈশ্বর তাহাদিগকে পুনর্বার কনজান দেশে আনিলেন, ও থীষ্টের জন্ম পর্যান্ত সেই স্থানে রাখিলেন। পঞ্চম ১৮২৭ বৎসর হইল, ঐ দেশের অন্তঃপাতি বীতলেথেম নগরে সিন্ধুহুইতে ১৭৬০ কোশ অন্তরে থ্রীষ্ট জন্ম লইয়াছিলেন, এবং তেত্রিশ বৎসর বয়ঃ পর্যান্ত সেই থানে বাস করিয়াছিলেন; কিন্তু রিহুদীয় লোক ভাঁহাকে মারিয়া ফেলিল। ইহার পর রোমানেরা আদিয়া রিত্-দীয়ের প্রধান নগর য়িরোশলম নট্ট করিয়া গেল, তাহাতেই সকলে ছত্ৰ ভঙ্গ হইয়া নানা স্থানে পড়িল; কিন্তু সেই সময়াবধি আজি পর্যান্ত তাহারা সর্ব দেশেতেই একটা পৃথক্ জাতি হইয়া আছে, তাহাদের মধ্যে কতক লোক কলিকাতায় আছে। তুরুকী দেখের অভ্যন্ত উত্তরাণশে আরমানি দেশ। পূর্ব্বেড এ দেশের লোকের বড় পরাক্রম ছিল। তাহাদের ভাষা ও অক্রর অনাহইতে হতন্ত্র, তথাকার অনেক লোক বাঙ্গালায় আছে।

৮ পাঠ। আসিয়ার উপদ্বীপের বিবরণ।

নিত্যানদ। এইছনে আর এক কথা জিজাসা করি, এই আসি-যাতে কত উপধীপ আছে? পরমানদ। উপধীপ অনেক আছে, তাহার মধ্যে দুই তিন্
টার কথা ধলি। প্রথমতঃ সুমাত্র উপধীপ, এ উপধীপ লম্বায়
আট শত ত্রিশ ক্রোশ, চৌড়ায় এক শত পঁচান্তর ক্রোশ। সে
দেশের লোক এক প্রকার নয়, দুই তিন প্রকার আছে; কতক
মালাই, তাহারা মুসলমানের মতে চলে, কিন্তু আসল সেই দেশের
লোকেরা পূজা অর্চ্চা প্রায় কিছই করে না। ঐথানেতে বিস্তর গোল
মরিচ জন্মে। আর সেথানহইতে থাটং অতি সুদ্দরং ঘোড়া সকল
এ দেশে আইসে। ঐ সুমাত্র উপধীপের অন্তঃপাতি বাস্কা উপধীপহইতে রাঙ্গ আইসে, ঐথানেতে রাঙ্গের থানি আছে। ঐ
সুমাত্রের মধ্যে আচীন নামে এক রাজ্য আছে, সে রাজ্যের লোক
পূর্বে বড় পরাক্রমী ছিল। ঐ স্থানে অনেক কাল পর্যান্ত ইণ্রাজের
অধিকার,ও বাটা ঘর ঘার ছিল, কিন্তু এথন তাহারা তাহা সন্ধিঘারা
ওলনাজ লোককে দিয়াছে।

নি। ভাল, ইহা বিনা আর কোনং উপদ্বীপ আছে?

প। তবে বলি শুন, ঐ সুমাত্র উপদ্বীপের পূর্ব অঞ্চলে যাবা নামে এক উপদ্বীপ আছে, সে উপদ্বীপ হলাগ্রায়দের অধিকার; সে দীর্ঘেপাঁচ শত যাটি কোশ, আর প্রস্থে অফ্টাশ্রী কোশ। তাহার রাজধানী নগর বাটেবিয়া, সে একটা প্রধান বাণিজ্যের হান। আসল সে দেশীয় লোকদিগকে, যাবানীয় বলে, এবং ঐ স্থানে মালাই লোকেরও বাস আছে; তাহারা মুসলমানদের মতে চলে। আর সেথানে চীন দেশের অনেক লোক আছে, তাহারা আপনা-দের দেশের ভাষা কহে, এবং আপন দেশের মতে দেবতা পূজা করে। যাবানীয়েরা পূর্বে হিন্দু মতে চলিত, তথাতে এথনও হিন্দু-দের স্থাপিত প্রাচীন মন্দির ও দেব প্রতিমা আছে। এই যাবার নিকটে তিমোর নামে এক উপদ্বীপ আছে, সে দীর্ঘে এক শত পঁচা- ন্তর কোশ, পুস্থে বাওয়ার কোশ। যাবার তিন শত কোশ উত্তরে বর্ণিও উপদ্বীপ। নূহলাও প্রকাশ হওনের পূর্বে জ্ঞান ছিল, যে পৃথিবীর মধ্যে সকল উপদ্বীপহইতে এই বর্ণিও উপদ্বীপ বড়। এ দীর্ঘে আট শত কোশ, এবং পুস্থে পাঁচ শত ক্রিশ ক্রোশ। এথানকার লোক প্রায় ক্ষ্ণু বর্ণ, ইহারা মহম্মদের মতাবলম্বী। এই উপদ্বীপে ইউরপের লোকের বসতি নাই, এবং বাণিজ্য অল্ল; কিন্তু ইউর-পীয় লোকেরা ঐথানে বসতি করিবার চেক্টায় আছে। ঐউপদ্বীপে চীন লোক অনেক আছে।

নি। ভাল, তবে আর কোন উপদ্বীপ আছে কি না?

প। হাঁ, আছে, তাহার মধ্যে হিন্দু হানের দক্ষিণে সিংহল্দীপ অর্থাৎ লঙ্কা, সে ইংরাজের অধিকার; সে দীর্ঘে ২৫০ ক্রোশ, পুষ্ ১৪০ ক্রে'শ। তাহার প্রধান নগর কলম্বো, সেথানকার লোকেরা প্রায় বৌদ্ধ মতে চলে। কিন্তু আদিয়ার অন্তঃপাতী এক প্রধান দ্বীপ আছে, যাহাকে ইণরাজী ভাষায় ন্যহলাগু বলে; সে ২৪০০ ক্রোপ দীর্ছে, ১৭০০ কোশ পুরে, সে এত বড় পুকাও ন্থান, তথাচ ইণ্রাজী ১৬১৬ খাল পর্যান্ত অন্য দেশীয়েরা তাহা জানিতে পারে নাই। পূর্বে পোর্ভুনী-শেরা প্রধান নাবিক ছিল, তাহারাই পুথমে ঐ দেশ জানিয়াছিল। পরে ১৭৭০ শালে কাপ্তেন কুক্ সাহেব ঐ ধীপকে বেইটন করিয়া প্রায় তাহার চারিদিকের নক্সা করিয়া আনিলেন। এবং তিনি আরো অনেক্থ উপদ্বীপের বৃত্তান্ত জানাইয়াছিলেন, তাহারি মধ্যে একটা উপদ্বীপের নাম ওয়ৈহী; সেই উপদ্বীপের লোকের। অকারণে তাঁহার প্রাণদণ্ড করিয়াছিল। ন্যুহলাণ্ডের লোকেরা অসভ্য বড়, কৃষি কর্ম কি প্রকারে করিতে হয় তাহাও জানে না। কিন্তু সে দেশ স্থানে উন্ধম, সেথানকার কোন লোকের পীড়া নাই। এই ক্ষণে ইণ্লগুয়ের। সেথানে কচক সহর বসাইয়াছেন,সে সহর দিনেং তাল হইতেছে।

৫ ভাগ।

ইউরপ ও আন্ত্রিকা ও আমেরিকা পৃথিবীর এই তিন ভাগের বৃত্তান্ত।

প্রথম পাচ। **ইউরপের বিবরণ**।

নিত্যানন্দ। ও হে ভাই, পৃথিবীর চারি থণ্ডের মধ্যে এক থণ্ড আসিয়ার বিবরণ শুনিলাম, এইক্ষণে আর এক থণ্ড যে ইউরপ, ভাহার বিবরণ অনুগৃহ করিয়া কিছু বল, শুনি।

পরমানদ। ভাল, তবে বলি, শুন। ইউরপ আনিয়ার উত্তর
পশ্চিম দিকে, কিন্তু এই দুয়ের মধ্যে কোন সমুদ্র ব্যবধান নাই;
ফলতঃ আসিয়ার পশ্চিম সীমার সঙ্গে ইউরপের পূর্ব সীমার
মিলন আছে। আর উত্তর সীমা হিম সাগর, পশ্চিম সীমা
আটুাণ্টিক সাগর, দক্ষিণে ভূমধান্থ সাগর; এই সমুদ্র মধ্যথানে
ব্যবধান থাকাতে আফুকা থণ্ডের সঙ্গে ভিন্ন হইয়া আছে। এই
ইউরপ দুই হাজার নয় শত ক্রোশ দীর্ঘ, আর দুই হাজার আটবাত্তি ক্রোশ পুদ্ধ। অনুমান হয় যে তথাতে পোনের কোটি লোক
আছে। আসিয়াতে লোক বস্ভির পরে, অনেক দিন গতে ইউরপে
বস্তি হইয়াছিল। আসিয়ার পরিমাণ অপেক্ষায় ইউরপের পরিমাণ ভিন ভাগ ন্যুন, এবং লোকও ভিন ভাগের এক ভাগ আছে;
কিন্ত তথাকার লোকের পরাক্রম ও জান বড়।

নিশ ইউরপের মধ্যে কত রাজ্য আছে?

প। ইউরপেতে চতুর্দশ রাজ্য আছে, ক্রমেতে প্রত্যেকের নাম বলি, খন। ১ই॰লণ্ড, ২ রুসিয়া, ৩ ফ্রাসীস্, ৪ হলাণ্ড, ৫ অক্সিয়া, ७ थरिया, १ स्निन, ৮ जूरकी, ३ बीमन, ১० मियार्क, ১১ পোর্জুনাল, ১২ বিতজের্লণ্ড, ১৩ জর্মণের ক্ষুত্রহ দেশ, ১৪ ইটালী।

२ भारे।

हे॰लथ फिट्मात विवत्न ।

নিত্যানন্দ। ভাল, তবে এইক্ষণে ইম্লণ্ডের বিবরণ কিছ বল, স্তনি। পরমানন। ই॰লগু একটা উপদীপ, ভাহার চারি দিকে সমুত্র, শেই জন্যে আরু ছানের সঙ্গে পৃথক্ আছে। সে দীর্ঘে প্রায় পাঁচ শত কোশ, এব॰ পুদ্ধেতে ৩০০ কোশ ও হইতে পারে। এই উপদ্বীপের দৃই ভাগ আছে, প্রথম ই॰লও, দ্বিতীয় স্কটলও; পূর্বে এই দুই ভাগে ভিন্ন২ দুইটা রাজ্য ছিল। ১৭০৭ শালে ঐদুই দেশ এক রাজ্য হইয়া নিয়াছে। এই দুই ছানের ভাষা এক প্রকার, অনুমান করি যে দুই স্থানেতে লোক ন্যুনাধিক এক কোটি তের লক্ষ আছে। এবং ইংলণ্ডের পশ্চি-मांत्म बेर्नेख नाम बाद बक्टै। डेशबीश बाह्द, म डेशबीश দীর্ঘেতে দুই শত যাইট কোশ, পুন্তে এক শত ত্রিশ কোশ। সেধানে পঞ্চাশ লক্ষ লোক আছে। তথাকার ভাষা মতত্র, কিন্তু ইণ্রাজী ভাষারও চলন আছে। এই তিন দেশ, অর্ধাৎ ইণ্লণ্ড, এবং স্কটলণ্ড, ও ঐর্লও, এখন এক রাজ্য হ্ইয়াছে। তাহার নাম গ্রেট ব্রিটন বলে। নি। ভাল, ই॰লণ্ডের প্রাচীন গল্প কিছু জান? তানিতে বাঞ্ছা कति।

প। হাঁ, জানিব না কেন? তবে তবা অতি পূর্বে যথন ক্রমী লোকেরা ই লগু উপধীপে আদিত, তথন দেখিতে পাইত, যে ঐ বেশের লোক সকল প্রায় উলঙ্গ, ও নানা অঙ্গেতে চিত্রকরা পূর্বিকার মত, ভাষনো তাহাদের নাম শিক্ট, অর্থাৎ চিত্রকরা, রাধিয়াছিল; আর

্দেশের নাম রাথিয়াছিল ব্রিটিন। পরে ইণ্রাজী শক আরম্ভ হই-বার ৫২ বংশর পূর্বে কাইশর নামে ক্রমী লোকদের রাজা আদি-য়া ঐ দেশকে করতল দ্বিত করিয়া সাড়ে চারি শত বৎসর পর্যান্ত দেখানে রাজ্য ভোগ করিয়াছিলেন। পুনর্বার ১০৬৬ শালে ফুঁানীস্ দেশের উলিয়াম নামে এক সেনাপতি আসিয়া, দেশ অধি-কার করিয়া রাজত্ব করিয়াছিলেন। সেই উলিয়ামের সন্তানেরা এখনও সিংহাসনে বসিয়া রাজত্ব করিতেছেন, তাঁহাদের বংশ পর-মুরাতে দাড়ে দাত শত বৎসর রাজ্য ভোগ হইল। বোধ হয় যে क्रभीरमत यामियात भूर्ख् वे उभिश्वरभत लाकिमित्र भृथियीत অন্য দেশের লোকেরা প্রায় জানিতও না; কিন্তু তথাচ উহারা লোক বড় অল্ল ছিল না, যথেষ্ট ছিল! তাছাদের বাস এবং নীতি কি পুকার ছিল, তাহা জান? তাহারা লতাপাতা দিয়া কুঁড়ে বাঁধিয়া তাহারি মধ্যে বাদ করিত ; আর বনের হরিণ ইত্যাদি পঞ্চ সিকার করিয়া তাহারি মাণ্স ধাইয়া এবং দৃগ্ধ পান করিয়া কাল কাটাইত! প্রোহিতেরা যেমন বিধান দিত, তদনুসারে দেবতাদের আরাধনা করিত; ঐ পুরোহিতদের নাম জইত। আরথ লোক-দের উপরে তাহাদের বড় পরাক্রম ছিল। আর মাল এবং দেও-য়ানী ও ফৌজদারী ইত্যাদি বিচার ও তাহারাই করিত। যে কোন বিষয় কেন হওক না, তাহারা যে নিষ্পাত্তি করিয়া দিত, সকলে তাহাই মানিত; যদি না মানিত, তবে তৎক্ষণাৎ তাহার তথেষ্ট দণ্ড করিত। আর আপনাদের যে মত তাহাও আপন জাতি ছাড়া অনাকে না বলিয়া অতি সংগোপনে রাথিত; এবং কথনং সামান্য বনেতে, কথন বা কোন পর্বতের গৃহাতে গিয়া, বাস করিত ; ও বনের ফল মূল থাইয়া কাল কাটাইত। আর ভাছাদের এই এক নিয়ম ছিল, যে বৃদ্ধেড়ে যে দকল লোক বছ হইড, ছুরি দিয়া

ভাহাদের বক্ষঃস্থল চিরিত; তাহাতে যে রক্তধারা পড়িত তাহা দেখিয়া এমন হইবে, অমন হইবে, তেমন হইবে বলিয়া, এই প্র-কারে কতক গুলা মিথ্যা ধ্যান লাগাইত।

নি ৷ তবে এইক্ষণে সাহেব লোকদের মধ্যে তেমন ব্যবহার আর কিছুই দেখিতে পাই না; অতথব জিজ্ঞাসা করি, কি জন্যে ঐ সকল ব্যবহার উচিয়া গিয়াছে?

প। ওহে, কি জন্যে উঠিয়া গিয়াছে, ইহার বিবরণ কিছু বলি শুন। এইক্ষণে সে দেশে সচরাচর চলিত যে থাফিয়ান ধর্ম, তাহার প্রকা-শক ব্যক্তিরা ইংরাজী পাঁচ শত নর্ই শালে আদিয়া প্রথমে ঐ ধর্মের প্রকাশ করিয়াছিলেন; ভাঁহারা দেশের বাদশাহকে শ্বনা-ইলে বাদশাহ তাঁহাদিগকে এই কথা বলিলেন, ভোমাদের যে কথা এ আমার বিচার্য্য বটে; কিন্তু এই মত গুহণ করিয়া আমার পূর্ব পুরুষদের যে সকল নীতি আছে, তাহা কেমন করিয়া পরিত্যাগ করিব? সে যাহা হউক, আমাদের ভালর নিমিত্তে তোমরা এত দূর পর্যান্ত নানা দুঃথ কন্ট পাইয়া আদিয়াছ; অতএব আমি প্রতি-বন্ধকাচরণ করিব না, যেথানে ইচ্ছা দেইথানে নিয়া মত প্রকাশ কর। বাদশাহ যে এত দূর পর্যান্ত স্থীকার করিয়াছিলেন, তাহার কা-রণ বৃষ্ধি এই হুইতে পারে, যে তিনি দেই ধর্মপথ প্রদর্শকদিগকে ধার্মিক, আর ভাল মভাব দেখিয়া এঁহারাই সতাপথাবলয়া মনেং এই দ্বির করিয়াছিলেন। জাহার পর ঐ ধর্মের প্রকাশ হইতে। কাল ক্রমে কতক গুলি লোক ঐ মতের মধ্যে আসিয়া ঐ ধর্ম গুহণ করিল, শেষে বাদশাহ আপনিও গুহণ করিলেন। আর বাদশা-হের আজা ও উপরোধ বড় মানা বটে, তথাপি তিনি কোন প্রজাকে वरनत हाता (न मर्छत मर्था व्यक्तिनन ना; कातन वह य वनहाता मोहाचा श्रकाम काहा धर्म शृष्ठक विक्रब कर्म, चाह रेन अक श्रकाह व्ययशार्थ धरम्बंद निमर्थन ७ वटि ।

'নি। ভাল্থ এইকনে আর একটি কথা জিজাসা করি, ইণ্লণ্ডের রাজ্যশ্বাসন কি প্রকার !

প। ওহে, এই যে কথা জিজাসা করিলা, এ বড় সুন্দর, ভবে বলি স্তন। ঐ দেশের রাজ্যশাসনের কর্ত্তা এক নয়; তিন, অর্থাৎ এক জন আর দুই সভা। এই তিনেতে এক বাকা হইয়া রাজা প্রতি-পালন করেন। তাহার বিশেষ শ্তন। রাজা মরিলে রাজার জ্যেষ্ঠ পুত্র রাজা হন বটে, কিন্তু সভার অনুমতি বিনা **হইতে পারেন না। আ**র রাজার যুদ্ধ করিবার এব' সন্ধি করিবার ক্ষমতা আছে, এব' রাজ-কর্ম উপযুক্ত অনৃপযুক্ত বুঝিয়া কার্যাচ্যুত ও নিযুক্ত করিতে পারেন। কিন্তু এ সকল কৰ্ম ব্যৰস্থাতে যেমন লেখে তেমনি করিতে পারেন, ব্যবদ্বা বিনা কোন কর্ম করিতে পারেন না। অন্যায় করিয়া যে কাহাকে প্রাণ দণ্ড করিবেন, কিম্বা আর কিছু করিবেন, এমন হইতে পারে না। এবং সভার অসম্ভিতে কোন নূতন ব্যবস্থা চা-লাইতে পারেন না। সভাছদের কিং ক্ষমতা তাহা জান? তাঁহারা নৃতন ব্যবস্থা চালাইতে পারেন, ও পুরাতন ব্যবস্থার বদল করিতে পারেন। আর সভা দুইটা কেন? তাহার বিশেষ শ্বন। বিশিষ্ট সন্তান-দের এক সভা, আর সাধারণ লোকদের এক সভা; অর্থাৎ পুথম সভাতে কুলান মর্যাদাবন্ত লোক সকল বইসেন, আর দিতীয় সভাতে দেশন্ত লোকেরা যোগ্য পাত্র বিবেচ্কা করিয়া যাহাকেং পদন্দ করেন, এমন লোক ছয় শত হইতেও অধিক বইসেন। সভান্তদের প্রধান কর্ম এই, যে তাঁহারা প্রতি বৎসর হাসিল নির্ণয় করেন্, এবং বিলক্ষণ বিবেচনা পূৰ্বক ব্যবস্তা দ্বির করেন ; যে হেতুক ভাঁহা-দিগের অসমতিতে রাজা রাজম কিয়া হাসিল নইতে পারেন না। আর যদি কেই বাবস্থা অতিক্রম করে, কি দেশের উপরে বিপদ ছটায়, যি,নি কেন ইউন না, তাঁহার নামেতেই সভায় নালিশ হয়। ি নি। তথাকার বিচারের রীতি কেমন, যৎকিঞ্চিৎ বল, দেখি?'
প। সেধানে অনেকে একত্র বসিয়া মোকর্দমার তজ্বীক করেন,
ইণরাজী ভাষায় তাহাকে জুরির বিচার বলে। তাহার ধারা এই,
যথন কোন লোক আসামী হইয়া বিচারহানে আইসে, তথন
তাহারি প্রতিবাসিবর্গ বার জনকে বিচার দেখিবার জন্যে ডাকিয়া
তাহাদিগকে জুরি করিয়া বসান। তাহার পর সাক্ষিরা যে প্রকারে
সাক্ষ্য দেয়, তাহা সাঞ্চিদের প্রমুখাৎ তাহাদিগকে বিলক্ষণ রূপে
জানাইয়া বিচারকর্তা জিজ্ঞাসা করেন, যে এ ব্যক্তি দোষী কি
নির্দোয় অনন্তর ঐ বার জনের বিচারানুসারে সে ব্যক্তি সাপরাধ
নিরপরাধ নিশ্চিত হয়; কিন্তু আসামী যদি সেই বার জনের মধ্যে
কাহাকেও অহীকার করে, তবে সেই স্থানে অন্য এক জনকে
বসায়; এই প্রকারে যে বিচার করা, ইহার ফল কি? না, কেহ যে
কাহারও উপরে অনায় করেন, ইহাতে সে পথ নাই।

নি । সে উত্তম বটে, এখন জিজ্ঞাসা করি, বুটিন দেশের বাণিজ্য কর্ম কি প্রকার?

প। তথাকার বাণিজ্য কর্ম অতি ভারি, এমন ভারি যে সেথান-কার বাণিজ্যের জাহাজ না ষায় প্রায় এমন দেশ নাই। এক বৎসরে লগুন সহরে নানা দেশহইতে এত দুবা সামগুরি আমদানা হইয়া-ছিল, যে সমুদ্যেতে একন করিলে ভাহার মূল্য যাটি কোটি টাকা হয়। এবং লগুন ছাড়া আরং নগারেতেও যত আমদানা রপ্তানী হইয়াছে, তাহার মূল্য হিসাব করিলে বিস্তর টাকা হয়।

িনি। তবে সন্ ই॰লণ্ডের রাজস্ব কত জনা হয়?

প। সভা লোকদের আজার মতে বৎসরং ভূমির থাজানাতে হাসিলেতে একত করিয়া চলিশ কোটি টাকা হইবেও

নি । তথাতে বিদ্যালয় আছে কত!

প। দেখানে ভাগাবান্ লোকদের বিদ্যা শিথিবার জনো বিদ্যালয় অনেক আছে; কিন্তু তাহার মধ্যে বিদ্যালয়ের প্রধান নগর এই দুইটা, অক্সকোর্দ্ধ ও কাম্যুক্ত; অক্সফোর্দ্দে লভেরটা বিদ্যার আলয় আছে, এবং কাম্যুক্ত বোলটা আছে। এই দুই স্থানেতে নানা প্রকার বিদ্যা ও নানা প্রকার ভাষা শিক্ষা হয়। আর টাকা থরচ করিয়া বিদ্যা শিক্ষা হয়, গ্রামেং এমন অনেক পাচ-শালা আছে। কিন্তু বিনা মূল্যে বিদ্যা শিথাইবার জনো এথন দশ হাজার পাচশালা হইয়াছে, সেই থানে গিয়া দুঃথি লোকদের বালকেরা বিনা মূল্যে পুন্তক আর বিদ্যা শিথিতে পায়।

নি। ই॰লণ্ডেতে দৈন্য আর যুদ্ধের জাহাজ কত আছে?

প। এই ক্ষণে আর যুদ্ধ বিগৃহ অধিক নাই, এই জনো সৈনা কিছু কমান গিয়াছে, তথাচ এখনও লক্ষ সৈনা পুস্তত; সে তাবৎই ইংলণ্ডের বাসিন্দা লোক, অনা স্থানের নয়। ইংলণ্ডের লোকের যে পরাক্রম সে কেবল সৈনাদারা নয়, বরং জাহাজদারাও বটে, কেননা তাহারা ঐ জাহাজদারা সমুদ্রের উপরে গিয়া বিপক্ষ লোককে দমন করিয়া রাখে, এই পুযুক্ত পৃথিবীর অতি দূর দেশীয় লোক সকল অন্তঃকরণেতে ভয় পায়। ভাবে এই, যে কি জানি কথন কোথা গিয়া উপন্থিত হয়। যুদ্ধের উদ্যোগ ইইলে ছোট বড় প্রায় হাজার জাহাজ প্রস্তুত হয়; এবং ভাহাতে প্রায় এক লক্ষ বিশা হাজার নাবিক লোক থাকে।

নি। গুট্ বুটনের কত জেলা, এবা প্রধান কোনং নগর?

প। তাহার প্রথম অবধি বলি তান। প্রথমত ইংলও দেশের চরিলটা জেলা; আর ওএলু নামে তাহার যে এক প্রদেশ আছে, তাহার মধ্যে,বারটা জেলা আছে;এই সম্দায়ে বাওয়ারটা। এথন নগরের বিষয় বলি তান; ইংলওের প্রধান নগর লওন। এই লওন

নগরে অনুমান দশ লক্ষ লোক আছে, কিন্তু ইণ্নগু দেখের আর' কোন নগরে লোক দেড় লক্ষের অধিক নাই। ২ লিবরপুল নামে সমৃত্রতীরে এক প্রধান নগর আছে। গত পাঁচ ছয় বৎসরাবধি ভারত বর্ষের সঙ্গে সে নগরের বাণিজ্য অনেক চলিতেছে, তথাহইতে বৎসরে ত্রিশ চল্লিশ থান জাহাজ ভারতবর্ষে আসিয়া থাকে। ৩ ই°লণ্ডের পশ্চিম ভাগে বৃষ্টল এক প্রধান নগর। ৪ মাঞ্চেট্র নামে পূর্বে এক কুন্ত গ্রাম ছিল, কিন্তু এক শত বৎসরের মধ্যে ত্লার বাবদায়েতে দে এক মহানগর হইয়াছে; বৎসর্থ বন্ধ দেশহইতে ই°লগু দেশে যত তুলা রপ্তানী হয়, তাহার অধিকাণ্শ ঐ নগরে উচে, আর দেখানকান হাজারং লোকে ঐ তুলাতে কাপড় বানায়। ৫ বর্মিন্ডাম নামে পূর্বে এক থানি ক্ষুদ্র গ্রাম ছিল, কিন্তু দে এখন কর্মকারের বাবদায়েতে এক মহানগর হইয়াছে, এখন ঐ কর্মে সেথানে বাটি হাজার লোক নিযুক্ত আছে। ৬ শেফিলু নামে এক নগর আছে, দে অক্রাদির ব্যবসায়ে অভিশয় প্রধান স্থান ছই-রাছে; দেখানে পঁরতারিশ হাজার লোক আছে। ৭ য়র্ক নামে নগরও প্রশাণসনীয়, যে হেতুক সেই নগর পূর্ব কালে ইণলগুর উত্তর ভাগে প্রধান ছিল। ৮ বাখ নামে ই॰লণ্ড দেশের অভি সুন্দর নগর, এব° তথাকার জলের বড় প্রশংসা, যে হেতুক সে জল রোগ প্রতীকার করে। এ দকল ছাড়া সমুদ্রতীরে পোর্দ্তবিশ্ব ও পুমৌগ্ও ফাল্বৌগ্ও হল্ইত্যাদি নগর আছে।

ক্ষটনণ্ডের প্রধান নগরের নাম এতিন্বর্গ, তথাতে ৮৩০০০ লোক আছে, আর অনেক বিদ্যালয়ও আছে।ইহাছাড়া গ্লাসগো, পর্ব, আবের্ডান, ডগুট, ইত্যাদি নগর আছে। সেধানকার বাণিক্যের প্র-ধান নামগ্রী পরিধের বস্তু, ও আজাড়, ও সূতালী ইত্যাদি। ঐর্লণ্ড দেশে চারিটা ভাগ আছে, ভাহার মধ্যে প্রথম ভাগে বার জেলা; দিতীয়ে নয় জেলা; ভৃতীয়ে পাঁচ জেলা; চতুর্থে ছয় জেলা। তথাতে সমুদায় বত্রিশটা জেলা আছে। তথাকার প্রধান নগর তব্লিন, ইহা ছাড়া কর্ত্ত, লগুনডেরি, লিমেরিক, ইত্যাদি নগরও আছে।

নি। ভাল, এখন ইত্লণ্ডের রাজধানী যে লণ্ডন নগর, অনুগুহ পুরুক ভাহার বিশেষ বিবরণ বল দেখি ?

বলি শ্বন। ঐ সহর তেম্দ্নদীর নিজ থীরে, আর সমুদ্র তারহইতে ৫৬ ক্রোশ অন্তরে। পূর্বে যথন রোমাণেরা আদিয়াছিল, তথন ঐ নগর ছিল ; কিন্তু এক হাজার বৎসর অতীত হইল ই॰লণ্ডের মধ্যে আল্ফুেড নামে অতি বড় খ্যাত এক রাজা তিনিই ঐ নগ-রকে রাজধানী করেন; সম্প্রতি গত দুই শত বৎসরের মধ্যে সে পূর্বাপেকায় অতি বড় খ্যাত হইয়াছে। সে লম্বায় ছয় কোশ, চৌড়ায় দৰ্বত্ৰ সমান নয়, কোন২ চাঁই এক ক্ৰোণ পরিদর, কোন স্থানে বা দুই ক্রোশ পরিষর। সহরের সরাণ পথ অতি লয়া চৌড়া। ঐ সকল পথের তিন্ত ভাগ ; মধ্যশ্রানের ভাগ বড়্ছ পাতর দিয়া গাঁথা, সেখান দিয়া কেবল খোড়া ও গাড়ি চলে; আর দুই পার্ম্মে অতি সৃদ্দর পাতর দিয়া গাঁথা পথ্য, সে কেবল মানুষের शंगनाशंगरमत जामा। वे मूरे शार्षित शर्थत नोरहर वर्ड नतनामा আছে, ঐ নরদামা বহিয়া সহরের ময়লা সকল তেম্স্ নদীতে পড়ে। ঐ লণ্ডন সহরের রাজ পথেতে ও গলিতে সমুদায়ে আট হা-কার রাস্তা আছে, এবং কলিকাতার লাল দীখির চারিদিকে যেমন অতি সুন্দরং বাটা আছে, তেমনি চারি ভিতে সমান যাটি পাড়া ঐ সহরে আছে; এব॰ এক লক্ষ বাটি হাজার পাকা এমারত আছে। আর এ দেশে যেমন দ্রহইতে জল আনিতে হয়, তেমন সেখানে নর, নগরের মধ্যে দিয়া যে তেম্স্ নদী বহিতেছে, তাঁহারি কাছেং

এমনি একটাং কল বানাইয়া রাথিয়াছে; সেই কলছারা নগরের' প্রতি ঘরেতে দীদার নল দিয়া জল আইসে।

ঐ লগুন নগরেতে চারি শত গিরিজা ঘর আছে, আর বালকদের বিদ্যাত্যাদের জন্যে তিন হাজার পাঠশালা আছে, আর লোক-দের কুকর্ম নিবারণার্থ আটটা সমুদায় আছে, ও বিদ্যাবৃদ্ধির জন্যে ও তাহার উপকারের জন্যে বারটা সমুদায় আছে, এবং বৃদ্ধ ও কাজালী লোকদের পুতিপালনের নিমিত্তে অটাদেশ সমুদায় আছে, এবং রোগী ও দরিজ ব্যক্তিদের ঔষধ দিবার জন্যে বিংশতি স্থান, আর এক শত চিকিৎসার আলয় আছে, তথাতে দরিজ লোকেরা বিনা মূল্যে ঔষধ পায়, এবং অন্ধ ও অথর্ব অনাথ লোকেরা আহারাদি পায়। এই যে সকল সমুদায়ের কথা কহি-লাম, ইহা ছাড়াও দুঃথি দরিজ লোকদের নানা উপকার করি-বার জন্যে অনেকং সমুদায় নিযুক্ত আছে।

ঐ নগরেতে উৎক্ষিং ছয়টা রাজগৃহ আছে, আর সূপ্রীম কোর্টের বিচারের স্থান নয়টা আছে। তন্তির ছোটং বিচারস্থান বেয়ালিশটা আছে, এবং বাবস্থা শিথিবার জনো বড়ং চারিটা আলয় আছে; তথাকার সিরিস্তার উকীলেরা গিয়া সেই স্থানেতে বাবস্থা শিক্ষা করে। ঐ সহরে চৌদ্দটা বড় পাঁচটা ছোট কারাগার আছে। আর বাদশাহ নিস্কে চারিটা স্থান করিয়াছেন, সেই স্থানে গিয়া লোকেরা চিত্র ইত্যাদি নানা শিলুকর্ম শিথিতে পায়। আর নান্না ভাষার পৃষ্তকেতে পরিপূর্ণ আচারটা সাধারণ পৃষ্তকালয় আছে।

লণ্ডন সহর সর্ত্তের বাণিজ্যের স্থান। তেম্দ্নদীর উপরে সম্থ-সরের মধ্যে তিপ্পান্ন কোটি টাকার জিনিশ পত্তের আমদানী রপ্তা-নী হয়, এবং লণ্ডন নগরের আমদানী রপ্তানী ছেয়ুানরই কোটি টাকার হইয়া থাকে। লণ্ডনের তেম্দ্নদীতে চারিটা বৃহৎং দাঁকো ·আছে। সেই সাঁকোর ফুকার দিয়া বড়ং নৌকা যাতায়াত করে; তাহার মধ্যে শেষে যে পুলটা করা নিয়াছে, তাহাতে আশী লক্ষ টাকা ব্যয় হয়।

ঐ নগরের প্রভাক পথে আলো অলে, তাহাতে কোন লোকের রাত্রিতে গমনাগমনের ক্রেশ জন্মে না। পূর্বে নিয়ম ছিল, যে রাম্বায়২ পুদাপের আলো ছলিত, কিন্তু সম্পুতি কএক বঁৎসরের মধ্যে এক সৃষ্টি হইয়াছে, ভাহাকে বলে গাস্; তাহাদারা সর্ব্র আলো হয়। ঐ গাস্কি প্রকারে জন্মে তাহা ভান। নগরের মধ্যে ছানেং গাস্ পুস্তুত করিবার জনো ঘর আছে ; সেই হারেতে অনেক কয়লা কিয়া তৈল बानाইয়া তাহার ধূম জমা করে, সেই ধূম দীদার নলদারা দর্বত্র চালন করে। তাহার পর প্রত্যেক ঘরের মধ্যে যে ঐ পিত-লের নলের একং মূথ থাকে, সেই মূথ দিয়া ধূম বাহির হইতে থাকে। ঐ নলের মুখেতে অঘি সংযোগ করিবামাত্র হচাৎ অলিয়া উচে, পরে যতক্ষণ ইচ্ছা হয় ততক্ষণ জ্বলে, মনে করিলে যদি निवाइव उत्व वे नरमछ वमन कम बाह्य या महे कम छिलिएन ধুম বদ্ধ হয়, তাহা হইলেই আপনি নির্বাণ হয়। শরীরের সর্বত ষেমন শিরা দিয়া রক্ত চলে, তেমনি ঐ সহরের সর্ত্ত নল দিয়া জল **এव॰ जाना** जान।

নি। ও হে ভাই, এই সকল বৃত্তান্ত স্থানিরা তুই হইলাম; ভাল, ই॰লঞ্জীয়েরা পূর্বে অভিবাদ অসভা ছিল, আর এই হ্রুণে যে এমত পরাক্রমী হইল, হইার কারণ কিছু বলিতে পার?

প। সে কথা আর বলিব কি? তান, এ জগতের কোন বস্তুই চিরদিন সমান থাকে না; ফলতঃ নদীর যেমন এক কূল ভালে আর কূল গড়ে, স্থেমনি দিনেং একের বৃদ্ধি অন্যের জাদ হ'য়। সে যাহা হুউক ভাহার বিশেষ কারণ যদি শ্বনিতে চাহ তবে এই কথা বলা যায়; যে ইশ্বর দয়া করিয়া ভাহাদিগকে যে শাস্ত্র দিয়াছেন, সে শাস্ত্রের গুণ এই, যে অসভ্যতা যুচাইয়া মনেতে জ্ঞানের উদয় করে, আর উত্তম চর্যা জন্মায়, এবং যাহারা ঐ শাস্ত্র মানে তাহাদিগকে ইশ্বর অবশ্য বাড়ান। বোধ হয়, যদি তাহারা ঐ শাস্ত্র না
মানিয়া ত্যাগ করিত, তবে পূর্ব দশাতেই উহাদের কাল যাপস
হইত।

৩ পাঠ।

कुँगिम् (परमञ्ज विवत्र।

নিত্যানন্দ। শুন, হে ভাই পরমানন্দ, এই ক্ষণে ফুঁাদীদ্ দেশের কথা কিছু বল।

প। कान प्रमारक कुँगिन वरन, ठाइ। जान ? य प्राप्त करानि-रमता वाम करत, पाइ (मर्गात नाम कुँगिन प्राप्त । আष्ट्री किंक नागरतत्र जिम क्लाम श्रुद्ध य अकछ। काँड़ी चाएक, पाइ काँड़ीराउ दे॰नल चात कुँगिन शत्रमत शृक्षक इहेग्रा चाएक। कुँगिनियत मीमा नीर्ष्य श्रीग्र क्य माउ क्लाम, श्रुद्ध शाँठ माउ कांगा। अहेश्विवीत मरधा कुँगिन प्राप्त कांक्य लाक्या वतावत्रहे शत्राक्यी। ये प्राप्त पूरे कांकि चानी नक्ष लाक चारक।

नि । कहानिमानह होकानामन कि श्रकाह ?

প। পূর্বে এই দেশের রাজার ও মন্ত্রির স্বেচ্ছাক্রমে আজানুদারে লোকদের শাসন হইড, কিন্তু সংপ্রতি ত্রিশ বৎসর হইল প্রজারা সকলে রাজ্ঞার ও কলীনের অন্যায় আর সহিতে নাপারিয়া, রাজাকে মারিয়া, কেলিয়াছে। এই রূপে রাজ্য অরাজক হইলে বোনাপার্ত্ত নামে এক জন প্রধান সেনাপতি সে আপনি রাজা হইয়া দিংহা- দনে বসিল, ও চৌদ্ধ বৎসর পর্যান্ত ইউরপের অনাং রাজাদের সঙ্গে যুদ্ধ করিয়া প্রায় অনেককেই নিঃশেষ করিল। ইহাভেই
অবশিষ্ট রাজারা সকলে এক পরামর্শ হইয়া ইংলগুরিদের সঙ্গে
মেল দিয়া বোনাপার্দ্ধকে পরাজয় করিয়া পদচাত করিল। শেষে
নিয়া গিয়া সেণ্ট হেলীনা নামে সমুদ্রের একটা উপদ্বীপের মধ্যে
কয়েদ করিয়া রাখিয়াছিল। অনন্তর ১৮২১ শালেতে তথাতেই
তাহার পরলোক হইয়াছে। আর যে রাজা পূর্বে মারা গিয়াছিলেন, ভাঁহারি ভাতা এই ক্লণে সিংহাসনে বসিয়া রাজত্ব করিতেছেন।
ফুলৌসের ভাষা প্রায় লাটিন ভাষাহইতে নির্গত হইয়াছে, যে
হেজুক পূর্বে ফুলৌস্ দেশ ইংলণ্ড দেশের মত রোমাণের অধীন ছিল।
সে ভাষা অতি সুশ্বার্য, অতএব ইউরপের সর্ব দেশেতেই চলিত আছে।
ঐ ভাষাতে নায় ও জ্যোতিষ্ প্রভৃতি অনেক সুন্দর্য গুছু আছে।

নি। ফুাসীস্ দেশের মধ্যে প্রধান নগর কি?

প। তথাকার রাজধানীর নাম পারিস নগর। ঐ নগরে প্রায় ছয় লক্ষ লোক আছে। লিওন নামে নগরে অনুমান এক লক্ষ লোক; তথাতে রেসম, ও জরী, ও নানা প্রকার কাপড়ের শিল্প ব্যবসায় অনেক আছে। এবং এই ছাড়া মার্সেল্প ও বোর্দো ইত্যাদি নামে আরো কএকটা প্রধানং শহর আছে।

নি। এই ফ্রাদীস্ দেশের বাণিজা কেমন ধারা?

প। এক শত বৎসর হইল ক্রাসীস্দেশেতে বনাতের, ও কাপড়ের, ও রেসমের, আর সূতা, ও রেসমী কাপড় ইত্যাদি বাণিজ্যের বড় কার-খানা ছিল; এই কণে সে হানের উৎপন্ন বস্তুর মধ্যে প্রধান হইয়াছে মদিরা। ঐ ফ্রাসীস্দেশেতেই এখন মদিরা জন্মিবার জন্যে যথেষ্ট দ্যালাক্ষেত্র আছে; ইউরপের মধ্যে আরং হ্রান অপেক্ষায় সে হানে অতি উত্তমং মদিরা জ্যিতেছে। আর ঐ ক্রাসীসেতে দুই তিনটা রূপার আকর আছে, এব° তামার ও সীসার কএকটা ধার্নি আছে। আর এই দেশের অনেকং স্থানেতে লোহার থানি আছে। এই সকল ধাতু জব্যেতে তাহাদের বাণিজ্য চলে।

8 भारे।

क्तिया (मर्गत विवत्।

নিত্যানন্দ। এখন রুসিয়া দেশের বিবরণ কিছু বল শুনি?
পরমানন্দ। রুসিয়া দেশ অতি বড়; সে দার্ঘেতে চৌদ্দ শত ক্রোশ্দ,
প্রস্থেতে আট শত আশা ক্রোশ। প্রায় দুই শত বৎসরের পূর্বে ঐ
দেশ ইউরপের লোকদের সুন্দর জানা ছিল না, কিন্তু প্রায়
এক শত বৎসর হইল পিতর নামে তথাকার এক জন প্রধান রাজা
আপনার রাজপদ ছাড়িয়া আসিয়া কতক কাল পর্যান্ত ইংলণ্ড
দেশেতে এবং হলাণ্ড দেশে বাস করিয়া, নানা বিদ্যা ও শিল্প বিদ্যা
সকল শিক্ষা করিয়া, পুনর্বার আপনার দেশে গিয়া প্রজাদিগকে
শিথাইয়াছিনেল। ঐ অবধি ব্লিয়াদের পরাক্রম বাড়িতে লাগিল।
ঐ দেশের লোক সংখ্যা তিন কোটি ষাটি লক্ষ। তথাকার অনেক
স্থানেতে শীত বড় প্রবল। তাহার উত্তরাংশে আখিন মাস অবধি
ফালাল পর্যান্ত সূর্যোর উদয়কাল বোধ হয় না; এবং জ্যৈন্ঠ আষাঢ়ে
অন্তকাল বোধ হয় না; এই দুই মাস ছাড়া দশ মাস সেথানে বরক্ষ
পড়ে।

নি। কৃষ্যার রাজশাসন কি পুকার?

প। তবে বলি শ্বন, ঐ দেশের রাজার রাজ্যেতে একাধিপত্য যাহ। করেন তাহাই হয়, রাজার আর মন্ত্রিগণের আজানুসারে . সকল কর্ম চলে। সেথানকার ভাষা ভিন্ন, সে ভাষা আর কোন জাতির ভাষার মত নছে। তাহাদের বর্ণমালা বিত্রিশ অক্ষরে। সে দেশের ইতর লোকদের বিদ্যাভ্যাস অল্প ছিল, এখন ঐ দেশের আলেক্-শাক্ত নামে রাজা অনেক বায় করিয়া সর্বৃত্র প্রজাদের হিত এবং নীতি শিক্ষার চেটা করিতেছেন।

নি। রুসিয়া দেশে প্রধান শহর কিং?

প। রুসিয়ার রাজধানী পিতর্সবর্গ নামে এক শহর প্রধান। এক শত বৎসর হইল পিতর নামেতে রাজা ঐ শহর বসাইয়াছিলেন। অনুমান হয় ঐ শহরে দুই লক্ষ লোক আছে। ঐ দেশের প্রাচান রাজধানী মস্কো নামে শহর ছিল। আটার শত বার শালে বোনাপার্ত্ত রুসিয়ার প্রতি আক্রমণ করিলে সে স্থান অধিকার করিয়া শীতাতে রুসিয়ার সহিত যুদ্ধ করিবে, এই ভয়ে রুসিয়ারা সে শহর আপনাবাই জ্লাইয়া দিয়াছিল। পূর্বে ঐ শহরে ও পিতর্সবর্গের সমান লোক ছিল। আর বল্লা নামে নদীর ভীরে আক্রাথান নামে একটা মধ্যবিত নগর আছে, সেথানেও লোক ন্যুনাধিক সত্তর হাজার হইবে।

নি। সেথানকার বাণিজ্যের সামগ্রী কিং, আর কি প্রকার চলিতেছে?

প। ক্রসিয়ার বাণিজ্যের সামগু চরুবা, ও লোম, এবং শণ, ও ধুনা, ও সাবান, ইত্যাদি। এবং দিনেং বাণিজ্য অতি সুন্দর রূপ চলি-তেছে, ও বাড়িয়া উচিতেছে। বাণিজ্যের জন্যে তাহাদের এখন চীন দেশ পর্যান্ত গমনাগমন হইয়াছে। প্রতি বংশর তাহারা চীন দেশংইতে অনেক অব্যজাত আনিয়া বেচা কেনা করে।

৫ পाठे।

স্পেদ ইত্যাদি দেশের বিবরণ ৷

নিত্যানন। তবে এখন ক্লেনের বৃদ্ধান্ত কিছু বল, শ্বনি। পরমানদা এই স্লেনের দক্ষিণ ও পূর্ব ভাগে পৃথিবীর মধাস্থ দমুত্র, পশ্চিমে পোর্ভুগাল দেশ, উত্তরে আটুাণ্টিক সাগরের এক शुरम्म। य मिर्म यथारन अधिक नम्ना स्मर्थारन मोर्स्य ना मं आ है। इस ক্রোশ, আর যেথানে অধিক চৌড়া সেথানে পুত্রে চারি শত চল্লিশ ক্রোশ। তথাকার লোকসংখ্যাএক কোটি। ক্লানিয়ার লোক সকল প্রায় রোমাণ কাভোলিক মতে চলে। সে দেখের বিচারের ধারা বড় সৃন্দর নয়, যে হেতৃক সেথানে এই প্রকার আদালত যে ফরিয়াদির সঙ্গে আসামীর সাক্ষাৎ হইতে দেয় না, এবং আসামীকে ফরাদীর নামও প্রনিতে দেয় না। আর সেথানকার ইতর লোকদের বিদ্যাভ্যানের উপায় প্রায় নাই। ঐ রাজ্যেতে এত দৈন্য ছিল যে পূর্বেতে তাহাদেরছইতে ইউরপের সর্ব দেশের লোকদের ভয় ছিল, এইক্ষণে কেবল নাম মাত্র আছে। ঐ দেশে জাহাত্রও অল্ল। स्त्रानत श्रुधान ताजधानी नगत मानिम। इंकाकी माठ मंठ भारन मुजनमारनता व्यानिया, स्निन राग जय कविया, जांड चंड दरज-রের অধিকও ভোগ করিয়াছিল।

ति । उत्त जारे, तमर्नक द्रारकात कथा किछ् वन, स्नि?

প। ঐ রাজ্যের মধ্যে দুইটা দেশ আছে; তাহার মধ্যে প্রথমে সাতটা মণ্ডল আছে, আর দিতীয়ে দশটা মণ্ডল আছে। ঐ সাতটা গুলম জড়াইয়া প্রথমটার সামানা এক নাম হলও, যে হেতুক তাহার প্রধান মণ্ডলের নাম হলও। ঐ দেশ দীর্ঘে এক শত বৈত্রিশ কোশ,

্পুছে আশী ক্রোশ। ১৫৭২ শালে এই সাতটা মণ্ডল স্লেনের অধি-কারহইতে ভিন্ন হইয়াছে। সেই জন্যে দ্লেনের রাজা ভাহাদের সঙ্গে অনেক কাল যুদ্ধ বিগুছ করিয়াছিলেন, কিন্তু বিস্তর চেষ্টায় আয়ত্ত করিতে পারেন নাই, অতএব দে একটা স্বতন্ত রাজ্য হইয়া থাকিল এক বাণিজ্য ব্যবসায়েতে ইউরপের মধ্যে তথাকার लाटकता ও गणागणनात मर्या वयन वक्षे। श्रुधान इहेश्रास्त्र । वहे নেদর্লণ্ডের উত্তরে ও পশ্চিমে আটু।ণ্টিক সাগরের এক প্রদেশ व्याष्ट्र, अव शूर्द्धां जर्मानि (मर्ग ও मक्रिन कुनोम् (मण व्याष्ट्र । আসিয়ার অন্তঃপাতি স্মাত্রা যাবা ও আম্বায়না এই তিনটা উপদ্বীপ थे इनांशीरय़म्ब अधिकारत आह्य। ये मश्र प्रश्नमब प्राथा मृतिष महानामत विमा भिथारेयात जाना अथन विश्वत উপায় হইয়াছে, এবং ক্রেছ অন্য দশ মণ্ডলেতে বৃক্তি হইতে পারিবে। ঐ সপ্ত মণ্ডলের লোকসংখ্যা আটাইশ লক্ষ্য আর দশ মণ্ডলের লোকসংখ্যা উনিশ লক্ষ্, সমুদায়ে দুয়েতে মিলিয়া সাত **हिल्ल नक लाक लाक लाल खाहि।**

नि। लमलंखित क्लानर नगत श्रुधान ?

প। তবে তান, আম্তের্লাম নামে নগর সপ্ত মণ্ডলের মধ্যে প্রধান, সেথানে লোক আছে দুই লক্ষ। আর লৈদেন নামে একটা শহর আছে, সেথানে পঞ্চাশ হাজার লোক ও এক মহাবিদ্যালয় আছে। আর রোভেদাম নাম নগরেতে পঞ্চাশ হাজার লোক আছে। হেগা নাম পূর্ব কালের এক থান কুদ্র গ্রাম ছিল, কিছু সে এথন রাজ্যানী হইয়াছে; সেথানে ছত্রিশ হাজার লোক আছে।

৬ পাঠ। আফুিকার বিবরণ।

নিতানিশ। ওহে ভাই, এইক্লণে আফুকা নামে যে পৃথিবীর আর একটা ভাগ আছে তাহার বৃত্তান্ত কিছু বল, তানি।

পরমানন্দ। তবে বলি, শুন। ঐ আফ্রিকা দেশ হিন্দু স্থানের দক্ষিণ পশ্চিম কোনে। এ দেশ ইউরপ অপেকায় দীর্ঘ প্রন্থে বড়, কিন্তু পৃথিবীর অন্য তিনভাগহইতে এ ভাগেতে লোক অল্ল; আর সভ্য-তাতে এক বিদ্যাতেও এ ভাষের লোকেরা থাট। কাতে আড়াই কোটি লোকের অধিক নাই। ইহার পূর্ব দীমায় শৃফ সমুদ্র ও ভারত সাগর, আর দক্ষিণ সীমাতেও ভারত সাগর, এবং পশ্চিমেতে আট্রাণ্টিক সাগর, আর উত্তর ভাগেতে পৃথিবীর মধান্ত সমুদ্র। ঐ সমুদ্রের ব্যবধানেতে এ দেশ ইউরপের সঙ্গে ভিন্ন, কিন্তু উত্তর পূর্ব কোণেতে আদিয়ার সঙ্গে মিলন আছে। এ দেশ দীর্ঘেতে চারি হাজার দুই শত ক্রোশ, এবং পুদ্তেও তাহারি সমান। আসল আফ্কার লোকদিগকে কাফু বলে, মোটা ওষ্ঠ আর চাঁচর চূল দেখিয়া তাহাদিগকে চেনা যায়; ইহাদের বাস-म्हांन (मर्गित प्रधायांत्र ও मक्तिनांश्म । এवः वे (मर्ग व्यादा) वक প্রকার লোক আছে, তাহারা আরবের বংশ। তাহাদের বাসস্থান দেশের উত্তর ভাগে ও উত্তর পূর্ব ভাগে ও পশ্চিম ভাগে, সেই উত্তর ভাগের লোকেরা প্রায় মহমদের মতে চলে। তাহার মধ্যে থব্শী নামে একটা জাতি আছে. ভাহারাই কেবল খ্রীফিয়ান। সে দেশের উত্তর ভাগে ও মধ্য ভাগে অতিশয় গ্রীক্স, কেবল দক্ষিণ ভাগে অল্প শীত বোধ হয়। এবং আদিয়া দেশে যেমন মধ্যেং এক জাই নদী আছে এ দেখে তেমন নাই। নদীর মধ্যে দে ১৯খে আছে নীলনদী।

'লে নদা মিসর দেশ দিয়া চলিয়া গিয়া ভূমধান্ত সাগরে মিলিয়াছে। নাজর ও জাইর নামে আর দুইটা নদা আছে। সেও প্রায় নয় শত ক্রোশ দীর্ঘ। এই আফ্রিকার মরু ভূমি পৃথিবীর আরহ মরু ভূমিহইতে বড়, এব॰ মহা ভয়ানক; তাহার মধ্যে দাহারা নামে যে প্রধান মরু ভূমি, সে আট্রাণ্টিক দাগর অবধি মিশর দেশ পর্যান্ত অবিক্ষেদে আছে। সে লম্বায় দুই হাজার চারি শত কোশ, প্রদরে ছয় শত ক্রোশ। এ সমুদ্য় ভূমি কেবল বালুকাময় ও কোন খানে২ পর্বতাকার বালির চিবি আছে। এই মরু ভূমিতে কোনজমে কৃষি কর্ম চলিতে পারে না। আরবার তাহারি মধ্য থানে কোনং স্থানে উপদ্বাপের মত উর্বরা তুমি আছে, এই হেতুক কেবল লোকেরা যাতায়াত করিতে পারে। আফুকার মধ্যে নানা রাজ্য আছে; পুথমতঃ ধব্দ রাজা, দিতীয়তঃ মিদর রাজা, তৃতীয়তঃ আফ্রিকার উত্তর ভাগেতে মূসলমানদের কতক রাজ্য। চতুর্থ আফুকার দক্ষিণ ভাগেতে উত্তমাশা অন্তরীপ, যাহাকে বলে কেপ, ঐ কেপ অবধি কতক ওলা দেশ। পঞ্চম আফুকার পূর্ব ভাগের কতক পুদেশ। যন্ত ঐ দেশের অন্তঃপাতি নানা উপদ্বীপ।

नि। তবে থব্স দেশ কেমন?

প। তবে তান। শৃক নামেতে যে এক সমুদ্র আছে, ও আদেশ নামেতে যে এক ক্ষু রাজ্য আছে, ঐ লেশ পূর্বদিকে সেই পর্যান্ত দক্ষিণ দিকে জেগুরো আর আলাবা নামে দুইটা ক্ষুদ্র দেশ। ইহার পশ্চিম দিকে সেনারদেশহইতে যে ইহাকে ভাগ করিয়া রাধি-রাছে সেই পর্বত ও একটা মক ভূমি। এবং ইহার উত্তর দিকে কতক গুলা ক্ষুদ্র দেশ, যে সকল দেশেতে ধ্বস দেশ আর মিসর দেশ পরন্নর ভূন হইয়া আছে। এ দেশ পাঁচ শত কোশ দীর্ষে, ও চারি শত আশী কোশ পুরে। নি। ভাল, তবে মিশর দেশ কি প্রকার, ভাছা বল। দেখি?

প। তাহার উত্তর তার্নেতে তুমধ্যন্ত সাগর আছে, 🗳 সমুদ্র ব্যবধান আছে ; এই জন্যে ইউরোপের দঙ্গে এ দেশ ভিন্ন ; এব॰ পূর্ব তানো শৃষ্ক সমুদ্রদারা আসিয়া দেশের সঙ্গে ভিন্ন। এই দেশেতে লোক বসতি হইয়াছে চারি হাজার বৎসর, আর পূর্বে বিদ্যাতে ও পরাক্ষেতে সে অতি প্রশংসার স্থান ছিল ; ক্রিন্ত এখন অন্য দেশের অপেক্ষায় নীচ হইয়া পড়িয়াছে। এই দেশের প্রধান নগর কাহিরা, অনুমান হয় কাহিরাতে তিন লক্ষ লোক আছে; দেই নগরই প্রায় আফুকার রাজধানী, যে হেত্তক আফুকার আর কোন নগরে এক লক্ষ লোকও নাই। এই দেশের প্রাচান রাজধানী ছিল আলেকু:জ্রিয়া নগর; সে নগর আলেকু:দ্রু, কি না সেকদ্রর বাদশাহ, বসাইয়াছিলেন, সেই হেতৃক অন্যত্তে ঐ সহরের সেকন্দর বাদশাহ বলিয়া ধুনি আছে; সে এখন প্রায়ঃ লুপ্ত হইয়া গিয়াছে। আর পূর্বে রোসেতা ও দামিএত। নামে দুইটা নগর ছিল, সে দুইটা ও এখন ভাঙ্গা ভগ্নের তলে পড়িয়াছে। ঐ দেশের প্রধান নদীর নাম নীল নদী, ঐ নদীর দারা সে দেশের ভূমি বড় উর্বুরা। ভাহাতে ভূমির এত উপকার হয়, যে প্রায় বৃষ্টির অপেক্ষা রাথে না।

নি। মিশর দেশের কোন বিশেষ আকর্ষা আছে?

প। বটে, তবে বলি শ্বম। পূর্বকালে ঐ দেশে অনেকং আক্ষা কর্ম হইরা নিয়াছে, তাহার মধ্যে পিরামিদ নামে যে কর্ম দে একটা বৃহৎ কর্ম। ঐ পিরামিদটা বস্তু কি তাহা জান ? দে একটা অতি উচ্চ স্তুম্ব বিশেষ; দে নীচে চারি কোণা, কিন্তু ক্রমেং ভাহার অনু তান সূচির মত ও সূক্ষ হইয়া উচিয়াছে। এই আকারের পিরামিদ সে হানে অনেক আছে, তাহার মধ্যে প্রধান যে পিরামিদ নীচের ভাগ চারি দিনে ল্যায় পাঁচ শত হাত, এবং উর্ব্ধেও পাঁচ শত

'হাত। ঐ সকল পিরামিদ যে কে নাঁথাইয়াছিল, এবং কি জনোই বা গাঁথাইয়াছিল, তাহার নিশ্চয় হয় না। ইণ্রাজী ১৮১৮ শালে-তে ইতালি দেশের এক ব্যক্তি বড় চেম্টা করিয়া একটা পিরামিদ থুদিয়া মধ্যথান পর্যান্ত তাহার ভিতরে প্রবেশ করিয়াছিলেন, কিন্তু দেখিলেন, যে সেথানে কেবল কডক গুলা হাড্মাত পাওয়া গেল। তথন লোকেরা অন্মান করিলেক,যে এ কেবল কবরস্থান মাত্র। কম বেশ প্রায় চারি হাজার বৎসর হইল যে সকল পিরামিদ তৈয়ার হইয়াছে, সে এমন শক্ত করিয়া গাঁথা গিয়াছে যে এত কাল গেল এবং কডশত অড় বৃষ্টি ভূফান, ও কতবার দেশ দেশান্তরের রাজা-**पित महिन भत्रमत विद्याध विमराम तान, उधानि स्म अथन भर्या** छ ও নিটুট হইয়া আছে। আর এই দেশেতে পাতরেতে খোদা অভি বৃহৎ কায় মান্বের একটা আকার আছে, যে এথনও চীতপাত্র হইয়া পড়িয়াছে। সে যে কত বড় সে কথা আর কি বলিব, তাহার কাণের উপরে দাঁড়াইয়া মান্ষে তাহার নারু লাগাল পায় না, এই পুকার অনেকং ছবি সে দেশে আছে। এ সকলও যে কে করিয়া-ছে তাহারো নিদর্শন কিছু নাই।

নি। ওহে ভাই, এ কথা সুনিয়াতো বড়ই সম্ভট্ট হইলাম, আর তাহাতে এই জ্ঞানও পাইলাম, যে ঈশবের রাজ্য বিনা আর সকলি অনিতা; যে হেতুক দেখ দেখি এই পৃথিবী মণ্ডলেভে অতিশয়খ্যা-ত্যাপর এবং মহা প্রতাপী ছিল যে এই মিসর রাজ্য, সেও এখন সকলহইতে থাট হইয়া পড়িয়াছে।কিন্তু, এখন আর একটা জিজ্ঞাসা করিতেছিলাম, কি না আফুকার পশিমে কোনং দেশ আছে?

প। ঐ ভাগের বিষয় সকল বিশ্বর বাহুলা মতে জানঃ যায় নাই, কেবল নাম মাক্র সুনা গিয়াছে। তাহা বলি শুন। ঐ ভাগের মধ্যে প্রধানং এইং সকল দেশ আছে, প্রথম জলোপ, দিতীয় ফৌলা, ত্তীয় নিনি, চন্তর্থ মানিকো, পঞ্চম কোরমান্তি, ষষ্ঠ বেনিন;
সপ্তম কলে। ও আঙ্গোলা রাজা। এ সকলের বিশেষং কিছু
জানি না, অতএব বলিতে পারিব না; কিন্তু কেহং বলে, যে জলোপেরা উদ্বোগী ও যোদ্ধা বড়, এবং মান্দিকো লোকেরা নমুম্বভাব।
পূর্বে ইউরপের লোকেরা ঐ দেশে নিয়া, অতি অন্যায় করিয়া
লোক ধরিয়া আনিয়া, দেশ বিদেশে নিয়া নিয়া নোলাম করিয়া
বিক্রী করিত। কতক বৎসর হইল ইংগ্লণ্ডের রাজা ঐ বাণিজ্যের
বারণ করিয়াছেন; আর স্লানিয়ারদিনকে বিন্দা লক্ষ টাকা দিয়া
সে দেশেও ঐ অন্যায় বাণিজ্য বারণ করিয়া দিয়াছেন; এবং
অন্যং জাতিরা যে তাহা আর না করে এ জন্যে অনেক চেন্টা পাইতেছেন। আর ইংগ্রণ্ডের লোকেরা সে দেশে নিয়া ঐ গোলামি করা
দায়ে থাকিয়া মুক্ত যে কাফু সকল তাহাদিনকে বাসন্থান ইত্যাদি
দিয়া তাহাদের বিদ্যা শিথাইবার চেন্টা করিতেছেন।

নি। ভাল, তবে ঐথানকার দক্ষিণ ভাগের বিবরণ কিছু বলি-বেন?

প। আফুকার দক্ষিণ ভাগেতে উত্তমাশা নামে অন্তরীপ আছে, যাহাকে বলে কেপা। তিন শত বৎসর হইল ঐ অন্তরীপ জানা গিয়াছে, সেএখন ইংগ্লঞ্জীয়দের অধিকার। সেথানে কমবেশ প্রায় বিশ হাজার গোরা লোকের বাস আছে, আসল ঐ দেশীয় লোকেরা পৃথিবীর সকল লোকের কাছে নীচ ছিল, এক্ষণে ইউরপীয় লো-কদের চেন্টার দারা সেথানকার লোকেরা বিদ্যা শিথিয়া ক্রমেং উচ্চ পদ পাইতেছে।

নি। অংফ্কার মধ্যে কোনং উপদ্বীপ আছে ?

প। ঐথানে উপদ্বীপ কএকটা আছে, তাহার মধ্যে প্রধান উপ-দ্বীপ মাদাগাস্কর। সেটা দীর্ঘে সাত শৃত বিশ ক্রোশ, এবং প্রস্থে এক শত আশী ক্রে.শ, সে আগন দেশের রাজার অধীন। যে সকল মণ্ডল আছে সেই দকল মণ্ডলের যাহারা কর্ত্তা তাহাদেরই আপনং আয়ত্ব। তথাকার লোক সকল দেবপুত্রক, এবং বড় অসভ্য অর্থাৎ বড় ওরোয়া; এক্ষণে সেথানকার রাজা ইণ্প্রগুহইতে নানা বিদ্যা-তে বিদ্বান এমন কতক গুলি লোক আনাইয়া প্রজাদিগকৈ অনেক প্রকার শিল্প বিদ্যা ও লেখা পড়া এব' ধর্ম পৃষ্কক শিখাইতেছেন। ইহার পূর্ব দিগে পেশ্বা নামে একটা উপদ্বীপ আছে। তৃতীয় কোম-রা নামে দ্বীপ সমূহ। চতুর্থ মাদাগাস্করের পূর্ব ভাগে মরিসিয়স ও বোর্বণ উপদ্বাপ। পঞ্চম আফুকারপন্চিমে সেন্ত হেলীনা, সে ইংগ্লগ্রী-য়দের অধিকারে; বোনাপার্ত সেই স্থানে বন্দি হইয়া ১৮২১ শালে মরিয়াছেন । যঠ, সাত্ত অমস নামে থ্যাত একটা ক্ষুদ্র উপদ্বীপ, সে পোর্ত্তাশদের অধিকারে। সপ্তম, কেপ্ তে বের্দ নামে উপদীপ। অষ্টম, ঐ সকল ভাগের উত্তরে কানেরি, সে কতক গুলা উপদ্বীপ; তাহার একটার নাম তেনেরিফ, ঐ তেনেরিফে এমন একটা পর্বত আছে, যে সমুজহইতে সাত হাজার দৃই শত হাত উচ্চ, ও ষাটি **काम मृ**त्त्र थाकिया प्रया याय । नवप्त, माम्मता उपहीन, तम मोर्ख ৪৫ কোশ, প্রয়ে ১৮ কোশ; দেখানহইতে তদেশ নামে খ্যাত অত্যত্তন মদিরা আইসে। তথাকার লোকসংখ্যা চৌষটি হাজার।

৭ পাঠ । আমেরিকার বিবরণ ।

নি । ও হে ভাই পরমানন্দ, আসিয়া প্রভৃতি পৃথিবীর তিন ভাগের বিষয়ন্তনিয়া তো আপ্যায়িত হইলাম; এখন বাকী চতুর্থ ভাগে আমেরিকা ভাহার বিব্রণ কিছু ত্তনিতে ইচ্ছা করি?

প। ভাল, তাহাও বলি রন। পূর্বেতেই বলিয়াছিলাম, সে একটা স্বতন্ত্র দ্বীপ। তিন শত পঁয়ত্রিশ বৎসর হইল, অর্থাৎ ইণ্রাজী ১৪১২ শালে, জগতের অন্যথ খণ্ডের লোকে প্রথমে ঐ দ্বীপকে জানিয়াছিল; ইহার পূর্বে কেহ জানিত না। সেই আশ্চর্য্য কর্মের বিবরণ কিছু বলি,শুন। চুম্বক্পাতরের গুণ প্রকাশের দুই শত বৎসর পরে জিনোয়া দেশেতে এক ব্যক্তি জিম্যাছিল, তাহার নাম হইল কলম্বন। তথাৰ ইউরপের মধ্যে পোর্ত্নীশেরা প্রধান নাবিক ছিল। কিছু দিনের পর কলম্বস পোর্ভুগীশদের সঙ্গে জাহাজে যাতায়াত করিতে২ জাহাজ চালাইবার কর্মে বড় নিপুণ হইয়া উচিল; আর মনে২ ঠাহরাইয়া দ্বির করিল, যে ইউরপের অজ পশ্চিমেণেলে নিশ্চয় ভারত বর্ষে যাওয়া যায়, অতএব তাহার চেষ্টা করা উচিত l কিন্তু তথনকার অতি বড়ং যে জাহাজ, সেও তিন হাজার মোন বোঝাই নয়, এমন মহাজনী নৌকা অপেক্ষায় বিস্তুর বড় ছিল না, এবং তৎকালে এত ভাগাবান মহাজনও ছিল না; অতএব সে বিষয়ের সহায়তার জন্যে তাহাকে কোন রাজার উপাসনাকরিতে হইল! তাহাতে অনেকের কাছে নানা পুকার চেষ্টা করিয়াদেখিলেন, আর কোন ধানে তো কিছুই হইল নাঃ শেষেতে স্নানিয়ার রাজার রাণীর অন্গৃহ পাইয়া ক্রমেতে তাবৎ দুবোর আয়োজন পুস্তত इट्रेंटन ১৪৯२ भरनत ७ खोंगरिहेर्ड कनश्चम जारांट बार्ताइन করিলেন ৷ তিনি যথন জাহাজে উঠেন, তথন সমুদু তীরেতে অনেক লোক একত হইয়া তাঁহার মনস্কামনা সিদ্ধির নিমিত্তে ইশ্বরের কাছে প্রার্থনা করিতে লাগিল। কলম্বদ জাহাজে উচিয়া নিরালা পশ্চিম মুথে, জাহাজ চালাইয়া দেশান্তরে যাত্রা করিলেন, আর না॰ ১ অক্টোবরের মধ্যে ঐ জাহাজ ১১৫৫ ক্রোশ পঞ্চ চলিয়া গিয়া-ছিল; কিন্তু ইহার মধ্যে ১১ দিন পর্যান্ত মৃত্তিকা না দেখিতে পাইয়া

নাবিকেরা যথেষ্ট থেদ করিয়া পুনর্বার দেশে ফিরিয়া যাইবার জন্যে বিস্তুর চেষ্টা করিলেক; কেননা তাহাদের মনের মধ্যে এমনি এক থানা অভরসা জিন্মা উচিল, যে ইছার সঙ্গে গেলে আমরা বৃঝি আর বাঁচিয়া দেশে ঘাইতে পারিব না; এই জনো সকলেই মনেং ঠাহরাইল, যে কলম্বকে সমৃদের মধ্যে ভাষাইয়া দিয়া আমরা জাহাজ লইয়া ফিরিয়া যাই। কলম্বত বিবেচনা করিয়া দেখি-লেন, যে বিনয়দারা কিয়া আজাদারা আরতো ইহাদিগকে থামা-ইয়া রাখা যায় না; এই হেতৃক সকলের সমূখে এইটা প্রতিজ্ঞা क्तित्नम, (य जिन मिरमत मरधा यमि नृजन मिर्म मा शाहे जरव अकांड ফিরিব। তিনি কি ভর্মায় অমন প্রতিজ্ঞা করিয়াছিলেন, না তৎ-কালে জল মাপিবার রুসী সমুদ্দের মধ্যে ফেলিয়া মাটী পাওয়া গেল ; এবং সমৃদের উপরে ভাদিয়া আদিতেছিল যে এক থলুয়া নূতন ফল ও কতক গুলা ছেঁড়া বেড, তাহা পাওয়াতে কলম্বনের আরো অধিক ভরদা জন্মিয়াছিল। ১১ অক্তবরে সন্ধাকালে কলম্বস জাহা-জের পালি জড়াইতে আজা দিলেন। সেই রাত্রিতে কেহ আর চক্ষুর পাড়া না বুজিয়া সকলেই সতর্ক থাকিল, কিন্তু কলম্বস রাজি দুই পুহর সময়ে অতি দূরে একটা আলো চলিতেছে দেখিলেন; তং-কালে আগা জাহাজের লোকেরা দেশ্য করিয়া চেঁচাইয়া উচিল। তথনি জাহাজের লোকেরাও সেই আনন্দ ধুনির প্রতিধৃনি করিয়া উচিল। পর দিন প্রাতঃকালে ১২ অক্টোবরে দেড় ক্রোশ অন্তরে তাহারা তৃণ বৃক্ষাদিতে জড়িত একটা উপদ্বীপ দেখিতে পাইল। দেখিবামাত্র আনন্দেতে ঈশ্বরের ধন্যবাদ করিতে লাগিল, ও গান করিতে লাগিল, আর জাহাজের সমস্ত লোক কলম্বদের পায়ে ধরিয়া ক্ষমা পার্থনা করিতে লাগিল। তাহার পর জাহাজের উপরহইতে নৌকা নামাইয়া গান ও বাদ্যের সহিত দাঁড় টানিতেং সকলে কিনা-

রার গোল, এবং কলম্বনের উদ্বোগেতেই ন্তন দেশ দেখা গোল, সেইং জন্যে পুথমে তাঁহাকেই কিনারায় নামাইল; অনন্তর সকলে বাদ্য যন্ত্রাদি লইয়া সেই ভূমিতে নামিয়া পুনর্বার হাঁটু গাড়িয়া ঈথরের ধনাবাদ করিল, এবং সেইখানে স্লানিয়ার রাজার নামে নিশান ভূলিয়া সে দেশ ঐ রাজার নামে অধিকার করিল। এই রূপে আমে-রিকা দেশ পুথমে জানা গিয়াছিল। তাহার পর ক্রমেং স্লানিয়ারা এবং ইউরপের অনাং জাতিরা সেখানে গিয়া বসতি করিতে লাগিল। আমেরিকার পুথম দর্শন কালে কলম্বনের সঙ্গে গিয়াছিল যে আমেরিকস বেশ্লসিয়স নামে এক জন নাবিক, সে দুই বৎসর বাদে পুনর্বার দেশে আসিয়া সেই নৃতন দেখা দেশের বিবরণ সকল পুথমে ছাপাইয়াছিলেন, এই হেতুক তাহারি নামানুসারে ঐ দেশের নাম হইল আমেরিকা।

নি। ওহে ভাই, এই যে পুকরণটি বলিলা সে তো আশ্চর্যা বটে। ভাল, আমেরিকার সীমানা লয়া চৌড়ায় কোন দিগে কত ক্রোশ, আর সেথানে কোন পুকার লোক কত আছে?

প। সে দক্ষিণ উত্তরে লয়ায় সাড়ে সাত হাজার ক্রোশ, এবং
পূর্ব পশ্চিমে চৌড়ায় তিন হাজার নয় শত ক্রোশ। আসল আমেরিকার লোকেরা বড় অসভা, তাহাদের নিয়ত বসতির স্থান
নাই, সর্বা বনেং পশ্বাদি মারিয়া ও মৎস্যাদি ধরিয়া কাল কাটায়।
আর আমেরিকাতে যে সকল ইউরপের লোক আছে, তাহাদিনকে এখন লোকে আমেরিকান অর্থাৎ মারকিন বলে; তাহারাই
প্রায় সে দেশকে পরিপূর্ণ করিয়া আছে, এবং প্রতি বৎসর ইউরপের নানা স্থানের অনেকং লোক জ্রী পূলাদি লইয়া গিয়া সেখানে
বাস করিতেছে; অনুমান হয়, যে পূর্বে সেখানে ত্রিশ লক্ষ লোকের
অধিক ছিল না, এক্ষণে তিন কোটি লোকের কম নাই। সে দেশতে

'বৎসরথ যত লোক বৃদ্ধি হয়, পৃথিবীর মধ্যে আর কোন চাঁইতেই তেমন নয়। এই আমেরিকার ভাগ আছে দুই, উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা।

নি। ভাল, উত্তর আমেরিকা কেমন চাঁই?

প। উত্তর আমেরিকার পূর্বে আট্নাণিক মহাসাগর, পশ্চিমে পাসিফিক্ সাগার, দক্ষিণে দক্ষিণ আমেরিকাও পানামা নগা?, তাহার উত্তর হিম সাগর, উত্তর পশ্চিম ভাগে বেরি মোহানার দারা আ-পিয়ার সঙ্গে বিভক্ত হইয়াছে। সেথানে যে সকল লোক আছে তাহারা প্রথমে ইণ্প্রগুহইতে আসিয়া ঐথানেতে বাস করিতেছে এই হেতক তাহাদের ভাষা ও ব্যবস্থা ইত্যাদি প্রায় চিক ইণ্রাজ নোকদের সমান। তাহাদের দুই রাজসভা আছে, কিন্তু তাহাতে ই•গ্লুণ্ডের মত রাজা এক জনও নাই, এবং বিশেষ২ লোকের বিশেষ২ মর্য্যাণার পদবী নাই; তবে কি না ঐ সভার মধ্যে একং জনকে বাছিয়া নিয়া চারিং বৎসরের নিমিত্তে রাজার পদে নিযুক্ত করে। তিনি মাদের মাস চারি হাজার টাকা দরমাহা পাইয়া ঐ চারি বৎসর পর্য্যন্ত রাজত্ব করিতে পান। আর পুত্যেক লোক আপনার মতে ঈশ্বরের সেবা করিতে পারে, এবং বিচার কর্মা সৃন্দর রূপে চলে। প্রত্যেক ব্যক্তি আপনারং উপার্জিত ধন নিষ্কণ্টকে ভোগ করিতে পায়; ফলতঃ পুজাদের উপদ্নে রাজার দৌরাত্ম্য নাই. ও ছলেতে কিয়া বলেতে দণ্ড করিয়া ধন লওয়া নাই। যুদ্ধের উদ্বোগ না থাকাতে তথন সৈন্য দামন্ত কোথাও কিছু নাই; কিন্ত যদি যুদ্ধ উপড়িত হইল, তথন প্রত্যেক জন আপন্থ দেশ রক্ষার নিমিত্তে যুদ্ধ করিবার জন্যে আপনা আপনি আদিয়া তৈয়ার হয়। তাহারা যুদ্ধের জাহাত্র বানাইতে চাহিলে অনায়াসে বানাইতে পারে, কেননা জাহাজের কাঠ ও সাজ সরগ্রম সকলি ঐ দেশে মেলে; এবং

ভথাকার নাবিকেরাও ইণ্প্লেণ্ডের নাবিকদের মত সাহসিক। অধিক আর কি বলিব? তাহারা সকল বিষয়েতেই ইণ্প্লণ্ডীয়দের সঙ্গে অবিশেষ। তথাতে টোল চৌবাড়ী অনেক আছে, আর সে দেশের প্রায় কেহই মূর্য হইতে পারিবে না, কেননা ইতর লোকদের বিদ্যার নিমিত্তে সকলে একান্ত চেন্টা করে, এবং ধ্যুরাতী পাচ-শালা প্রায় সকল স্থানেতেই আছে।

নি। সেথানকার কোনং নগর প্রধান?

প। তথাকার প্রধান এক নগর বাসিন্টন, সে সর্ব মণ্ডলের রাজ-ধানা। দিতীয়, ফিলাদেল্ফিয়া, অনুমান হয় এই নগরে লক্ষ লোক আছে। তৃতীয়, নায়ক্, অনমান ইহাতেও কম বেশ এক লক্ষ বিশ হাজার লোক আছে। চত্তর্থ বন্ধন, সেথানেও আদাজী চল্লিশ হাজার লোক আছে। ইহা ছাড়া অনেকং নগরও আছে। এক্ষণে আমেরিকার বাণিজ্য প্রার পৃথিবীর সকল ভাগেতেই চলিতেছে।

নি। ও হে, সে দেশতো উত্তম বটে, আর বিদ্যাতে এবং সুধা-রাতে দেশের কিং উপকার হয় তাহা আমি সুদ্দর রূপে বৃক্তিলাম। ভাল, ঐ দেশের জাদ ও নদ নদীর বিশেষ কিছু বলিতে পার ?

প। উত্তর আমেরিকার জদ এমন বড়, যে তাহাকে প্রায় সমুদ্র বলা যায়; পৃথিবীর মধ্যে আর কোন এমন বড় জদ নাই। সে দকল জদের নাম এইং, সৃপীরিয়ক, ও মিচিঙ্গান, ও হুরোণ, ও এরি জদ, ইহারা দীর্ছে সাড়ে তিন শত জোশ, পুদ্ধে এক শত জোশ। এথান-কার প্রধান নদী মিসিসিপি, এ নদী লম্বায় বার শত জোশ। দ্বিতীয় নদীসান্ত লারনু। তৃতীয় নদী, বোর্বণ। চতুর্থ নদী পশ্চিম ভাগে ওরি-গান। অনুমান হয় যে এই চারি নদার জন্মন্থান পরন্ধর এক শত জোশের অধিক অন্তর নয়। পঞ্চম, গুহীও নামে এক অতি সুন্দর নদী; সে নদী দীর্ছে এগার শত জোশ চলিয়া আসিয়া মিসিসিপি নদীর সঙ্গে মিলিয়াছে। এ সকল ছাড়া মিসুরী ও দেলাবার ও হদ্সন ইত্যাদি অনাথ নদাও আছে।

নি । উত্তর আমেরিকাতে স্লানিয়ার্দের কোন্থ দেশ অধিকার ছিল?

প। এই সকল দেশ। প্রথমতঃ মেক্সিকো, ইহার একটা নামা
ত্তর আছে নবল্লানিয়া। দিতীয়তঃ নব মেক্সিকো। তিন শত বৎসর

হইল ল্লানিয়ারা ঐ সকল দেশ আপনাদের অধিকারের মধ্যে

করিয়া নিয়াছিল, এখন ঐ দেশের লোক সকল ল্লানিয়ার্দের অধি
কারে অতিশয় দুঃখ কেলা পাইয়া স্বতন্ত্র হইয়াছে। সে দেশে

সোণা রূপার আকর আছে, এই প্রযুক্ত সে অতি প্রসিদ্ধ স্থান; কিন্তু

সে দেশের ইত্র লোকদের প্রায় বিদ্যাভ্যাস নাই, এবং তাহারা
প্রায় সকলেই অক্ততাতে ও দুয়োতে ভুবিয়া রহিয়াছে। পূর্ব ও

পশ্চিম ক্রুড়িভা ল্লেন লোকের অধিকার ছিল, কিন্তু কতক বৎসর

হইল তাহারা সন্ধি দারা ঐ দেশ আমেরিকার লোকদিগকে দান

করিয়াছে।

नि । उथारि कानर (मण रे॰नशीयरमत व्यविकात ?

প। তথাতে ইংলণ্ডীয়দের অধিকার কানডা, ন্যুবুনিক ইতাাদি কতক গুলি স্থান আছে। আর গ্রীনলণ্ড নামে এক দেশ আছে; সে দেয়ার্কদের অধিকার; তাহাকে এথনু ও আমেরিকার সামিল গণিতে হয়, কেননা সে উত্তর পূর্ব ভাগে আমেরিকার সঙ্গে মিলিড আছে; সে দেশ পর্বতে ও বরফেতে ও হিমেতে জড়িত।

নি। ভাল, উত্তর আমেরিকার কথা তো শুনিলাম, এখন দক্ষিণ আমেরিকার কথা কিছু বল দেখি, শুনিতে বাঞ্চু। করি।

প। ঐ দেশ লম্বায় সাড়ে তিন হাজার ক্রোশ, প্রস্তে দুই হাজার সাড়ে চারি শতপকাশ। এই বৃহৎ দেশ স্থানিয়া ও পোর্ত্তীশ এই দই জাতির অধিকার ছিল, কিন্তু ক্রমেং মেক্সিকো দেশের মত, কতক .
প্রদেশ স্বতন্ত্র ইতৈছে। এই দেশে অন্যং দেশ অপেক্ষায় বড়ং নদী
আছে, এবং অতি বড় আশ্চ্যা পর্বত্ত আছে। প্রথম নদী আমাজন,
দে দই হাজার আট শত ক্রোশ চলিয়া আসিয়া আটুান্টিক সাগরে
মিশিয়াছে; দিতীয় রীও দে লা প্রাতা, অর্থাৎ রূপা প্রসবিনী নদী; এ
নদী আমাজন নদীহইতে দীর্ঘে ছোট। তৃতীয় ওরোনুকো নামে
নদী, এ নদীও আটুান্টিক সাগরে আসিয়া মিলিয়াছে। এই দেশে
আন্দেশ নামে অতিশয় লম্বা এক পর্বত শেনী আছে, ইহার যে
অতিশয় উচ্চ শৃঙ্গ আছে সে সমুদ্রহীতে মাপিতে উদ্বে তের
হাজার পাঁচ শত বিশ হাত উচ্চ হইবে। এদেশে আরো এক
অথিময় পর্বত আছে, সেও বড় ন্যুন নয়, উদ্বে বার হাজার হাত।

নি। এ দেশের লোকসংখ্যা কত?

প। এই বৃহৎ দেশে স্থানিয়াদের অধিকার যে ছিল তাহাতে এক কোটি বিশ হাজার লোক আছে। এই থানে সোণারপার আকরের রাজস্ব সমহ তিন কোটি টাকা আদায় হয়। এ দেশের ইতর লোক-দের প্রায় বিদ্যা নাই। এথাকার রাজধানা লীমা নামে নগর, অনুমান করি ঐনগরে পঞ্চাশ হাজার লোক আছে। এবংএ দেশেতে পোর্তু-গাশদের অধিকারের নাম বাজীল, সে দীর্ঘে ও প্রস্থে আটার শত কোশ, অর্থাৎ চারি দিগে সমান; ইহার প্রধান নগর রাও জানেরো; এই দেশে হীরার আকর আছে, কিন্তু সে হীরা ভারত বর্ষের হীরার সমান নয়। আর এথানকার লোক সংখ্যা সত্তর লক্ষ।

নি । দক্ষিণ আমেরিকাতে আর কোন জাতির অধিকার আছে কিনা?

প। হাঁ, আছে, কায়েন্ নামে এক দেশ ফরাসিসদের অধি-কার, তথাতে এ দেশের বাণিজ্যের প্রধান বস্তু রক্তবর্ণ গোল মরিচ। দুই হাজার গোরা আছে। দেও শত বৎসর হইল সূরিনাম নামে থ্যাত এক ক্ষুদ্র দেশ হলাগুয়দের অধিকার হইয়াছে, অনমান হয় দেখানেও দুই হাজার গোরা আছে। তথাতে কোন অব্যর আকর নাই। এই সকল ছাড়া দকিণ আমেরিকাতে ক্ষুথ বন্য জাতি আছে, তাহাদের সহিশেষ কিছু জানা যায় নাই। দকিণ আমেরিকার নিকটে উপদ্বীপ অতিশয় ক্ষম।

ষষ্ঠ ভাগ।

জ্যোতিষের বিস্তারিত কথা।

> शार्थ।

সৌর জগতের বিবরণ ।

নিতানিদ। ওহে ভাই, পৃথিবীর নানা বিররণ স্থানিয়া মনেই পরম সম্ভট হইলাম; এখন আকাশের বস্তু সকলের মধ্যে কি না জ্যোভিষের মধ্যে যেই বস্তুর নিরপণ হইয়াছে, ভাহা যদি কিছু বলিতে পার, ভাহা শুনিতে বড় ইচ্ছা হয়।

পরমাননা ভাল, তবে তাহারো কিঞ্চিৎ বলি, তন। সকলের আগে সূর্যা এবং সূর্যাকে বেষ্টন করিয়া যোরে যে গুছ সকল, তাহাদের কথা কহা উচিত।

नि। उत्त मूर्य। कि श्रुकात्त আছে, এবং তাছার গতি বিধি कि श्रकाর?

প। সূর্যা নিশ্লন, অর্থাৎ চলে না, এবং অজীবন, ফলতঃ তাহার জীবাঝা নাই; আর সর্বদা ভূমণ করিয়া ফিরিতেছে যে গৃহ সকল, তাহাদের মধ্যথানে সূর্যা স্থাপিত আছে। তাহারি তেজেতে গৃহ তেজবী হইতেছে। ঐ সূর্যোর মণ্ডল পুথিবী মণ্ডলহইতে দশ লক্ষ্য ধেণে বড়, এবং পৃথিবীহইতে আট কোটি ছবিশ লক্ষ্য জোশ অস্তরে আছে।

নি। ভাল, পৃথিবীহইতে সূর্য্য যে কত দুর পণ্ডিতেরা ইহা কেমন করিয়া জানিলেন ?

প। কি প্রকারে জানেন তাহার একটি উপায় এই। আলোর গঠি ধরিয়া গণণা করিয়াকল দ্বির করিয়াছেন; তাহাতেই জানিতে পারি- য়াছেন, যে পৃথিবীহইতে স্থা কত দ্র অন্তরে। আর উাহারা বলেন; যে পৃথিবী মণ্ডলহইতে স্থা মণ্ডল দশ লক্ষ প্রণেডে বড়। ইহাতে যদি বল, যে তবে একথানি ক্ষুত্র থালের আকারের মত দেখা যায় কেন, লেই জন্যে প্রত্যক্ষ প্রমাণনিত্ব একটা দ্টান্ত বলি স্তনা যেমনকোন স্থল এবং দীর্ঘ কায় যুবা পুরুষ এক জন বড় উচ্চ কোটার উপর উচিলে নীচের লোকে তাহাকে একটি ছোট বালকের মত দেখিতে পায়, তেমনি পৃথিবীহইতে আটি কোটি ছাত্রিশ লক্ষ জোশ অন্তরে আছে যে স্থা, সে অতি বৃহৎ হইলেও একথানি থালের নায় দেখা যায়।

নি। ভাল, তাবে গুহ সমূদয়েতে কত গুলি, আর তাহাদের নামই বা কিং?

প। পূর্বে জানা গিয়াহিল, যে বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহন্ধতি, শনি, কেবল এই মাত্র; পরে ১৭৮১ শালে আর একটা গুছ দেখা গিয়াছিল, তাহার নাম জর্জিরম; এবং তাহারি আর কএক বৎসর পরে আরো চারিটা গুছ জানা গিয়াছে, ক্রমশঃ তাহাদের নাম বলি শুন। একটার নাম শীরিশ, দিতীয়টার নাম পালাস, ততীয়টার নাম জুনো, চতুর্গুটার নাম বেইটা; এই চারিটা গুছ কেবল চকু দিয়া দেখা যায় না, দূরবিণ দিয়া দেখা যায়।

নি। গুহদের স্থিতি এবংশমনের রীতি কি প্রকার ?

भ। जुइ नकन नृर्याइ है राज विश्व र बहुत्तर ज्यात छे अरह है हाणि बार्फ; बात छाहार त जि है है शास्त्र है शुकात, निर्मत निर्मत निर्ण वे वस्त्र त जि । छाहात मर्था श्रुवरम वस्त्र त जि विन स्म। श्रुवरम जुह रा नृर्यास्क अकवात श्रुवस्त्र कि विग । स्मिन कि त । स्मिन जुह रा नृर्यास्क अकवात श्रुवस्त्र कि त । स्मिन अहि हो राज है स्वित । स्वित के ति । स्मिन अहि हो स्वित । स्वित के ति । स्वित के श्रुवर्ष के स्वित । स्वित के ति । स्वित वित के ति । स्वित के ति ।

বার প্রাক্ষণ করিয়া যুরিয়া আইনে, তাহাতেই পৃথিবীর লোকের ঐ পরিমিত দিনেতে ও দণ্ডেতে এক পূর্ণ সমুৎসর হয় ; এইতো वर्षमहात गाँउ विनिनाम, स्निनात वर्धन नित्नत गाँउ विनि, सन । ণুহ সকল যথন প্রদক্ষিণ করিতে থাকে, তথন চাকার মত আপনারা ছুরিতে**২ প্রদক্ষিণ করিতে থাকে, সেই ছোরার নাম দিনের** গ**তি**ঃ যেমন পৃথিবী যাটি দণ্ডের মধ্যে আপনি এক বার চাকার মত খোরে, ভাহাতেই এক দিবা রাত্রি হয়। ফলিভার্থ কি? সূর্যা নিজে অচল, সে এক স্থানেতেই স্থির আছে ; পৃথিবী ও আরু গুছ সকল ইহারা খুরিতেথ সুর্যোর চারিদিকে বেড়ায়, এই খূর্ণনেতে ক্রমেথ পৃথিবীর সর্ব দেশেই সূর্য্যের জ্যোতি লাগিতেছে। যথন যে দেশে জ্যোতি লাগিতেছে, তথ্ম সেই দেশে দিন প্রকাশ হইতেছে; আর যথম যেখানে জ্যোতি না লাগিতেছে, তথনি সেধানে রাত্রি ইইতেছে ! ় ইহাতে যদি বল, পৃথিবী যে ছোরে এ কথা সম্ভব নয়, কেননা সাক্ষাতে দেখিতে পাই যে পৃথিবী যেমন তেমনি আছে, আর मूर्या (मश्रिटाक्टि পृथिवीत हातिमित्क धृतियां तिकारेटाक्ट ; उत्त वे কথার প্রজ্যন্তর স্তন। দেখ,কোন লোকের গাড়িতে কিয়া নৌকাতে চড়িয়া অতি বেগে যাইতে হইলে, সে আপনা আপনি অবশ্য এমত জ্ঞান করে না যে আমি চলিতেছি, ষেমন তেমনি ঠিক বদিয়া আছি; বরঞ্জান হয়, যে সমুথের হার, ছার, গাছ, পালা সকল আ-মার নিকট আসিতেছে; তেমনি পশ্চিমাবধি পূর্ব মূথে পৃথিবীর গতি অতি বৈনে, এই প্রযুক্ত আমাদের চক্ষুর দ্ফিতে বোধ হয় যে সূর্য্য शृर्व १ देश अभित्य यादेश हा । अदे करन करा तिया एक, त्य नित्तत्र ণতি ও বৎসরের গতি। সেই উভয়ের উদাহরণ এক কালে দেই,অব-ধান কর। দেখাদেখি, গাড়ীতে চড়িয়া একটা বাটার চারি দিকে স্রিয়া প্রদক্ষিণ করিতে হইলে, সেই গাড়ী ঐ বাটীর চারি দিকে এক वात चृतिहा चानित्वर छाडात हाका निक चारनत छैनित कर बात लादि । इरा हारतारहा प्रशिक्षण प्रशिक्षण एविती या निवातावि वाहि मुख्य प्रशिक्षण करते प्रशिक्षण करते हैं चिन पठ नेत्रविक्षण वाद मूर्या प्रश्नाक अक बात श्रीमक्षित करते, हैं इर्ग चनाताल काना यारा। अहे मूर्वे श्रीकांत गाँठ धतिहा विद्याना कितिला है पिरनत गाँठ उपनातत गाँठ विकास करते गाँठ विकास कर्ति हो है। उपनात गाँठ विकास कर्ति हो है। विकास कर्ति हो हिल्लिया पिरन क्षेत्र करता गाँठ है। यारा, उपनि कानिया श्रीवेत्र प्रशास गाँठ चात विकास गाँठ।

নি। ভাল ২ ও কথাতো স্লাই রূপে বুঝিলাম; কিন্তু আর একটা কথা জিজাসা করি, পৃথিবী যদি শূনাভরে আছে তবে পড়ে না কেন ?

প। সে পড়ে না কেন? না স্ফিকজার এমনি এক থানি নিয়ম আছে, যে এক বস্তুর শক্তিতে অন্য বস্তু আকৃষ্ট থাকে, ফলিতার্থ যে বস্তু বড় সে ক্ষুত্র বস্তুকে আপনার অভিনুথে আকর্ষণ করিয়া রাখে। এখন দেখ, স্থামণ্ডল অপেক্ষায় পৃথিবীমণ্ডল দশ লক্ষ্ম প্রে ছোট, এই হেতুক স্থোর আকর্ষনী শক্তিতে আকৃষ্ট হইয়ালে আছে। স্থা যদি তাহাকে টানিয়া না রাখিত, তবে ক্রমেতে পৃথিবীর অধংপতন অবশাই হইত।

নি । ভাল, যে কথা বলিলা ভাছা বৃক্ষিলাম, ভবে আর একটি কথা জিজ্ঞাসা করি, বল পেথি। পৃথিবী গোলাকার হইয়া যদি শুনোর উপরে সর্গা ঘূরিভেছে, ভবে পৃথিবী দ্বিভ যে বস্তু সকল, অর্থাৎ ছাবর জলমাদি, ইহারা সকল কেন অধোণত হয় নাঁ?

প। ওহে, এ কথা তুমি বলিতে পার, কিন্ত ইহার মধ্যে একটি চিকণ কথা আছে, সেই কি না, যাহা আনো বলিলাম, যে এক বস্তু অনা বস্তুকে আকর্ষণ করে। অতথ্য দেখ, পৃথিবীর আকর্ষণী শক্তিতে ছাবর জনমানি সকল বস্তুই গাঁখা আছে। ইহার একটা মিদর্শন বলি, অনুভব কর । পৃথিবীহইতে কোন বন্ধ উচ্চ করিয়া তুলিতে গোলে ভার বোধ হয় কেন? তাহার বীজ এই, পৃথিবীর আকর্ষণী শক্তিতে দদাই টানিভেছে, সেই জুনো যত টানে ততই ভার বোধ হয়। আরও দেখ, য়দি কোন লোক উর্জু ভাগেতে এক থান ভেলা কিয়া ইট ইত্যাদি নিজেপ করে, ভবে যত ক্ষণ পর্যান্ত তাহার সঙ্গে বেগ থাকে, তত ক্ষণ উপরে উঠে, আর বেগনিবৃত্তি হইবান্যাত্র পৃথিবীর আকর্ষণী শক্তিতে আকৃষ্ট হইয়া পুনর্বার পৃথিবীতেই পড়ে। এই আকর্ষণের নিয়ম নিউজন নামে মহাখ্যাত এক জন ইপ্রান্ত রোচির্রিৎ প্রকাশ করিয়াছেন। ইহার কল যদি প্রত্যক্ষ করিছে চাহ তবে একটুকি চুম্বক পাতর আঁর একটুকি লৌহ আন; তবে দেখিতে পাইবা, যে চুম্বকের আকর্ষণী শক্তিতে লৌহ থণ্ড আকৃষ্ট হইবে।

নি। তৃষ্ট হইলাম, এখন জিজাসা করি, সূর্য্য যদি সকলের মধাুখানে আছে, তবে গুহদের মধ্যে কোন গৃহ সূর্য্যের নিকটবর্ত্তী ?

नि । न्यार्रेक एक गुर कर मृतत ?

ना शक पुर न्याइहरू ना कि कि विशेष निवास नक प्रतिन

বার পুদক্ষিণ করে, আর সাতার দশু বাওয়ার পলেতে আপনি এক । বার চাকার ন্যায় খোরে । এ প্রায় পৃথিবীর সমান বড়।

নি। ভাল, পৃথিবীর আর কোন বিবরণ আছে!

প। তবে তান, পূর্বে যেমন বলা গিয়াছে যে সূর্য্যহইতে পৃথিবী আট কোটি ছত্রিশ লক্ষ কোশ অন্তর, আর আড়াই দণ্ডের মধ্যে একার হানার জোশ ভুমণ করিতে ২ তিন শত পঁয়বটি দিন পোনের দণ্ড একত্রিশ পলেতে সূর্য্যকে একবার পুদক্ষিণ করে, ইহাতেই আমাদের এক বৎসর হয়; এক ষাটি দণ্ড দিবা রাত্রিতে আপনি একবার চাকার মত খোরে, তাহাকে আমরা এক দিন বলি। পৃথিবীর বিস্তার নাত হাজার ক্রোশ; আর এই পৃথিবীর চন্দু নামে একটা উপগুহ আছে, সে উনত্রিশ দিন সাড়ে সাডাইশ দণ্ডে পৃথিবীকে এক বার বেন্টন করিয়া আইদে, ভাহাতে এক চান্দু মাস হয়।

নি । এই ক্লেণ মঙ্গল গুছের বিবরণ কিছু বল।

প। খন ভাই, বলি। মঙ্গল গুহ স্থাহইতে বার কোটি সাত বাটি লক্ষ বিশ হাজার কোশ অন্তরে, এবং ছয় শত সাতাশী দিনে স্থাকে প্রদক্ষিণ করিয়া এক পাক ঘ্রিয়া আইনে, তাহাতে আমাদের এক বংশর দশ মাস বাইশ দিনেরও কিছু অধিক হয়, এবং এক বাটি দণ্ড সাড়ে সাইত্রিশ পলেতে আপনি চাকার মত এক পাক থারে। এই মঙ্গল গুহ পৃথিবীহইতে কিছু ছোট, ইহার বিস্তার তিন হাজার ছয় শত ছেয়াশী কোশ। ইহাকে অভিশয় রক্তবর্ণ দেখা যায়। এ গুহের কোন উপগৃহ নাই।

- নি ৷ তবে সূর্যাহইতে বৃহন্পতি কত দূর অন্তরে ?

প। সূর্যা আর বৃহস্কৃতিতে পরস্কর তেতালিশ কোটি কোল অন্তরে। এই বৃহস্কৃতি বার বৎসরে সূর্যকে এক বার প্রদক্ষিণ করে, ও পঁচিশ দণ্ডেতে আপনি চাকার মত এক পাক ঘোরে। এ গুহু পৃথিবীহইডে চৌদ শত ধণ বড়। এই গুছের:চারি উপগুছ আছে: দ্রবিণ দিয়া দেখা যায়,যে এই গুছের গায়েতে জরির পটুকার মত কি চক্ ২ করে। নি । তবে শনি গুছের বিষয় কিছু বল।

প। শনি গুছ স্থাছইতে উনাশা কোটি বিশ লক্ষ কোশ অন্তর। সে উনত্রিশ বৎসরে স্থাকে এক পাক পুদক্ষিণ করে, আর পঁটিশ দণ্ড চল্লিশ পলে আপনি চাকার মত এক পাক হোরে। এ গুছ পৃথিবী অপেক্ষায় নরই গুণ বড়; কিন্তু দূরবিণ না হইলে লোকে ভাল মতে প্রায় দেখিতে পায় না। এই গুছের উপগুছ সাভটা আছে।

নি । ভাল, তবে জর্জিয়ম নামে যে গুহ পুথমে কে তাহার অনু-সম্ভান করিয়াছিল?

প। ১৭৮১ শালেতে হর্জেল নামে এক সাহেব প্রথমে ঐ তারার অনুসন্ধান করিয়াছিলেন, এই নিমিত্তে ঐ সাহেবের মর্যাদার জন্যে সকলে ঐ তারার আর একটা নাম হর্জেল রাথিয়াছে। সেই গুহ সূর্যাহইতে এক শত আটার কোটি চল্লিশ লক্ষ কোল অন্তরে। এ গুহ তিরাশী বংসরেতে সূর্যাকে একবার প্রবৃদ্ধিন করিয়া আইসে। এই গুহের উপগৃহ ছয়টা আছে, কিন্তু দূর্রিণ ছাড়া প্রায় চক্ষুতে দেখা যায়না।

নি। এ সকল ছাড়া আর যে চারিটা উপগুহের কথা বলিয়া-ছিলা, তাহার বিশেষ বিবরণ বল ।

প। তবে কমে বলি। প্রথম শারীশ, বিতীয় পালাস, তৃতীয় কুনো, চত্তর্থ বেক্টা। এই কএকটা গুছ বিশেষৎ সময়ানুক্তমে দেখা গিয়াছিল। ইহার মধ্যে শীরীশ ও বেক্টা ইহারা সূর্য্যহইতে বাইশ কোটি অক্টাশা লক্ষ জোলা অন্তরে। এবং জুনো সূর্য্যহইতে ছারিশ কোটি চলিশ লক্ষ জোলা দুরে। পালাস চরিশ কোটি জোশ অন্তরে আছে। এ সকল ভারা অভি ছোট দেখা যার

२ भारे।

থাতুর বিষয়।

নি। এইক্ষণে জিজাসা ক্ষ্ণি ধ্য এই পৃথিবীতে দিবা রাত্রির দ্যাস বৃদ্ধি এবং ঋতুভেদ কিসেতে হয়, তাহা বলিতে পার?

প। সে সকল পৃথিবীর বক্র গতি প্রযুক্ত হয়। তাহারু ব্তান্ত খন। ভূগোল বেত্তারা পৃথিবী ভাগ করিবার জন্যে তাহার মধ্যথানে পূর্ব পশ্চিমে একটা রেখা কল্পনা করিয়াছেন, তাহারি দক্ষিণ উত্তর উভয় পার্ম্থে নরুইং অংশ করিয়া সমুদ্রে এক শত আশী অংশ করিয়া-ছেন। একং অংশেতে ষাটি ক্রোশ পরিমিত ভূমি। সেই রেথারু সমস্ত্র পাতনায়ে উর্দ্ধে শুনোতেও একটা রেখা কল্পনা করেন, ভাছার নাম বিষ্ঠ রেথা। ১৯ আখিন ও ১১ চৈত সূর্য্য সেই রেথার উপরে থাকে, সেই প্রযুক্ত ঐ দুই দিনে দিবা রাতি সমান হয়। আর পৃথিবী যদি সর্থা সমান ভাবে ভুমণকরিত, তবে স্থোর তেজ সদা সমভাবে রেখা ভূমির উপরে লাগিত, এবং শাত গ্রীষ্ পুভৃতি ছয় ঋতূর ভেদ হইত না, আর ১২ মাস দিবা রাত্রি সমান হইত; ভাহা না হওয়াতে রেথাস্থানহইতে ১১ আখিন অবধি ১১ পৌষ পর্যান্ত ক্রমে সাড়ে ভেইশ অংশ বক্রণমন করে, তাহাতে দ্যোর দক্ষিণ গতি বোধ হয়। এবং দেই দিন অবধি ক্রমেং कितिहा चानिया ১১ চৈত্রে विषुव त्त्रशांत नीक माँ। भूनई।त সেই দিন অবধি ১১ আষাঢ় পর্যান্ত ক্রমেতে সাড়ে ভেইশ অংশ বক্র ভাবে চলে, ভাছাতে দূর্য্যের উত্তর গতি বোধ হয়; অনন্তর ঐ ১১ আষাঢ় অবধি উত্তরহইতে মুখ ফিরাইয়া ১১ আমিনে বিষ্ক্রেধার भीरह वात्रिहा मैं। जारा । के मक्किन गठित नाम मक्किनायन, ও উত্তর गिज्र मात्र उत्तरायन। পृथियीय अरे वक गीठ প्रयुक्त अञ्हल इस, ও দিন রাত্রি ছোট বড় হয় । কিছু লোকত এই প্রসিদ্ধ আছে, যে নুর্যোর গতি বিশেষে ঐ সকল ঘটে, ফলতঃ তাহা নয়, তবে কি? না পৃথিবীর গতি বিশেষেতে যে অত্তেদ ও দিবা রাত্রির জ্ঞান বৃদ্ধি এই ছির সিদ্ধান্ত জানিবা।

নি । ওহে ভাই, কুমি যে কথা কহিলা সে প্রমাণ বটে। আর যাহাতে অনাক্লাসে দিবা রাত্রিভেদ ও ঋতুভেদ হয়, পরমেশর ইহার কিবা আশ্চর্যা উপায় সৃষ্টি করিয়াছেন। ইহাতে ভাঁহার কেমন অসাম চমৎকার বৃদ্ধি প্রকাশ হইতেছে! ইহা এক বার দেখা, এমন আর কথন কেহ দেখে নাই। ভাল, পৃথিবীর দিনের গতির বিষয়ে আর কিছু বলিতে পার?

প। বলি তান। চাকা যেমন আলের উপরে তোরে, পৃথিবীও সেই প্রকার পশ্চিমহইতে পূর্বাভিমুখে ঘূরিতেই এক দণ্ডের মধ্যে ১৫ অংশ অর্থাই ৯০০ ক্রোশ পর্যান্ত সূর্যোর সমূথে ঘূরিয়া আইসে, তাহাতে ক্রমেই তাবই দেশই সূর্যোর সমূথে পড়ে। এখন বুঝিয়া দেখা, লগুন নগরহইতে প্রায় ৯০ অংশ পূর্বে কলিকাতা, তইপুযুক্ত কলিকাতাত্ত লোকেরা যথন স্থ্যোদয় দেখিতে পায় তাহার ১৫ দণ্ড পরে লগুনের লোকেরা তাহা দেখিতে পায়, এই পরিমাণানুসারে বন্ধ দেশে যথন দুই প্রহরবেলা,ই০লণ্ড দেশে তথন প্রাতংকাল হয়।

৩ পাঠ। ধ্মকেতুর বিষয়।

নিত্যানদ। ভাল, তবে এখন ধ্মকেত্র বিবরণ কিছু বল ! পরমানদ। ধ্মকেতু স্র্যোর চতুর্দিকে ছোরে, ঐ ধ্মকেতু দুই একটা নয়, অর্থাৎ অসংখ্য ধ্মকেতু আছে; অনুমান হয় সৌর জগ-

তের মধ্যে সাড়ে চারি শতের কম নাই, অধিক যে হউক। ইহা-पिशतक धूमतकजू बतन रहेने? ^{क्}नी चुजान नाम हेरालन अकति १ नामृत चाटक, किन्न कथनर किना नाम्रत गुरुएत यह शान चाकार ও (पथा यार। ইহাদের গতি সমান नयू, कथन সমূথে চলে, कर्यन वा शन्हां ६ हरल ; त्कान त्रमारा बानरलई हरल ना, सम्रिक মাায় থাকে। কোন ২ জোতির্ত্তারা বলেন, যে ধুমকেতু কৃষ্ণবর্ণ, ফলতঃ তাহাতে সূর্য্যতেজ লাগিলে সে আলো হয়। আর লাঙ্গুলের বিষয়ে অনেকে অনুমান ক িয়ছেন, যে সূর্যার তেজেতে বেই লাঙ্গুলাকার দেখা যায়, কিন্তু দূর্য্যের কেমন তেজ লাগিলে তেমন হয়, তাহা নিশ্য় জানা যায় ন.ই। ধূমকেতু কোন ২ সময়ে যে বেগে ধায় এ কথা প্রায় বিশ্বাস হয়,না, কিন্তু ১৭৭০ শালের জুলাই মাসে বুহিডোন নামে এক সংহেব একটা ধুমকেড দেখিয়াছিলেন, সেট। ২৪ ঘণ্টার মধ্যে এত দূর পর্যান্ত দৌড়িয়াছিল, যে অনুমানে ঐধূম-কেতু দিবা রাত্রি বাইট দণ্ডের মধ্যে তিন কোটি ক্রোশ পর্য চলিতে পারে। কোনং ধূমকেতৃ সূর্যোর এত নিকটে যায়, যে তাছার শরীর টা একেবারে সূর্য্যের উত্তাপে ভাজা২ হইয়া উচে। নিউটন সাহেব গাননা করিয়া দেখিয়াছিলেন, বে ১৬৮০ পালের ধুমকেতৃজ্লত নৌহ পিও অপেক্ষায় দুই হাজার ওণ উত্তা।

সৌর জগতের যাবদন্তর মধ্যে ধুমকেতু বিষয়ের অনুমানের নিমিন্তে যথেই ভাবনা জন্মিরাছে। ধুমকেতুর আকার অতি বিকট, এই হেতুক পৃথিবীর সৃষ্টি অবধি লোক সাধারণের মনে দেখিবা মাত্র ভয় জন্মে, কেননা তাহার উদরেতে দেশের উপরে যুক্তর ও মারীভর প্রভৃতি আপদ ঘটে, এই মত বুঝিরা তাহাকে দুর্দশার আদি চিহু মুক্তপ করিয়া জানে। যাবৎ পর্যন্ত লোক সকল অজ্ঞান ছিল, ভাবৎ পর্যান্ত ঐ সুকল মিখ্যা ভয় পাশেতে বাঁধা ছিল; এখন ধুমকেতর যথার্থ নির্বচাতে সেই বস্থনইতে মৃকু হইয়াছে।

৪ পাঠ। রাশি চক্রের বিষয়।

নিতানেল। এখন রাশিচজের বিষয় যদি কিছু জান, তবে বল।
পরমানদা। তবে বলি তান, পূর্বে কহা নিয়াছে যে বিষ্বুব
দ্বোর উভয় পার্ছে যে সাড়ে তেইশ অংশ পর্যান্ত পৃথিবীর
বক্ত মতি হয়,তাহার নাম ক্রান্তি; এই ক্রান্তির উভয় পার্ছে মোটে
দীমা যে সাতচলিল অংশ তাহার মধ্যে যে নোলাকৃতি দ্বান, সেই
দ্বানের বার তান হইয়াছে; এবং তাহাতে যে সকল তারা দেখা
যায় তাহারাও তক্তপে বার ভানে বিভক্ত হইয়াছে। তাহার নাম
রাশি, অর্থাৎ ক্রান্তির বার প্রকার চিহ্ন। তাহার নাম এইং মেয়,
বৃষ, মিগুন, কর্কটি, সিংহ, কন্যা, তুলা, বিছা, ধন্ঃ, মকর, কুয়,
মীন। স্র্যা যখন যে কোন রাশিতে প্রবেশ করে তথনি একটা ন্তন
মাস হয়, এবং লোকেও বলে যে আজি সংক্রান্তি, যেহেতুক স্র্যা
অমুক রাশিতে নেলেন, কলতঃ তাহা নয়, কিন্তু পৃথিবী রাশিতে
প্রবেশ করে।

৫ পাঠ। তারার বিষয়।

নিত্যানক। তবে আরং সকল তারা যে দেখা যায় এ কেমন?
পদমানক। গুহু সকল যেমন সর্বা ঘুরিতেছে তারা সকল তেমন
নয়, ভাহারা ষং ছানেতেই আছে। এই যে তারা তাহাদের সংখ্যা
নাই, কিন্তু চক্ষু দিয়া এক সময়ে এক হাজার তারার অধিক দেখা
যায় না। ভারা বকল নিজের তেজে তেজবিনা, অর্থাৎ আপনাদের ভেজে আপনারা প্রকাশ পায়। কোনং পণ্ডিতেরা মনে করেন,
যে একং ভারা একং স্র্যোর সমান, অর্থাৎ স্র্যোর চারি দিকে

যেমন রাশিচক্র ভূমণ করে, তেমনি প্রত্যেক তারার চতুর্দিকেও একং রাশিচক্র ভূমণ করে। তারাগণ পৃথিথীহইতে অতি দূরে আছে; যে তারা পৃথিবীর অধিক নিকট, সেও পৃথিবীহইতে দেড় লক্ষ ক্রোশ অন্তরে আছে। আর ঐ ভারাগণ অপরিমিভ শূন্যেতে স্থাপিত হইয়া আছে। সূৰ্য্যহইতে এক তারা যত দূর অক্তন্ত্র, আরবার অনা তারা তাহাহইতে তত দূর অন্তরে আছে। অনুমান করি, তারা যদি একটাং লোক বিশেষ হইড, তবে তারাতে ও সূর্যাতে এত দূর অন্তর, যে তারাস্থিত লোকেরা সূর্য্যকে তারার মত কুত্র দেখিতে পাইত। আর অন্য ভারাকে যেন একটাং অগ্নির কণার মত দেখিতে পাইত। আর আমাদের দৃষ্টিতে যে সকল তারা এক সমান দেখা যায় না, তাহার বীজ এই, কোন তারা অধিক দূরে ও কোন তারা অল্প দূরে আছে; অতএব বুঝিয়া দেখ, যে তারা কিছু নিকটে সে বড় দেখা যায়, ও যে কিছু দূরে আছে, স্তরা সে ক্সুত্র দেখা যায়। এই হেতুক জ্যোতির্বেত্তার। তারার পর্যায় ছয় নিক্ল-পণ করিয়াছেন, যথা যে সকল তারা কিছু নিকটে ও তেজম্বিনী (मथा यात्र, जाशांतितत्क श्रथंत्र भयाँ। त्यत्र माथा त्रांत्र कत्रिवाटक्रन, এই রীতিতে ক্রমশঃ উদ্ধেহ যত তারা আছে তাহাদিনকে দিতীয় তৃতীয় ইত্যাদি ষষ্ঠ পর্যায় পর্যান্ত গশিয়াছেন। দূরবিণের দারা দেখা যাইতেছে, যে নিশ্চল তারা জ্বদংখ্যা, যে হেতুক দুরবিণ যন্ত্র যত বড় হর ওউৎকৃষ্ট হয় তাহাতে ততই অধিক ভারা দেখা বার।

৬ পাঠ। গুহুণের বিষয়।

नि। जोगे, जरव गुर्व कि श्रकारत रह ! ल। अक गुरहत होता समा गुरहत जैनरत नानिरंग गुर्व हैता। কলতঃ যথন পৃথিবী আর নূর্য্যের মধ্যছলে চক্ত থাকে, তথক
চল্লের ছারা দূর্য্যেতে লাগে, তাহাতেই দূর্য্যনুহ্ণ হয়; কিছু দূর্য্য
মণ্ডলহইতে চক্ত মণ্ডল ছোট, এই পুযুক্ত চল্লের ছায়াতে সূর্য্যের
সমস্ত মণ্ডল ঢাকা পড়ে না, সেই হেতুক দূর্য্য গুহুণে সর্ব্যাস হয় না।
আর মথন ক্রুক্ত দূর্য্যের মধ্য থানে পৃথিবী থাকে, তথন পৃথিবীর
ছায়াতে চক্তকে ঢাকে,ভাহাতেই চক্ত্রগুহণ হয়। চক্ত মণ্ডল অপেকায় পৃথিবী মণ্ডল বড়, এই পুযুক্ত তাহার ছায়া লাগিয়। কথন২
সর্ব্যাস হয়, অর্থাৎ চল্লের সমুদ্র মণ্ডল ঢাকা পড়ে। প্রতি বৎসরে
গুহুণ দূই বারের ন্যুন হয় না, এবং সাত বারের অধিকও হয় না;
আর সকল গুহুণ সর্ব দেশে দেখা যায় না, প্রতৌক পুহুণ সর্ব দেশ
সাধারণ কথন হয় না।

१ भारे।

एटमु इ विष्या

নি। গুছণ খনিলাম, চজ্জের আর কোন বিবরণ যদি জান তবে বল?

প। চক্র পৃথিবীহইতে তের গুণ ছোট, অর্থাৎ পৃথিবীর তের ভাগের এক ভাগ যত বড় চক্র তত বড়; এই প্রযুক্ত পৃথিবী ভাহাকে আকর্ষণ করিয়া রাথিয়াছে। ঐ চক্র উনত্রিশ দিনেতে পৃথিবীকে পুদক্ষিণ করিয়া এক পাকু যোরে, ইহাতেই আমাদের চাক্র মাস হয়। চক্র নিজে কালো, কিন্তু ভাহাতে সূর্য্যের তেজ লাগে, এই জনো উজুল দেখা যায়; ইহা চক্রের জাস বৃদ্ধি ধরিয়া দেখিলেই জানা যায়; ইহা যদি নাহইত, অর্থাৎ চক্র যদি নিজে ভেক্সবীহুইত, জর্মে প্রতি দিনই পূর্ণচক্র দেখা যাইত। ফলিভার্থ চক্রের যে

দিকে দুর্যের তেজ লাগে, আর পৃথিবী ও চল্লের গতি বিশেষে দিনেং তাহার যত টুকিং দেখা যায়, তত টুকিং চল্ল বাড়িতে থাকে; শেষ পর্যান্ত বাড়িয়া আরবার কৃষ্ব পক্ষেতে যত টুকিং কম দেখা যায়, তত টুকিং আটিতে থাকে; এই রপ আমাবদ্যা পর্যান্ত আটিয়া শেষ হয়। ইহাতেই চল্লের জাস বৃদ্ধি জানা যায়, নতুবা আদল মণ্ডলের কিছে কর হয় না, এবং বৃদ্ধিও হয় না। আর কেবল এই জগতের জীবের জনোই যে চল্লের দৃষ্টি হইয়াছে, এমনও বোধ হয় না; বরং অনেক জানবান্ পণ্ডিতেরা এমন চাহরান, যে এই জগতের মত চল্লেতেও অনেক জাব আছে; আর এই জগতে যেমন উচ্চ নীচ ঠাই আছে, দূরবিণ দিয়া দেখা যায় সেই প্রকার চল্লেতেও আছে। সে যাহা হউক ঈশবের এমনি দয়া যে দিনেতে সুর্যাের ঘারা আর রাত্রিতে চল্লের ছারা আলো প্রদান করিয়া আমাদের অন্ধকার ঘুচাইতেছেন।

৮ शार्थ।

জোয়ার ভাটার বিষয়।

ি নিতানিক। তালং এখন আর একটা কথা জিজাসা করি, এই জোয়ার তাটা কিসেতে হয় ই

পরমানদ। পূর্বে বলা গিরাছে, যে সকল বস্তু ছোট বড়র জন্-লারে পরন্নর আকর্ষণ করে; অভএর পৃথিবী চক্রকে আকর্ষণ করে, চক্রও পৃথিবীকে কিঞিৎ আকর্ষণ করে। এই যদি ফলছির থাকিল, তবে এখন বলি তন। পৃথিবীর জল মভাবতঃ চক্ষণ, এই পুরুক্ত চক্রের আকর্ষণেতে আকৃষ্ট হইয়া নীচহইতে উপরে ধার। ঐ টানের বেগা বস্তু কণ থাকে ডড় দূর পর্যান্ত উপরে দৌছিরা আইনে; ইইল কেই জোয়ার বলে। আর ঐ বেগ নিযুত্ত হইলে সেই জল ছে ক্রমেথ নামিতে থাকে তাহাকেই ভাট। বলে।

নি । তবে এখন একটা কথা জিজাসা করি, বল; এই গ্রহাতে বিমন জোয়ার ভাটা খেলে আরু চাইতেও কি তেমনি হয়?

প। হয়, আর ইউরপের পঞ্জিকাকার জ্যোতির্বিদের। প্রতি দিন জোয়ারেতে কোন সময়ে কয় হাত কয় আঙ্গুল জল বাড়িবে, ভাহা নিরুপণ করিয়া পঞ্জিকাতে লিথিয়া থাকেন?

৯ পাঠ।

বিদ্যুৎ ও বজুপাতের বিবরণ।

নিত্যানদ। ওহে ভাই পরমানদ, বিদ্যুৎ আর বজুপাত কিসেতে হয়? যদি বলিতে পার, তবে অনুগুহ করিয়া বল।

পরমানন। তবে বলি, আকাশ মণ্ডল বিদ্যুতে পরিপূর্ণ আছে, কিন্তু ঐ বিদ্যুৎ মেছেতে ঢাকা থাকে, এই জন্যে সর্বুদা দেখা যায় না। যথন বড় কড় হয়, তথন বাতাসে মেছকে নিয়া পৃথিবীর নিকটে উড়াইয়া ফেলে, তাহাতেই পৃথিবীতে এমন কোনো বস্তু আছে, যে সে বিদ্যুৎকে আকর্ষণ করে। সেই ফব্যের আকর্ষণী শক্তিতে ঐ বিদ্যুৎ আকৃষ্টা হইয়া অতি বেণে ধায়, সেই বেণের ধামকে মেছ যথন ফাটে, তথনি বিজাতীয় শব্দ হয়, সেই বিদ্যুৎপত্নের নাম বজুপাত বলে।

নিউসানন্দা ভাল, তবে দৈখিতে পাই, যে আগে বিদ্যুতের আলো দেখা যার, ভাষার পরে শব্দ শ্বনা যায়; ব্যুত্তব্য জিল্পানা করি, সে দুই কি এক কালে হয় না? প। ওহে ভাই, তবে সে কথা আমি বলি। যথন মেছকে ফাটাইয়া বিদ্যুৎ নির্গতা হয়, তথনই শব্দ জন্মে বটে; কিন্তু শব্দ জন্মিবা
মাত্র আমরা স্থনিতে পাই না, কিছু বিলয়ে স্থনিতে পাই। কারণ
শব্দ অপেক্ষায় আলো শীঘু চলে, অর্থাৎ শব্দের শক্তি এই, যে
আড়াই পলের মধ্যে বারো ক্রোশ চলে, কিন্তু আলো ১০০০০০
ক্রোশ চলে; অতথব আলো ও শব্দ এককালে নির্গত হয় বটে,
কিন্তু এককালে সাক্ষাৎকার হয় না।

নি। ভাল, যদি কেছ জানিতে চায়, যে আপনার নিকটছইতে বিশ্যুতের আলো কত দূর অন্তরে, তবে সে কি প্রকারে জানিতে পারিবে?

প। আগে তাহাকে এইটি চিক রাথিতে হইবে, যে বিদ্যুতের আলোক দর্শনের কত ক্ষণ পরে শব্দ শুনা গেল; তাহার পর হিসাব করিয়া দেখিবে, যদি আড়াই পলের পরই শব্দ শুনা গেল, তবেই জানিবে যে বিদ্যুৎ প্রায় বারো ক্রোশ অন্তরে আছে।

নি। বিদ্যুৎ বিষয়ে আর কোন কথা থাকে তবে বল?

প। ঐ বিদ্যুতের পতন প্রায় উচ্চতর বস্তুর উপরেই হয়, এই জন্যে ফট্কার সময়ে গাছের তলায় থাকা উচিত নয়। কোনং বস্তুর এমনি হধর্মআছে, যে আরং বস্তু অপেক্ষায় বিদ্যুতের অগ্নিকে অতিশব আকর্ষণ করে; ধাতুরবাযত আছে দে তাবতেরই ঐ হভাব, ইহার এই এক প্রমাণও পাওয়া যায়; যদি থাপে লাগান তলোয়ারের উপরে বজুপাত হয়, তবে ভিতরের তলোয়ার পুড়িয়া যায়,
থাপ অমনি বজায় থাকে, কথনং এমনি হয়। আর কোনং
পণ্ডিতেরা এক কল সৃষ্টি করিয়াছেন, দেই কল ঘুরাইলে বিদ্যুতের
অগ্নির স্কুলিকৈর ন্যায় স্কুলিক নির্মাত ইতি থাকে; এবং ঐ কল
ঘুরাইবার সময় যদি কোন ব্যক্তির গাতে লাগে, তবৈ তৎক্ষণাৎ

বিদ্যুতের বিজ্ঞিনীর মত বিঞ্জিনী লাগে। আর ষ্থন ঐ কলের সৃষ্টি হইয়াছিল, তথন পণ্ডিতেরা এইটি জানিবার জনো বড় যতু করিয়া-ছিলেন, যে ঐ কলহইতে যে অগ্নিকণা নিৰ্গত হয়, ভাহার মুভাব বিদ্যুতের অধির স্বভাবের মত কি না? অনেক যতেুর পর আমেরিকা দেশের ফাঙ্লিন নামে অভিশয় জ্ঞানবান্ এক জন দাহেব তিনি ভাবিয়া এই দ্বির করিলেন, যে কোন বস্তু যদি মেঘের দঙ্গে যোগ করা যায়, এবং সেই বন্ধু মাটিতে আর কোন বস্তুর সঙ্গে বদ্ধ থাকে, তবে বিদ্যুতের অগ্নি মেঘহইতে নির্গত হটবামাত্র সেই বস্তুর উপরে পড়িবে, আর তাহারি গা বহিয়া মাটির উপরকার সেই বস্তুতে আসিয়া লাগিবে; এই বিবেচনাতে ঐ সাহের ১৭৫২ শালে একটা মাঠের মধ্যে গিয়া একটা কৌছ-শলাকা মৃত্তিকাতে উচ্চ করিয়া গাড়িলেন, এবা বড় মেঘের আড়মুর দেখিয়া সেই সময়ে একটা ঘুড়ি উঠাইয়া দিলেন, ও ঐ জৌহ শলকোর সঙ্গে ঘুড়ীর দড়ি বাঁধিয়া রাঝিলেন; ভাহার পর থানিক বিলম্বে দেখিতে পাইলেন, যে ঐদ্ভিরণা বহিয়া কতক অগ্নি স্ফু-লিস্পড়িতে লাগিল; তাহাতেই তিনি জানিতে পারিলেন, যে বিদ্যু-তের অগ্নির সঙ্গে আর ঘূড়ীর সঙ্গে যোগ হইয়াছে, আর তাহারি দ্বীর সঙ্গে যোগ হইয়া এই লৌহ শলাকায় আদিয়া লাগিয়াছে। ইহা সটীক বৃষ্টিয়া তিনি এবং জনাং পণ্ডিতেরা বিদ্যুতের অধির যথাৰ্থ মুজাৰ জামিতে পাই য়াছিলেন।

নি। ভাল, তবে আর একটা কথা সিজাসা করি, বল। সহর কলিকাতার অনেকং সাহেব লোকের ঘরের দেওয়ালের কাছেং একটাং লোহার উচ্চং সীক পোঁতা আছে দেখিয়াছি, সে কিনের জন্মে?

প। তবে বলি তান, ঐ ফুাছ্লিন সাহেব বজুপাতের অগ্নিভর

নিবারণের জন্যে প্রথমে লোককে বলিয়া দিয়াছেন, যে জ্ঞাপনহ ঘরের লাগাও একটা চাঁইতে বড় উচ্চ একং টা লোহার সীক গাড়িয়া রাথিবা, আর ঐ সীকটা যেন ঘরহইতে থানিক উচ্চ থাকে, এবং তাহার জ্ঞাগাটা যেন সূচলা হয়, তাহাতে বিদ্যুতের জ্ঞারি ঘরের উপরে পড়িলেও ক্লিছু ক্লতি না করিয়া কেবল ঐ লোহার সীকের উপর দিয়া মাটিতে পড়িবে। ঐ সীক যে ঘরের সঙ্গে দানেং বন্ধ থাকিবে, সে কিছু কাষ্ঠের সংযোগে বন্ধ করিয়া রাথিতে হইবে, কেননা কাষ্ঠেতে আকর্ষণ শক্তি নাই, এই পুযুক্ত ঘরের মধ্যে প্রবেশ করিতে পারিবে না। কিন্তু বিদ্যুৎ যথন পড়ে, দেই সময়ে যদি কেছ ঐ লোহার সীক মুর্শ করে, তবে সে হচাৎ মারা পড়িবে।

নি। ওহে ভাই, ভোমার মুথে বিদ্যুতের নাশক শক্তি শুনিয়া আমার মনে বড় চমক্ লাগিতে লাগিল। ঘাঁহার নিয়মেতে এ সকল কর্ম হয় এমন যে ইশ্বর ভাঁহার ক্ষমতা যে কড দূর ইহা কে বলিতে পারে?

३० शाठे।

উল্লাপতনাদির বিবরণ।

প। ওহে ভাই নিজানন্দ, রাত্রি যোগে কথনং আকাশহুইতে অন্নির নায় থসিয়া পড়িতে দেখিয়া থাকিবা, এমন মনে হয়?

्र नि। हाँ, जाहा खातक वाद मिथियां हि बर्छ।

প। ডবে দেটা কি বৃক্তিয়াছ, বল ডবিঃ

নি। সে কি জান, আকাশহইতে তারা থসিয়া পড়ে, এবং তাহ। দেখিলে যথেষ্ট তয়ও জল্ম। তবে সে কি তারা থসা নয়? প। তাহা কেন হইবে; বিবেচনা করিয়া দেখ, তারা যে থসিয়া পড়ে, এ বড় সামানা কথার কথা নয়; কেননা তারা গুলি যত বড়ং তাহা পূর্বেই কহা গিয়াছে; অতএব বিবেচনা কর দেখি, একটি তারা থসিয়া যদি পৃথিবীতে পড়ে, তবে পৃথিবী সৃদ্ধ একে-বারে রসাতল হইয়ায়ায়। এমন বোধ হয়, য়ে য়ায়ৎ পর্যান্ত মহা পুলয়ের দিন না আদিবে, তাবৎ পর্যান্ত তারা কথনো থসিয়া পড়িবে না। ভাল, তেমন আরও কিছু দেথিয়াছ, মনে পড়ে?

নি। হাঁ, দেথিয়াছি বটে, সে কেমন? যেমন আকাশহইতে যেন আগুনের কুন্দো পড়ে, যাহাকে লোকে বলে উল্পাপাত। যে বৎসরে ঐ উল্পাপাত হয়, সে সনে লোকের অন্তঃকরণে বাড় ভয় হয়, কেননা মনে ভাবে যে এ সনে কি অমঙ্গল ঘটিবে? আমি রাত্রিতে আরও এক প্রকার দেথিয়াছি, সে কি ভাহা জান? এই লোকে যাহাকে এলে ভূত বলে, তাহাও দেথিয়াছি, সে কি প্রকার? না, কোনং পথে ঘাটে কিয়া মাতে যেথানে মরা বিল ওলা থাকে, সেই থানেতে সন্ধ্যা পর্যান্ত প্রদীপের মত জলে দেখা যায়; এবং এখান-হইতে ওথানে, আরবার ওথানহইতে সেথানে গিয়া পড়িতেছে। আর মধ্যেই দেগ্ করিয়া জলিতেছে, আরবার ফুক্ করিয়া নিবিত্তেছে, এই ক্পটা সকল রাত্রি করে। সে আরবার সামান্য আপদ্ নয়, তাহার সমুথে গিয়া পড়িলে ভূলাইয়া কোন বিল থালে অথবা থোড়ে জঙ্গলে নিয়া গিয়া কেলে; হেদে শুন, আগেকার গুলা অপেকা এটা আমার বড় ভয়ানক বোধ হয়।

প। তালং তুমি যে ভয়ানক গাহরাইয়াছ লে কিছু বড় আশ্র্যা নয়, ঠাহা দেখিরা আমিও ভয় পাইরাছিলাম; তবে এ এলা কি ইহার কারণ কিছুবলিতে পার?

নি। আমিতো কিছু বলিতে পারি না, তুমি যদি জান তবে বল।

প। তবে খন, ঐ দকলের মূল এক বায়ু বিশেষ; তাৎপর্যা কি, যে আকাশে এবং পৃথিবীতে এক প্রকার অগ্নি বায়ু আছে; তাহার শক্তি এই, যে কোন প্রকার সংযোগ বিশেষ হইবামাত্র দপ্করিয়া অলিয়া উঠে, ইহাতেই আলোহয়।

নি। ভাল, ও কথাটি শ্বনিলাম, কিন্তু একটি কথা জিজ্ঞাসা করি, কেবল বায় বিশেষ মাত্র যদি হইল, ভবে লোককে ভুলাইয়া লইয়া বিলেভে ফেলে কেন? আর কাছে যাইভে লাগিলে দূর হয় কেন?

প। তান, হে ভাই, যেখানেই মরা বিলের ধারে কাদা থাকে, ঐ বায়ু নেই খানেতেই জন্মে, সূতারাণ তাহার কাছে যাইতে লাগিলে পাঁকে পড়িতে হয়। আর দ্র হয় কেন, তাহা ভনিবার যেমন লোক প্রশিদ্ধ একটা বস্তুকে আকাশের বুড়ীর সূতা বলে, সে যখন শূনোতে উড়িয়া আসিতে থাকে, তাহাকে ধরিতে গেলে মানুষের গায়ের বাতাসে দূরহইতে থাকে, এও তেমনি, অর্থাৎ বায়ু িনা আর কিছু নয়; অতএব তাহার নিকটে গেলে মানুষের গায়ের বাতাসে দূর হইয়া পড়ে।

নি। ওহে ভাই, এই সকল বিষয় তোমার বুঝানেতে আমি কৃতকৃত্য হইলাম, এবং এই অবধি আমি আর তাহাতে এত ভীত হইব
না। আর দেখা, তোমার কথাতে আমার এই একটা উপদেশ ও
জন্মিল; যেমন কোন পথিক ব্যক্তি পথ হারাইয়া ভুটিকেমে ঐ
আলেয়ার পশ্চাৎ গমন করিয়া শেষে গিয়া খানার মধ্যে পড়ে,
তেমনি যাহারা ভলিয়া এই অসার সংসারে মনকে আসক্ত করে
তাহারা চির কালের তরে দৃথ্ধে পড়ে।

३३ भारे।

মেঘধনুকের বিবরণ ।

পরমানন্দ। ওহে ভাই, তোমাকে একটা কথা জিজাসা করি, কথনং আকাশেতে মেঘারম্ভ হইলে ধনুকের মত বেঁকা চিত্র বিচিত্র কি উচে, তাহা তুমি দেখিয়া থাকিবা?

নিত্যানন্দ। হাঁ, তাহা দেখিতে বড় চনৎকার বটে; লোকে তাহাকে রামধনুক বলে। আরও বলে, যে ইন্দ্র যথন ধনুকে ছিলা দেন, তথনি সে পুকাশ পায়; পুনশ্চ ধনুকের ছিলা থসাইলে আর দেখা যায় না। এবং আনিও বালক কালাবধি ঐ,কথা চিক জানিয়া আদিতেছিলাম বটে, কিন্তু আর সে কথা আমার বড় একটা মনে লয় না; কেননা আমি দেখিয়াছি, যথন হয় তথন চিক ধনুকের মত হয় বটে, কিন্তু যথন মিলাইয়া যায়, তথন ছিলা থসান ধনুকের মত সোজা না হইয়া কথন অমনি মিলিয়া যায়, কথন বা থগুং হইয়া মিলিয়া যায়। সে যাহা হউক, এ কিসে হয়, আপনি বুঝি এ বিষয় জাত থাকিবেন?

প। হাঁ, তাহা জাত আছি বটে, অতএব এখন তোমাকে জানাইতেছি, শুন। যথন পূর্বে কিম্বা পশ্চিমে মেঘহইতে বিদ্ধুং বৃষ্টি
পড়ে, তখন তাহার বিপরীত দিকে যদি সুর্যোর প্রকাশ হয়, তখন ঐ
বৃষ্টির বিদ্ধুতে সুর্যোর তেজ লাগে, তাহাতেই চিত্র বিচিত্র রঙ্গ ধনুকের মত আকার দেখা যায়। ইহা যদি প্রত্যক্ষ প্রমাণে দেখিতে
চাহ, তবে একটা গ্লাসের পাতে জল ভরিলে তাহার উপরে যদি
সুর্যোর কিরণ লাগে, তবে তেমনই নানা রঙ্গ দেখা যাইবে।

নি। ভালং জুমি যে কথা কহিতেছ, সে প্রমাণ বটে, স্তানিয়া তৃষ্ট হইলাম।

१३ शार्थ।

ঘূর্ণা বাতাদের বিবরণ।

পরমানক। ওহে ভাই নিত্যানক, এখন আর একটা কথা জিজ্ঞানা করি, জুমি এ বিষয় কিছু প্রনিয়াছ, যে যখন লোক পশ্চিম দেশে বড়ং নদীতে নৌকায় গমনাগমন করে, তথন কথনং এমন হয়, যে নদীর উপরে অভিশয় ঘূর্ণা বাতাস পড়ে? সেই বাতাসে নদীর জল শ্ন্য পথে আকাশে উচে। আর ঐ ঘূর্ণার সমুখে যদি নৌকাপড়ে, তবে ঘ্রিভেং একেবারে তলাইয়া যায়।

নিত্যানন্দ। ইশং খনিয়াছি বটে, তাহাকেই বুকি লোকে বলে, লজ তলিতে হাতি নামা। ভাল, ঐ বিষয়ের বিবরণ কিছু বলিতে পার?

প। হাঁ পারি, তাহা বলি। যথন আকাশ মণ্ডলেতে অতিশয় প্রবল বাসাত উপন্থিত হয়, তথন বিপরীত গতিতে দুই নিক্হইতে দুই প্রবল বাতাস বহিতে লাগিলে বাতাসেং পরন্ধর চেকাচেকি ছইয়া দুয়ের বেগেতে জড়াজড়ি হইয়া নাচে পড়ে; তাহাতে ঐ প্রকার বায়ুর ঘূর্ণান হয়, আর যে নাচে পড়ে এ প্রায়ঃ সমূদ্দেতে ও বড়ং নদাভেই পড়ে, কিন্তু কদাচিৎ ডেকাতে পড়ে। যদি ডেকায় পড়ে, তবে লোকের বাটী ঘর হার ও গাছ পালা একেবারে তালিয়া চূর্ণ হইয়া যায়। আর সমূদ্দে যথন পড়ে, তথন জলকে টানিয়া নিয়া আকাশে তোলে। অন্য কথা আর কি বলিব? তাহার সমূথে যদি জাহাজ পড়ে, তথনি সে গরক হয়, এ জন্যে জাহাজের নাবিকেরা ভাহারি আদিবার সমূথে তোপ দাগে; সেই তোপের ধমকে ঐ বাতাদ ছিল্ল ভিন্ন হইয়া পড়ে, তাহাতে কৈছু কতি করিতে পারে না।

३० भारे।

मृष्टिक खांत व्यान्धर्य । खानत विवतन ।

নিত্যানদ। ওহে ভাই, পৃথিবীর ও আকাশের সকল বিবরণ স্থানিয়া বড় আহাদিত হইলাম, এবং ঘাঁহারা এত পরিশুম করিয়া এই সকল বিদ্যা প্রকাশ করিয়াছেন, ভাঁহাদের কাছে কেনা থাকিলাম। আর বিদ্যার যে ওণ তাহাও সবিশেষ অবগত হইলাম। এখন আরও একটি কথা জিজ্ঞাসা করি, মানুষেতে যে সকল চিত্র-কর্মাদি ও শিল্পকর্ম করে, তাহাতেই লোক চমৎকৃত হয়; কিন্তু ইশ্বর যে সকল অভূত কর্ম করিয়াছেন, অর্থাৎ বড়ং, দালানের ভিতর যেমন ঝাড় লগুন সকল টাঙ্গান থাকে, তেমনি শ্নোতে চন্দু তারা ও গুহু সকলকে টাঙ্গাইয়া রাথিয়াছেন। পৃথিবীতে যেং কর্ম করিয়াছেন, এ বিষয় যে প্রায় কেহ মনোযোগ করিয়া দেখে না, ইহার কারণ কি?

প। ওহে, ইহার কারণ বুঝি এই হইতে পারে, যে মানুষে যাহা
পুতি দিন দেখিতে পায়, দে যদি বড় চমৎকারও হয়, তথাপি দেখিতে২ চমৎকার বোধ আর থাকে না। কিন্তু অনুমান করি ইহার মূল
কারণ এই হইতে পারে, যে মানুষের অন্তঃকরণ পাপেতে আসক্ত,
এই প্রযুক্ত ইশ্বরের প্রতি ও তাঁহার কর্মের প্রতি এক বার ফিরিয়া
দেখে না।

নিত্যানন্দ। তুমি যে কথা বলিতেছ, দেই কথাই বাস্তব বটে, আর ঐ পর্যান্ত আমি যে ঐ সকল বিষয়ে অধিক মনোযোগ করি নাই ইহাতে আপনা আপনি দোষ স্বীকার করিতেছি। যাহা হউক এই কলে সেই সকল দেখিবার নিমিত্তে যিনি আমাদের চকু দিয়া-ছেন তাঁহাকে ধনাবাদ করি। আর তিনি যেন এই করেন যে মানুষের কৃত চমৎকারে চমৎকৃত না হইয়া বরঞ্গ তাঁছার কর্মার প্র:ত মনকে ছির রাথি। তবে এখন তাঁছাতে অর্থাৎ ইশ্বরেতে যেথ গুণ আছে, তাহা যৎকিঞ্চিৎ যদি স্তনাইতে পার তবে আরও সম্ভট হই।

প। ওহে ভাই, আমার কি এত শক্তি আছে, যে ইশ্বরের গুণ যথার্থ রূপে শুনাইতে পারি? যে হেতুক তাঁহার গুণের কথা কি পর্যন্ত সেমানুষের বোধ গমা নয়। তবে কি তাঁহার কার্ত্তি সকল দেখিয়া যৎকিঞ্চিৎ অনুমান করা যায়; যেমন কোন সুন্দর অটানিকা দেখিলে বোধ হয়, যে এ অটালিকা অবশা কোন অতিশয় গুণান্ ব্যক্তি নির্মাণ করিয়াছে; তেমনি আকাশ, ও পৃথিবী, ও চক্র সূর্য্যা, তারা, পর্যত্ত, নদী, বৃক্ষ, ডাল, পালা প্রভৃতি তাঁহার অপূর্য সৃষ্টি দেখিলে অবশা অনুমান করা যায়, যে যাঁহার বৃদ্ধির ও শক্তির ও দয়ার সীমা নাই, এমন জগতের আদি কারণ এক জন সৃষ্টিকর্ছা আছেন।

আর বিজ্ঞ লোকেরা সৃষ্টি বিষয়ে নানা অনুসন্ধান করিয়া যে পর্যান্ত জানিতে পারিয়াছেন, ও নানা কর্মের নানা কারণ যেমন নিরুপিত করিয়াছেন, তদনুসারে প্রমাণ দিয়া আসিতেছি; কিন্তু আমাদের মনের মধ্যে যেন এই প্রকার দৃঢ় বোগ থাকে, যে সৃষ্টির মধ্যে যত নিয়ম ও যত কারণ আছে, দে আপনা আপনি হয় নাই, ঐ সকলই ঈশ্বরের স্থাপিত, তিনিই সকলের রাজা; আর রাজ্যেতে প্রজা সকল যেমন রাজার আজ্ঞামতে চলে, তেমনি ঈশ্বর যে বিধি ব্যৱস্থা দিয়াছেন তনুসারে তাবৎ সৃষ্টি চলিতেছে জানিবা। দেথ, ইনি প্রতিশ্বন স্থ্যার উদয় করাইতেছেন, এবং বায়ু বহাইতেছেন, নালিছে জানীয়ার ভাটা থেলাইতেছেন, মেখেতে বৃষ্টি বর্ষাইতেছেন, গালিছতে উপযুক্ত সময়ে ফুল ফল ধারণ করাইতেছেন; আর জীব

মাত্রের প্রতিপালন হয় এমন নানা শাসা ও ঘাস ইত্যাদি উৎপন্ন করাইতেছেন। এই যে সকল তাঁহার আশ্চর্যা কর্ম তাহা আমরা বিবেচনা কেন না করি? যদি কোন মৃত্রাক্তি সজীব হইয়া গাত্রো-খান করে তবে তাহাতে সকলেই চমৎকার বোধ করে; কিন্তু ইশ্বর সকলের গোচরে প্রতিদিন তেমনি চমৎকার কর্ম দেখাইতেছেন, অর্থাৎ ক্ষেত্রেতে বীজ বপন করিলে সেই বীজকে পচাইয়া অস্কুর উচাইয়া সজাব করিতেছেন, পুনর্বার সেই অস্কুরকে ক্ষমেতে গাছ প্রস্তুত্ব করিয়া ফল ফুল ফলাইতেছেন। বল দেখি, ইশ্বর বিনা এ কি আর কাহার শক্তি হয়?

এব॰ তাঁহার দ্যার কথা আর কি বলিব? যদি প্রজাগণে রাজার আজা মানে, তবে রাজা তাহাদের রক্ষণাবেক্ষণ করেন, তাহাতে সকলেই সেই রাজাকে দ্যাশাল করিয়া মানে। ভাল, তবে এখন দেখা, মনুষ্য সকল পরমেশ্বরের আজা লড্রন করিয়া আসিতেছে, ততাপি তিনি দিনে ২ তাহাদের প্রতিপালন করিতেছেন। এব॰ হঠাৎকার তাহাদের পাপের উপযুক্ত শাস্তি না দিরা, ইহকাল পরকাল যাহাতে রক্ষা পায় এমন উপায় দেখাইয়া দিতেছেন। আর তাঁহার দ্ফিতে মনুষ্য যে কি পর্যান্ত ক্ষুত্র, মনের মধ্যে ইহাও যেন একবার বিবেচনা করি। যে হেতুক এই যে ভুমগুল এও ইশ্বরের স্ফির মধ্যে যেন একথানি সরার মও ক্ষুত্র, তবে বল্ব আমরা কোন থানে লাগি: তথালি পরমেশ্বর যে আমাদের মঙ্গলের নিমিত্তে এত যতু করেন, বিবেচনা করিয়া দেখাইহার পর আর বড় চমৎকার কি আছে!

আর এজগতের রাজা সকল আপনার ২ কর্ম চালাইবার জনো
নায়েব পেস্কার দেওয়ান মুচ্চুদী অনেকং চাকর নিযুক্ত করেন, কিন্তু
সর্ব্যাপী সর্বাক্তিমান্ পরমেশ্বর তিনি কাহারও অপেক্ষা করেন
না, আপনার কর্ম আপনি অনায়াসে চালাইতেছেন; তাঁতিরা

যেমন তাঁত বুনিতে বসিয়া অনায়াসে মাকু চালায়, ইশ্বর তেমনি
গুছ নক্ষতাদি সকলকে চালাইতেছেন। আর আমরা এক কালে
কেবল এক বিষয় বিনা অনা বিষয়ে মন রাখিতে পারি না, কিন্তু
তিনি এক সময়ে সকলের উপরে গর্বদা সমান মনোযোগ ও দ্ফি
করিতেছেন।

তিনি অদৃশ্য, অর্থাৎ তাঁহাকে দেখা যায় না; এবং অনাদি, অর্থাৎ তাঁহার আদি নাই; এবং অনন্ত, অর্থাৎ তাঁহার পেষ নাই। আর সকল সময়েতেই এক ভাবে আছেন। পৃথিবীর সকল বস্তুই আজি এক প্রকার, কালি অন্য প্রকার, আর আমাদের বালা যৌবন বার্দ্ধ-ক্যাদি নানা অবস্থা আছে; ইশ্বর তেমন নহেন, তিনি ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমানে সমান ক্রপেই আছেন।

তিনি নির্মাণ, অর্থাৎ তাঁহাতে মলিনতা নাই। মানুষ সকল যেমন কাম ক্রোধ লোভ ইত্যাদি নানা প্রকার কুষভাবে পরিপূর্ণ, ইশ্বরে তাহার লেশও নাই; তিনি দীপ্তির নাায় নির্মাল, পাপ যে বস্তু সে তাঁহার নিগান্ত খৃণিত জানিবা। দেখ, সূর্য্যের দীপ্তিতে যেমন অন্ধকার বিনাশ করে, তেমনি তাঁহার কথাতে মানুষের পাপ আর অজ্ঞানতা খুচিয়া যায়।

আর দেখা, তিনি সর্ব্যাপী, অর্থাৎ সর্বদা সকল ব্যাপিয়া আছেন।
আমরা দুই জন এখন এখানে আছি, কিন্তু তির স্থান ইচ্ছা হইলে
এ স্থান পরিত্যাগ করিয়া সে স্থানে যাই, দুই চাঁইতে এক কালে
থাকিতে পারি না; কিন্তু ইখর তেমন নহেন, তিনি আআরুপে সর্বদা
সর্ব্র আছেন, তাঁহার আসা যাওয়া নাই। সূর্য্যের উদয়েতে যেমন
আলো সর্ব্যানে লাগে, সেই পুকার ইখর সর্ব্র ব্যাপিয়া আছেন,
কিন্তু কাহাতেও লিপ্ত নহেন, অর্থাৎ মিশুত হন না; যেমন লোহা
আধনে তাতাইলে ঐ লোহার সর্বাব্য়র ব্যাপিয়া আন্তন খাকে,

তথাপি লোহাতে আন্তন মিশ্রিত হয় না, তেমনি পরমেশ্বর কোন বস্তুতে মিলিত হয়েন না।

তিনি সর্বজ্ঞ, অর্থাৎ সকল জানেন; কেননা সর্ব্বাণী যিনি তিনি অবশা সর্ব্বা সকল দেখিতে পান; যেমন সূর্য্যের আলোকে সকল বস্তু প্রকাশ পায়, তেমনি দিবা রাত্রি সর্ব্ হ্রুণে তাবৎ বস্তুই পর-মেশ্বরের গোচরে দেদীপামান রূপে প্রকাশ পাইতেছে। দেখ, আমাদের অতি প্রস্তু যে মনের চিন্তা, তাহা ও তিনি সৃদর জ্ঞাত আছেন। আর আমরা আজি যাহা অভ্যাস করিলাম, কালি তাহা ভূলি, এব কালি কি হইবে তাহার কিছুই জানি না; কিন্তু কিছিল, ও কি হইতেছে, এব কি হইবে, এই প্রকার ভৃত, ভবিষাৎ, বর্ত্তমান সকলই সর্ব্বদা সমূর্ণরূপে ইশ্বর জ্ঞাত আছেন, তাঁহার কাছে কিছু ছাপা নাই। আর স্ফ্রির দারা তাঁহার যে মহিমা প্রক্রমণাই-তেছে, তাহাও আমরা দেখিতে পাইতেছি; কিন্তু তাঁহার নিজের মাহাম্যা যে কত দূর, কাহার সাধা আছে, যে সে সকল বলে। তবে কি না, তিনি আনাদের স্থি প্রতিপালন শাসনকর্ত্তা, অতএব জাঁহার আজ্ঞা মানিয়া সর্ব্বনা সকলে তাঁহার প্রশংশা ও গৌরর যেন করি।

३ ९ शार्थ।

চুম্বক পাতর আর কোম্পাশের বিবরণ।

নিত্যানন্দ। ওহে ভাই, চুম্বক পাতর নামে যে এক প্রকার পাতর আছে আমি শ্বনিয়াছি, তাহার নাকি বড় চমৎকার গুণ? সে বিষ-য়ের কিছু যদি জান, তবে অনুগুহ করিয়া বল।

পরমানদ। হাঁহে ভাই, ঐ পাংরের গুণ যে বড় চমৎকৃত স্থান-য়াছ, দে সন্তাই বটে; অত ধব সে কথা কিছু বলি, শুন। সে পাত্র

যদি কোন লৌহের কিয়া ইল্লাভের নিকট থাকে, তবে নিজ শক্তিতে সেই লৌহ এব° ইল্লাতকে আপনার দিকে টানিয়া আনে, প্নর্বার তাহা ছাড়াইতে গেলে বল না দিলে সহজে ছাড়ে না। আর সমানং ভৌলের চুম্বক পাতর যে কেবল সমান ভৌলের লোহাকে কিয়া ইল্পাডকে টানে এমন নয়, ফলতঃ এক সের ভৌলের চুয়ক পাড়া দশ সের তৌলের লোহাকে আকর্ষণ করিয়া থাকে। চুম্বক প: **চর** আর লোহা এই দুইর মধ্যে যদি আর কোন দুব্য ব্যবধান থাকে, তথাপি চুম্বক পাতর লোহাকে টানে। এই চুম্বকের আর এক টুকি ধ্রণের কথা বলি, চুম্বকের নিকটে লোহা থাকিলে সে অবশ্য চুম্বকের কিছু শক্তি গুহণ করে, কিন্তু চমৎকার এই, যে ডাহার শক্তি কিছু কমে না। যে প্রকারে লোহাতে চুম্বকের ওন হরণ করে, সে প্রকারটি জানা বড় দুর্ঘট। আর চুম্বক মণিতে লোহা ঘষিলে সেই লোহাতে অন্য লোহাকে চুম্বক মণির তুল্য আকর্ষণ করে। চুম্বকের নিজের শক্তি যে লোহার মধ্যে প্রবেশ করে, ইহাতেই লোকদের আরও বড় উপকার দেখে; যে হেতৃক আদল চুম্বক পাতর সে বড় দুর্লভ সামগ্রী। কিন্তু ঐ পাতরের একটি বিশেষ আশ্চর্যা গুণ এই, যে সে সর্দা উত্তর দক্ষিণে আগা পাছা হইয়া থাকে, আর তাহাতে অষা এক টুকরা লোহার শলার মধ্য থানে ছিড করিয়া যদি আর একটা শলার আগায় বিধিয়া রাথা যায়, আর সে ঘূরিতে পারে, তবে সেও সর্বদা ঐ চুম্বকের মত উত্তর দক্ষিণ দিকে আগা পাছা হুইয়া থাকে। উত্তর দক্ষিণে আগা পাছা হুইয়া থাকা তাহার এমন জ্ঞটল গুণ, যে দক্ষিণের মূখ কথনও উত্তরে থাকে না, ও উত্তরের মুধ কথনও দক্ষিণে থাকে না। আর চুম্বক মণিতে যত ওপ আছে তাহার মধ্যে অনাথ গুণ অপেক্ষায় উত্তর দক্ষিণে মুখ করিয়া থাকা এই যে গুণ, ইহাতে লোকের বড় প্রয়োজন ; যে হেতুক অকুশ

পাঁথার সমুত্রেতে যেথানে দিক্ নিরপণ করা যায় না, এমন চাঁইতে নাবিকেরা কোফ্লাশ বানাইয়া চুম্বকের ঐ গুণছারা দিক্ নিশয় করিয়া এই ভূমগুল বেইটন করিয়া জাহাজ চালাইতে পারে।

নি। ভাল, ডবে ঐ কোষ্ণাশের গড়ন কেমন, তাহা বল।

প। তবে বলি। একটা কাগজের উপরে মণ্ডলাক।র করিয়া একটা গোল দাগ দিতে হয়, ভাছাতে সমান রূপে বত্রিশ ভাগ করিয়া রেথার দারা সকল দিগিদিক্ উপদিক্ জানাইতে হয় ; সেই কাগজের ঠিক মধ্য থানে একটা লোহার শলাউচ্চ করিয়া বিঁধিতে হয়, দেই শলার মাতায় সূচির আকার চুম্বক পাতরে ঘষা আর একটা লোহার শলার মধাথানে ছিত্র করিয়া ঘ্রিতে পারে এমনি করিয়া বিধিয়া রাখিতে হয়। বিধিয়া ছাড়িয়া দিলে ঐ কোম্লাশ যে নিকে ইন্ছা সেই দিকে রাথ, কিন্তু ঐ চুম্বকে হয়া আগা সর্বুদা উত্তর मितक शांकित्व। (मथा, এই क्राल यमि अक मितकत किकाना शांकिन, স্তরা তবে অনায়াসে আর সকল দিক্ নিশ্চয় করা যায়। প্রত্যেক জাহাজেতে বড়ুহ একহ কোম্লাশ থাকে, নাবিকেরা যথন কোন থানে জাহাজ চালাইবার জনো নিতান্ত ছির করে, তথন ঐ কোফ্লাশেতে দিক্ নিরূপণ করিয়া তাহারা দিবা রাত্রি অকূল সমুদ্র মধ্যে হাজারং ক্রোপ পর পর্যান্ত চলিয়া গিয়া যেথানে যাইবার সেই থানে গিয়া উপস্থিত হয়। এই চুম্বক পাতর যদি প্রকাশ না পাইত, তবে পৃথি-বীর এক ভাগের লোকেরা গিয়া অনা ভাগের লোকদের সঙ্গে সওদানরা করিতেছেন ইহাতে লোকের যত উপকার হয়, প্রায় ইহার সম্বন্ধও থাকিত না।

নি । ও হে ভাই, এই যে প্রকরণটি বলিলা এ বড় চমৎকার বটে। দেখ, ইম্বরের সৃষ্টি কিবা আশ্চর্যা! যে হেঁতুক সৃষ্টির মধ্যে অতি ক্ষুত্র বস্তু যে এক টুকি পাতর তাহাহইতেও লোকের সমূহ উপকার জয়ে। আরও দেখ, ইশ্বর মনুষ্যকে কি পর্যান্ত বুদ্ধি ও সাহস দিয়াছেন, যে বড়ং গড়ের তুলা জাহাজ গুলা বানা-ইয়া অকূল পাঁথার অথচ মহাগভীর ও অড় তুফানে অভিশয় চঞ্চল এমন যে অভিশয় ভয়ানক সমুদ্র, তাহার উপরে কিবারাত্রি কিবা দিন নিরুদ্বেগে ঐ জাহাজ চালাইয়া পৃথিবী মণ্ডলটা বেইনে করিয়া আসিতেছে। ভাল, তবে এই চুম্বক পাতরের এই সকল আশ্চর্যা গুণ আছে, তাহার কারণ কি কিছু বলিতে পার?

প। চুম্বক মণিতে ঐ সকল আশ্চর্যা গুণ যে কোথাহইতে হই-য়াছে তাহার আদল কারণ জানিবার জনো বড়ং জ্ঞানি লোকেরা অনেক যতু করিয়াছিলেন, কিন্তু অদ্যাবধি অনুভব করিয়া কেছ কিছু বাহির করিতে পারেন নাই। অতএব আরও এই এক থানি কৌতুক দেখ, মান্ষেরা এমত বৃদ্ধিবান্ বটেন, তথাপি ঐ একটি পাতরের গুণ শত্থ বৎসর পর্যান্ত অনুসন্ধান করিয়াও তাহার যথার্থ সন্ধান পাইতে পারেন নাই। ঐ চুম্বক মণিসকলের আগে রোমাণ-मत कारक शुकाम शाहेशाहिल, अव शिमुझानोरशताउ अरनक দিন জানিয়াছিল; কিন্তু তাহার দক্ষিণ উত্তর মূখ হইয়া থাকা এ ন্তুণ কেহ টের পায় নাই, ঐ গুণ কেবল গত পাঁচ শত বৎসরের মধ্যে প্রকাশ পাইয়াছে। সাড়ে পাঁচ শত বৎসর হইল মার্কো-পোলা নামে এক ব্যক্তি চাম দেশে গিয়াছিল, সেই খানেতে চুম্বক যন্ত্র দেখিয়া সেই স্থানহইতে চুম্বক মণি ইউরপে আনিয়াছিল; এই কুপ কথা লোকে জনরব করে, কিন্তু তাহার প্রমাণ পাওয়া যায় না; যে হেতুক চীন দেশের লোকেরা ইউরপের লোকদের চাঁই নে বিদ্যা শিথিয়াছে, কিয়া ইউরপের লোকেরা চীন নেশের ्लाकरमत गैंहि मिथिशास्त्र, এই दिवाम खाजन পर्यां उट्हेगा चानिएए ।

३० शार्छ।

ছাপাকর্ম জন্মিবার বিবরণ।

নিত্যানন্দ। ওহে ভাই পরমানন্দ, একটা কথা জিজাসা করি
কিং এখন যে নানা স্থানে পাঠশালা স্থাপন হইতেছে, ঐ সকল
পাঠশালাতে অনেক অতি সুন্দরং ছাপার বহি দেখিতে পাই,
আর দিনেং নানা ভাষার নানা বহি জন্মিতেছে, ও তাহাতে
বিদ্যার পথ অতি সুণম হইয়া উচিতেছে; এতো অতি সুলক্ষণবটে,
কিন্ধু এ দেশে পূর্বে এমন ছিল না; অতএব এই যে ছাপা বিদ্যা এ
অতি আশ্চর্যা বিদ্যা, ইহার জন্মের বিবরণ কিছু শুনিতৈ বাঞ্ছা করি,
যদি অনুগৃহ করিয়া বল, তবে শুনি।

প। ভাল, তবে এই ছাপাকমের উৎপত্তির কথা বলি, মনোযোগ কর। অনুমান হয় টোদ শত ত্রিশ শালে হলাণ্ড দেশের
অন্তঃপাতি হারলেম নাম নগরে লারেনসীয়দ নামে এক ব্যক্তি
থেলা করিতেং একটা গাছের গায়ে অক্ষর ক্ষুদিয়া তাহাতে কালি
দিয়া কাগজ ছাপা তুলিলেক, তাহাতে ঐ পুকার অবিকল অক্ষর
উচিল; ইহাতে কিছু ভরদা পাইয়া কাণ্ডেতে অক্ষর ক্ষুদিয়া
ছাপাইতে লাগিল। তাহার পর স্বতন্ত্রং কাণ্ডেতে ভিন্নং একং ছোট
অক্ষর ক্ষুদিয়া পুস্তুত করিতে লাগিল, এবং ঐ দকল অক্ষর দারিং
বসাইয়া পুস্তুত্ত ছাপাইতে আরম্ভ করিল। এই ছাপা কর্মের পুথম
দূর জানিবা। কিন্তু তিনি যে ঐ পুকারে কার্ড ক্ষুদিয়া অক্ষর
করিয়া এক পুস্তুক ছাপাইয়াছিলেন, তাহাতে এত কাল বিলম্ভ
ছইয়াছিল, যে এক পুস্তুক ছাপাইয়া সমাপ্ত করিতে তাঁহার ছয়
দাত বৎসর গিয়াছিল। প্রথমে ঐ প্রথম দূরের বার্র বৎসর
পরে অর্থাৎ চৌদ শত বেয়ান্নিশ শালেতে ঐ ছাপা ঘরে ফ্রীন্

নামে এক ব্যক্তি সে এক পুষ্ট অক্ষর, আর তাহারি সাজ সরজ্ঞাম এক প্রন্ত যেথ লাগিবে, তাহা লইয়া গিয়া মেনু নামে এক নগরে উপন্থিত হইল, আর সেই থানে গিয়া এক ছাপাথানা বসাইল। তাহার বৎসর দুই তিন বাদে দেখিল, যে কাণ্ঠেতে ক্লোদ। অকর অলু দিনের মধ্যে করু হইয়া যায়, অর্থাৎ ছাপিতেৎ অকর ভাল উঠে না, এই বিবেচনাতে সীসার উপরে অক্ষর ক্ষুদিতে আরম্ভ করিল, ঐ কর্মের দিতীয় সম্কার এই হইল। আরবার তাহারি পোনের বৎসর পরে, অর্থাৎ চৌদ শত সাতার শালে, তথাকার শেফর নামে ঐ ফফ্টসের সঙ্গে এক পরামর্শ হইযা ঢালি-বার উপায় সৃষ্টি করিয়া অক্ষর ঢালিতে লাগিল; তাহাতে দোলতে পাইল, যে অঞ্চর ক্লোদা অপেকায় ঢালাতে অতি সুগম হয়, বড় কাল বিলম্ব হয় না। সে অক্ষর ঢালিবার উপায় কি করিয়াছিল, তাহা স্তন। পুথমে ইল্লাডের উাটি করিয়া তাহারি এক মুথে অন্ত দিয়া অক্ষর ক্ষুদিয়াছিল; তাহাকে বলে ছেনি। তাহার পর তামার সিঁড়ী বানাইয়া তাহার উপরে সেই ছেনি বসাইয়া দিয়া অক্ষরের ছাঁচ পুস্তুত করিল। আর তাহাতে দীদা গলাইয়া দিয়া যত অক্ষর মনে করিত ততই তুলিতে লাগিল, এই জানিবা সেই কর্মের ভৃতীয় সংস্কার। তাহার পর বিবেচনা করিয়াথ দেখিল, সীসা যে ধাতৃ এ কিছু ন্রম, অতএব সীসার সঙ্গে সূরমা মিশাইয়া **তাহাকে কিছু শক্ত ক**রিয়া দিল।

ঐ ছাপাকর্মের পূথম সূত্রের বৃত্তিশ বৎসর পরে, অর্থাৎ চৌদ্দ শত বাষটি শালে, জর্মণি দেশের এক রাজা আসিয়া ঐ নগর অধি-কার করিয়াছিলেন। সেই সময়েতে ঐ ছাপাথানায় যত লোক ছিল, এবং ছালার যত সাজ সরস্কাম ছিল, সে সকল নানা স্থানে ছড়াইয়া পড়িল; তাহাতে নানা দেশে ছাপা বিদ্যা প্রকাশ হইয়া উচিল।

করক বৎসরের পরে ইউরপের ভাবৎ প্রধান্থ নগরে ছাপাথানা বদিল, কিন্তু এই ছাপাকর্মের প্রথম সৃষ্টি হলও দেশেতে হইয়া-ছিল, তৎপুযুক্ত ঐ কর্মের পথ দেখানের যে সমুম সে হলগুরু-দের থাকিল৷ আর এই যে ছাপাকর্মএ মানুষের অভিশয় হিতকারী বটে, কেননা ছাপাকর্মের স্ফির পূর্বে কোন পণ্ডিত যদি কোন গুস্থ রচনা করিতেন, তাহা হাতে লেখা ছাড়া সর্বত্র প্রকাশ হইবার আর কোন উপায় ছিল না; সুতরা এক দেশের বিদ্যা জন্য দেশের লো-কদের কাছে প্রকাশ পাইত না। পূর্বে ইউরপেতেও ঐ প্রকার ছিল, তাব্বাতে দেশের লোকেরাও প্রায় অন্তকারের মধ্যে ভূবিয়া ছিল; । বস্তু ছাপায়ন্ত্রের সৃষ্টি হইলে পর দিনেথ নানা প্রকার বিদ্যার গুছ সকল সৃষ্টি হইতে লাগিল, তাহাতে এই হইল, যে পূর্বেডে যেমন ছোর অন্ধকারের মধ্যে ডুবিয়াছিল, তেমনি বিদ্যার আলো-কেতে সকল দেশ একেবারে আলোময় হইয়া গোল; অভএব বলি, এই যে ছাপাকর্ম এ মানুষের অতান্ত উপকারী বটে। কিন্ত যেমন উপকারী মানুষের নিজের দোষে তেমনি অপকারীও হইতে পারে; যে হেতৃক উত্তমং বহি ছাপান গেলে তাহা পড়িয়া লোক-দের যেমন দুমতি হয়, তেমনি অপকৃষ্ট বহি ছাপা গেলে ভাছা পাঠ করিয়া মতি মন্দ হয়; তাহার দৃষ্টান্ত দেখ, যেমন এক মুখেতে मम्शरमण मिया উত্তম शर्थ উঠান যায়, এবং কুমন্ত্রণা দিয়া অধম পথে নামান যায়, এও তাহারি মত জানিবা।